ঈশ্বতত্ত্বের বর্ণনা

ধন্যবাদ, ভাই কার্লসন। আর প্রভুর সেবাকারী সকল ভ্রাতা এবং ভগিনীকে আমার অভিনন্দন। এটা...আমি কেবল উঠে পড়তে কখনও কখনও একটু অনাগ্রহী অনুভব করি, যখন আমি এত অদ্ভুত সাক্ষ্যগুলো এবং ঐ সব জিনিস শ্রবন করতে থাকি, যেমন আজ সকালে আমি সেগুলো শুনছিলাম। আর তারপর, কষ্টভোগ এবং নির্যাতনের এক সহনাগরিক হওয়ায়, যেমন আমাদের ব্যাপটিস্ট ভাই এবং বোনেরা যেসবের মধ্য দিয়ে গিয়েছেন; শুরুতে একজন—একজন ব্যাপটিস্ট হওয়ায়, আমি নিজে, একজন মিশনারি ব্যাপটিস্ট ছিলাম, আর—আর এটা জেনে যে এর অর্থ কি যখন আপনার লোকেরা...

2 আমিও এসবের মধ্যে দিয়ে গিয়েছি। আমার নিজের লোকেরা আমায় প্রত্যাখ্যান করে দিয়েছিলেন, আর তারা ভেবেছিলেন যে তারা আমায় দূরে পাঠিয়ে দেবেন কারন আমি পাগল হয়ে গিয়েছি। আর আমি পেলাম, আর স্বাভাবিকভাবেই কিছুটা ঘুড়িয়ে বলবার মত করে বলতাম, "যদি আমি পাগল হয়ে থাকি, তবে আমায় কেবল একা ছেড়ে দিন, কারন আমার সুস্থ মস্তিষ্কে আমি যেমন ছিলাম, তাঁর চেয়ে বরং এইভাবেই আমি অধিক খুশি আছি।" তাই এই ধরনের একটি ছোট দর্শন আমি ধরে থাকি, আমার নিজের দর্শন। আর—আর আমি এইভাবে থাকার এই—এই সময়কে নিশ্চিতভাবেই উপভোগ করে চলেছি।

3 আর এখানে উপস্থিত চার্চ অফ ক্রাইস্টের ভাইদের ছোট দল, অথবা ক্যাম্পবেলাইট, যেমন আমরা স্বাভাবিকভাবেই এটি এভাবে উল্লেখ করে থাকি। আর আমার মনে পরে যখন আমরা প্রারম্ভে শুরু করেছিলাম তখন ওনারা সভাগুলোর বিরুদ্ধে কঠোর আঘাতকারী ছিলেন। কিন্তু, আপনারা জানেন, আমাদের কাছে একবার পৌল নামের ঠিক এরকমই এক ব্যক্তি ছিলেন, আর তিনি আমাদেরই মত একজন হয়ে গিয়েছিলেন। সুতরাং, ওটা সত্য। আমি মনে করি তারা স্বাভাবিকভাবেই যে বিষয়টির অন্বেষণ করছিল তা হল সেই জীবন যা আপনি যাপন করছেন। আপনারা জানেন, আমার কাছে, যে কোন সময়, একটি প্রচার করার থেকেও উত্তম বিষয় হল একটি বার্তাকে জীবনে যাপন করে দেখানো। আমি...

4 কিছু সময় আগে, এক মহান সেবক, উত্তম সম্পূর্ণ-সুসমাচার বা ফুল গোস্পেল ব্যক্তি, আপনারা সকলে—সকলে তাকে চেনেন, আমার অনুমান, সম্মানীয় বুথ-ক্লিব্বর্ণ, যিনি সাতটি বিভিন্ন ভাষায় বার্তা প্রচার করেন। তিনি বেশ বুদ্ধিমান ব্যক্তি। আর আমি...তিনি এক বড় বুদ্ধিমান ব্যক্তি। আর আমরা একবার একসাথে যাচ্ছিলাম, উনি আর ভাই মুর এবং আমি, আর আমরা কোন বিষয়ের ওপর আলোচনা করছিলাম। আর আমি তাঁর ঠিক বিরোধীপক্ষে ছিলাম, আর উনি আমার চারদিকে তাকালেন। তিনি বললেন, "আপনি আপনার বাইবেল সম্বন্ধে কিছু জানেন না।" আপনারা জানেন যে কিভাবে ভাই বুথ এই কথাটি বলতে পারেন।

5 আমি বললাম, "ওটা ঠিক, ভাই বুথ, কিন্তু আমি এর লেখককে ভালো মত জানি।" তাই, তাই আমি—আমি চাই...আপনারা জানেন, তাঁর বাক্যকে জানা

জীবন নয়, কিন্তু, "তাকে জানা হল জীবন।" ওটা ঠিক। বুঝলেন? আমি তাঁর বাক্য জানি কি না; আমি যদি কেবল তাকে জানি! আর সেটা নিশ্চিতরূপেই সত্য।

6 এই সকালে, আমি, এখানে সেবকদের এই উত্তম সহভাগিতায়, সবার সাথে হাত মেলাচ্ছিলাম। আর এখানে নীচে বসে থেকে সেখানে এটা...আমি কাউকে বড় করতে চাইছি না। কিন্তু এই কালো ব্যক্তিটি, ভাইটি, এখানে এলেন আর ওখানে বসে পড়লেন। আমি এখানে আমার সচিবকে বললাম, "এখানে এক প্রকৃত খ্রিষ্টান আছেন।"

7 আপনি আমায় মনে করিয়ে দিচ্ছিলেন বৃদ্ধ স্মিথের কথা যিনি আমার বিশ্বাস, চার্চ অফ গড ইন ক্রাইস্ট এর সদস্য ছিলেন। আমি তাদের জন্য ওখানে নীচে অনেক প্রচার করতাম আর—আর আমি কেবল তাদের এখনও যেন দেখতে পারি। উনি সেখানে সেই ভাইয়ের মত দেখতে ছিলেন, কেবল তাঁর কিছুটা পাকা গোঁফ ছিল। আমি পেছনের দরজায় আসতাম আর আমি সেই বৃদ্ধ ব্যক্তিটির অভিব্যক্তি কখনই ভুলবো না যিনি বলতেন; ওপরে তাকাও, আর সমস্ত সাধুগন গান করতে শুরু করে দিত, আপনারা জানেন। আর একটি ছোট মেয়ে ছিল যে সেই কোনায় থাকতো। আমার প্রিয় গান ছিল *তাকে ঊর্ধে ওঠাও*। তারা সবাই হাততালি দিত, পেন্টিকোস্টালদের মতো, আপনারা জানেন, *তাকে ঊর্ধে ওঠাও*। তারা আমায় ভালবাসত আর আমিও তাদের ভালবাসতাম। আর যখন আমরা ভেতরে হেঁটে যেতাম...তিনি ওখানে বসতেন, তাঁর মাথাটি এভাবে, টেবিলের ওপরে রেখে, আর কেবল তাদের দেখতেন, আপনারা জানেন। তিনি বলতেন, "প্রাচীনেরা, ভেতরে আসুন। আপনাদের টুপিকে বিশ্রাম দিন। আপনাদের টুপিকে বিশ্রাম দিন।"

8 ভাই এখানে আছেন; আর তারপর, আমি জানতে পারলাম যে আমার প্রিয় সুসমাচার গায়িকাদের মধ্যে একজন হলেন ওনার স্ত্রী উনিও এখানে আছেন। আর আমি যতোটা পারি আমি সমস্ত রকম ইশারা করে দিয়েছি, যেন ওনাকে গান গাওয়াতে পারি। আর, তিনি, বললেন যেন তাকে ওপরে ডাকা না হয়, আর আমি জানি এর অর্থ কি। কিন্তু আমি ব্যক্তিগতভাবে আমন্ত্রন জানাতে চলেছি, যদি আপনি পারেন, এখানে আসুন আর গান করুন।

9 আচ্ছা, এখন আপনিই কি সেই ভগিনী যিনি খ্রিষ্টান ব্যবসায়ীদের সভায় এক সকালে গেয়েছিলেন—গেয়েছিলেন, *জাহাজ হোই*, গানটি? [ভগিনীটি বলেন, "হ্যাঁ মহাশয়, হ্যাঁ।"—সম্পা] আমি আশা করি এই সপ্তাহে আমার স্ত্রী উঠে আসতে পারবে, আর আমি চাইব সে যেন আপনার গান শোনে, কারন আমি আপনার অনেক বড়াই করেছি। আর আপনারা যদি টেপে এটা শুনতে ব্যর্থ হয়ে যান, তাহলে আমরা এটার জন্য ব্যবস্থা করতে চলেছি। আমি সেই উত্তম সঙ্গীত শুনতে ভালোবাসি।

10 আর, আমি লোকদেরকে বলতাম, আমি—আমি কখনই গাই গাইতে পারতাম না। ওহ, আমার, আমি এর থেকে লক্ষ লক্ষ মাইল দূরে ছিলাম। কিন্তু আমি বলতাম, "যদি আপনি কখনও স্বর্গে এবং আপনার বড় প্রাসাদে থাকেন, আপনারা জানেন, উপরে ওখানে," আমি বলতাম, "দূরে পাহাড়ের ঠিক নীচে, জঙ্গলের ঠিক পেছনে ঠিক ওখানে, একটি ছোট কুটির স্থাপিত আছে। ওটা আমার হবে। আর কোন এক সকালে যখন আপনি সেই বারান্দা দিয়ে হেঁটে যাবেন আর কাউকে সেখানে দাঁড়িয়ে এই গানটি গাইতে শুনবেন 'আশ্চর্য অনুগ্রহ! কত মিষ্ট

সেই স্বর, আমার মত এক অধমকে উদ্ধার করলেন!’ আপনি বলবেন, ‘ঈশ্বরের প্রশংসা হোক! বৃদ্ধ ভাই ব্রানহাম অবশেষে পেরেছেন।’” আমি সেখানে শুনতে থাকবো, গান গাইবার চেষ্টা করতে থাকবো।

11 আমার খ্রিষ্টীয় ভ্রাতাগনের প্রতি, আর...আমি বিশ্বাস করি একজন ভাই ওনাকে এই সকালে, আমাদের সাথে পরিচয় করিয়ে দিয়েছিলেন, একজন বৌদ্ধধর্মের প্রচারকরূপে, ঐ ওখানে। আপনাকে অভিনন্দন, আমার মুল্যবান বন্ধু। আর আমার তাদের সাথে অনেক অভিজ্ঞতা আছে, খুব বেশী নয়, কিন্তু তবুও কিছুটা বৌদ্ধধর্মাবলম্বী লোকদের সাথে অভিজ্ঞতা আছে; বিশেষ করে কানাডাতে, চিন দেশীয় লোকদের মধ্যে, আর আমি তাদের পেয়েছি খুবই প্রেমি এবং মিষ্ট স্বভাবের লোকরূপে।

12 আমি স্মরন করতে পারি বুদ্ধ মন্দির থেকে এক ছোট বৌদ্ধধর্মাবলম্বী ব্যক্তি, উইনিপেগ সভায় এসেছিলেন, আর তিনি অন্ধ ছিলেন। উনারা খুব ছোট আকারের, মিষ্ট লোক, আর তারা নিশ্চিতভাবেই বিশ্বাস করতেন যে ঈশ্বর হলেন আরগ্যদাতা। আর যখন তাঁর জন্য প্রার্থনা হচ্ছিল, আর উনি বার বার পুনরাবৃত্তি করছিলেন, তিনি ঈশ্বরকে কতটা ভালোবাসেন, আর হঠাৎই তাঁর চোখ খুলে যায়, সেই...আর এটা এক—এক এতটাই আশ্চর্য বিষয়। তাই, আমরা—আমরা প্রত্যেক মানুষ এবং প্রত্যেক ব্যক্তিকেই সমাদর করি।

13 এখন, আমি শিকাগোতে, এর আগে, কিছু বলতে চেষ্টা করবার, এরকম সুযোগ পাইনি...যা, আমি কোন বিশেষ বার্তা দেবার চেষ্টা করবো না, কারন এখানে যে সেবকেরা আছেন তারা আমার থেকে অনেক বেশী সমর্থ, বার্তা দেবার জন্য। কিন্তু, মোটের ওপর, আপনারা এখানে বার্তা শুনবার জন্য আসেন নি। কিন্তু আমি ভাবলাম যে এটা এক মহান মহিমাময় সময় হবে যে আমি শিকাগোর সেবকদের সাথে সাক্ষাৎ করতে পারবো, এখানে এই জেলায়, আর তাদের সাথে আরও পরিচিত হতে পারবো, আর আমরা একে ওপরের সাথে আরও পরিচিত হতে পারবো। আর আমি নিশ্চিতরূপেই ঈশ্বরকে এই সুযোগ দেবার জন্য ধন্যবাদ দিই। কারন, এই শহরে আমি অনেক বার এসেছি, একটি মণ্ডলীর উদ্যোগে, খ্রিস্টিয়ান ব্যবসায়ীদের উদ্যোগে; সুতরাং, ভ্রাতাদের সমিতির কাছে নিজেকে প্রকাশ করবার সুযোগ পাই নি।

14 আর—আর তারপর আমি ভাবলাম, এরকম এক সেবাকাজের পেছনে সর্বদাই অনেক ব্যাপার থাকে যেগুলো অনুসরন করতে থাকে, ভেতরে এবং বাইরে, এবং উত্থান এবং পতন, শেষে কারও পক্ষে খুব সহজেই মনে এক খারাপ ছাপ পরে যায়। আর আমি এই পরবর্তী কিছু মিনিট নিতে চাইব বর্ণনা করতে আর—আর আমার ভাইদের কাছে এটা পরিষ্কার করে দিতে, যতোটা আমি জানি এটা পরিষ্কার করে দেওয়া যেতে পারে।

15 আর আমি—আমি অপর্যাপ্ত এবং শিক্ষিত লোকদের মধ্যে যা বোধগম্য মনে হবে এরকম একটি—একটি কথা রাখবার জন্য সম্ভবত অসমর্থ। আমার কাছে কোন শিক্ষা নেই, আর আমার ওটার অভাব আছে। কিন্তু আমি...প্রভুকে ভালোবাসি। আর প্রভু আমায়, সম্ভবত, আত্মা জেতার অন্য পদ্ধতি দিয়েছেন, এক স্বর্গীয় দানের দ্বারা, যেন এটা সেই ফাকা জায়গাটি পুরন করে দিতে পারে যা আমার বাবা মা আমায় দিতে অসমর্থ ছিলেন, শিক্ষাকে। আমি এক দরিদ্র পরিবার থেকে এসেছি, আর দশ জন বাচ্চা ছিলাম, আর এক অসুস্থ পিতা ছিলেন, আর

আমি শিক্ষা গ্রহনের সুযোগটি পাই নি। সুতরাং তারপর, কিন্তু, জন্মের সময়, কিছু একটা ব্যাপার সেখানে ঘটেছিল...ঈশ্বরের সাথে এক অভিজ্ঞতা, আমার বাবা এবং মায়ের। আর আপনারা আমার কাহিনী পড়েছেন। আর, সেটা দ্বারা, ভাই আপনাদের সাথে, আমি পাপিদেরকে খ্রিষ্টের প্রতি ফেরাতে, আমার অংশ রাখবার চেষ্টা করি। আর এখন আমি...

16 আমি অন্ধবিশ্বাসী নই। কিন্তু আমি সবসময়, বাক্য খুলবার আগে, আমি একটু এর লেখকের সাথে কথা বলতে পছন্দ করি। আর আমরা কি আবার কিছু মিনিটের জন্য আমাদের মাথা নত করতে পারি।

17 আমাদের মুল্যবান পিতা, আপনি আমাদের ঈশ্বর, আর আমরা সুসমাচারের জন্য আপনার কাছে আসছি। আমি এখানে আপনার সন্তানদের, আপনার পালকদের, একই রকম মুল্যবান বিশ্বাসে পূর্ণ ভাইদের সামনে দাঁড়িয়ে আছি। আর এটা আমার হৃদয়কে কতটা শিহরিত করে দেয় যখন এই লোকদেরকে শুনি যাদেরকে ভুল বোঝা হয়ে থাকে, এবং প্রতিষ্ঠানগুলোতে প্রেরিত হয়েছেন, ঈশ্বরের রাজ্যের জন্য; দেখি যে কিভাবে এই অন্তিম দিনে আপনি আপনার সন্তানদেরকে ডেকে আনছেন।

18 আর আমরা প্রকৃতরূপেই বিশ্বাস করি, পিতা, যে আমরা দৌড়ের একদম অন্তে বাস করছি। ভাববাদী যেমন বলেছেন, "সন্ধ্যাকালে দীপ্তি হইবে।" আর এটা বিশ্বাস করে যে আমরাই হলাম সেই মহা দীপ্তির সংবাদবাহক যা, আপনার অনুগ্রহের দ্বারা, আপনি আমাদের অনুমতি দিয়েছেন তা পূর্ণ করে পৃথিবীর প্রান্ত পর্যন্ত নিয়ে যাবার জন্য, যেখানে এই পুনরজাগরন গিয়েছে।

19 আর আমি প্রার্থনা করি, পিতা, যে, আমার হৃদয় থেকে, আপনি আমায় আমার ভাইদের কাছে বর্ণনা করতে দিবেন, এই সকালে, আপনার প্রতি আমার উদ্দেশ্য এবং লক্ষ্যকে, যেন তারা বুঝতে পারেন। এটি গ্রাহ্য করুন, যেন আমরা সিদ্ধ প্রেম, এবং সহভাগিতা, এবং সহযোগিতা পেতে পারি, সুসমাচারের সমস্ত কাজে। কারন এটি আমরা যীশুর নামে চাইছি, যিনি প্রার্থনা করেছিলেন যেন আমরা সকলে এক হই, যেমন তিনি এবং তাঁর পিতা এক ছিলেন। এটা বিশ্বাস করে, যে, "তোমরা যদি আপনাদের মধ্যে পরস্পর প্রেম রাখ, তবে তাহাতেই সকলে জানিবে যে, তোমরা আমার শিষ্য।" আমেন।

20 এখন কেবল...আর আমি আশা করি এবং বিশ্বাস করি যে আমি, এই বিষয়ে, ভাই এবং বোনেরা আপনাদেরকে একঘেয়েমির দ্বারা ক্লান্ত করবো না। কিন্তু আমি মনে করি আমি নিজেকে পরিষ্কার করতে চাই, যেন আপনাদেরকে অন্য লোকেরা কি বলেছে তা শুনবার প্রয়োজন না হয়। আমি অনেক বার, অন্যান্য সেবামুলক সভায়, এটি বর্ণনা করেছি, কিন্তু এই শিকাগোর দলের কাছে এটা আমার জন্য প্রথম বার হবে, আর আমি নিজেকে প্রকৃতভাবেই উত্তমরূপে পরিচয় দিতে চাই, যে আমি কি করতে চেষ্টা করছি।

21 এখানে আশীর্বাদযুক্ত পুরাতন সুসমাচারের মধ্যে, প্রেরিতদের কার্য পুস্তকের ২৬ অধ্যায়, আমরা পড়িঃ

> *এ জন্য, হে রাজন আগ্রিপ্প, আমি সেই স্বর্গীয় দর্শনের অবাধ্য হইলাম নাঃ*

22 এটি, স্বভাবতই, পৌল কথা বলছেন। যা, আমরা সকলে, সেবক হিসেবে, তাকে ফিরে পড়তে পছন্দ করবো, কারন তিনি...আমরা, একসাথে, বিশ্বাস করি

যে তিনি ছিলেন পরজাতি মন্ডলীর জন্য প্রেরিত, যাকে ঈশ্বর আহ্বান করেছিলেন পরজাতীয়দের মধ্যে এক—এক সাক্ষ্য হবার জন্য। আর তাঁর সেবাকার্যকে প্রশ্নের মধ্যে দিয়ে যেতে হয়েছিল।

23 আর সাধারনত, যে কোন অস্বাভাবিক কিছু উঠে এলে, সেটিকে প্রশ্নের মধ্য দিয়ে যেতে হয়। এটি, আর আমি মনে করি এর থেকে সঠিক আর কিছু হতে পারে না; এটিকে প্রশ্নের মধ্য দিয়ে যাওয়াই উচিৎ। আর আমি মনে করি যে সেবকেরা কখনও কখনও সন্দিগ্ধমনা হয়ে থাকেন সেই সমস্ত বিষয়ের ব্যাপারে যা—যা ওনারা শুনে থাকেন, আর আমি মনে করি ওনাদের এরকম করবার অধিকার আছে। কারন, যদি আমি *পালক* শব্দটির অর্থ বুঝতে পারি, এর অর্থ হল একজন "মেষপালক।" আর, সুতরাং, তিনি হলেন এক—এক—এক জন প্রতিপালক, অথবা একজন মেষদের পরিচালক, এমন এক পুরুষ এবং মহিলাদের দলের জন্য যাদের ওপর পবিত্র আত্মা তাকে তত্ত্বাবধায়করূপে নিরূপণ করেছেন। আর তাঁর এটা জানার অধিকার আছে যে তাঁর মেষেরা কি ধরনের খাদ্য পাচ্ছে, আর এটা কোথা থেকে আসছে। আমি মনে করি এটা তাঁর অধিকার।

24 আর কোনও পালক, অথবা কোনও কোনও সময় লোকেরা, যদি কিছুটা সন্দিগ্ধমনা বলে মনে হয়, সেটা, কখনই, কাউকে তা বিরক্ত করা উচিৎ নয়। এটিতো কেবল এক ব্যক্তির হৃদয়ে এক সম্মান নিয়ে আসা উচিৎ, সেই ধরনের এক লোকের জন্য, যিনি দাঁড়িয়ে থাকেন, যিনি সেটির ওপর প্রশ্ন তোলেন। আর সবশেষে, যদি আপনি নিশ্চিত না হন যে আপনি সঠিক সারিতে আছেন কিনা, আপনি কিভাবে বিশ্বাসে চলতে পারবেন ?

25 যদি আপনি আপনার মস্তিষ্কে এটি ধরে রাখেন...এখন, এটা মনোবিজ্ঞান মনে হতে পারে; যা এটা সম্ভবত তাই, আর এটা তাই, কিন্তু এটি ঠিক আছে। কিন্তু আপনি কেবল প্রকৃতরূপে, আপনার হৃদয় থেকে, আপনি মনে করবেন আপনি কখনই টেবিল থেকে ওঠেন নি, আপনি সম্ভবত উঠবেন না। বুঝলেন ? আপনার কাছে আছে...এটি কেবল এতটাই সাধারন।

26 আপনাকে বিশ্বাস করতেই হবে। আপনাকে বিশ্বাস রাখতেই হবে। আপনার কাছে আত্মবিশ্বাস থাকতে হবে। আর আপনি কোনকিছুর ওপর কিভাবে আত্মবিশ্বাস রাখতে পারেন যা আপনি—যা আপনি এমনকি জানেনও না যে আপনি কোথায় যাচ্ছেন ? আমি কিভাবে একটি পথ দিয়ে, বিপজ্জনক গতিতে, যেতে পারি যেখানে আমি আগে কখনও যাই নি, আর চারদিকে এতগুলো বাঁক আছে, পরবর্তী বাঁকে কি আছে এটা না জেনে ? আপনাকে দেখতে হবে যে আপনি কোথায় যাচ্ছেন, অথবা আপনি জানেন না কিভাবে চলতে হয়। আর প্রত্যেকের এরকমই করা উচিৎ। আর যখন আপনি এটা করতে পারেন, আপনি এটা দেখতে পান, এটা আপনার কাছে প্রকাশ হয়ে যায়, আর আপনি জেনে যান যে আপনি কোথায় যাচ্ছেন, তখন কোন কিছুই আপনাকে থামাতে পারবে না।

27 আর ওটাই, আমি মনে করি, পৌল, এখানে আগ্রিপ্পকে বোঝাতে চাইছিলেন। যে, তিনি—তিনি তাদের বলেছিলেন যে, "একদা আমি আপনাদেরই একজন ছিলাম।"

28 আর আমার অনুমান, হতে পারে, যদি—যদি এই ব্যাপ্টিস্ট ভাই, এই সকালে ব্যাপ্টিস্ট মন্ডলীতে যেতে পারতেন, তিনি এবং তাঁর স্ত্রী, তাহলে হয়ত তাদের ওটাই সাক্ষ্য হত, "আমি—আমি একসময় আপনাদেরই একজন ছিলাম।"

29 অথবা, চার্চ অফ ক্রাইস্ট, অথবা এখানে এই—এই ক্যাম্পবেলাইট ভাই, তাঁর লোকদের কাছে—কাছে যেতেন। আমি বিশ্বাস করি এটি উত্তমতর নামে ডাকা হয়; খ্রিষ্টের শিস্য, তারা এভাবে বলে থাকে, কিন্তু এটা আসলে অ্যালেকজান্ডার ক্যাম্পবেলের মতবাদের জন্য। আর তারপর চার্চ অফ ক্রাইস্ট আপনাকে টেনে বের করে, সঙ্গিতের জন্য। ওটা ঠিক, তাই নয় কি? আর যদি তিনি তাদের কাছে ফিরে যেতে পারতেন, তিনি বলতেন, "একসময় আমি আপনাদের একজন ছিলাম।"

30 আর পৌল এখানে রাজা আগ্রিপ্প, এবং ফীস্টের কাছে ফিরে যান, আর বলেন, "একসময় আমি আপনাদেরই একজন ছিলাম। আমি ফরীসীদের দিক থেকে একজন ফরীসী।" তিনি গমলীয়েলের চরনে মানুষ হয়েছিলেন, সেই মহান শিক্ষক, এবং তিনি তাদের সমস্ত ব্যবস্থা এবং নিয়ম জানতেন, এবং তারা কি বিশ্বাস করতো এবং তারা কি বিশ্বাস করতো না সবকিছুই জানতেন। আর বলেছিলেন, "আমি প্রাননাশ পর্যন্ত ঈশ্বরের মন্ডলীর তাড়না করিতাম।" বুঝলেন? তিনি বলেছিলেন, "যেই বিষয়ের ওপর আমায় প্রশ্ন করা হচ্ছে, আমি নিজেই তাঁর তাড়নাকারী ছিলাম।"

31 আর আমি সবসময়ই এটা মনে করেছি যে স্তিফানের মৃত্যু নিশ্চয়ই পৌলের মনে খুব দাগ কেটেছিল, কারন যখন তিনি স্তিফানের মুখমন্ডলে সেই মহিমাময় দৃষ্টি দেখতে পেয়েছিলেন। যখন তিনি ওপরে তাকালেন, আর সেই পাথরগুলো তাকে আঘাত করে মৃত্যুর কোলে ফেলে দিচ্ছিল, আর সে বলেছিল, "আমি যীশুকে ঈশ্বরের দক্ষিণে দাঁড়িয়ে থাকতে দেখতে পাচ্ছি।" আর আপনারা জানেন, আপনারা একজন বার্তাবাহককে মেরে ফেলতে পারেন, কিন্তু আপনারা কখনই তাঁর বার্তাকে মারতে পারবেন না। আর বার্তাটি, যদিও স্তিফান যীশুর সাথে দাঁড়িয়ে থাকবার জন্য চলে গেল, তবুও, তাঁর বার্তা দীর্ঘকাল ধরে থাকলো, কারন পৌল এই বিষয়ে বলতে থাকলো, আর, যা, সে ছিল প্রেরিতদের মধ্যে "সবচেয়ে ক্ষুদ্র", এবং প্রেরিত নামের অযোগ্য, কারন তিনি সাক্ষী ছিলেন এবং—এবং তিনি এই ঈশ্বরভক্ত ব্যক্তির মৃত্যুর জন্য সম্মতি প্রদান করেছিলেন।

32 আর সুতরাং, পৌল, সব লোকের মতই যেমন কোন ব্যক্তির করা উচিৎ, পৌল তাঁর—তাঁর অভিজ্ঞতাকে নেয়, ফিরে গিয়ে, শুরু থেকে, সে কি ছিল; আর তারপর এটাকে উপস্থাপরন করেন আর শাস্ত্রানুসারে একে স্থাপন করেন, এটা দেখানোর জন্য যে তিনি যা কিছু করছিলেন তা শাস্ত্রানুসারেই ছিল। যদিও এটা তাদের বিশ্বাস থেকে একদম আলাদা ছিল, তবুও তিনি তাদের দেখাচ্ছিলেন যে এটা শাস্ত্রানুসারেই ছিল।

33 সুতরাং, আমি মনে করি যে আমরা...যে কোন কিছু, যেমন আমি প্রায়ই বলে থাকি, ভ্রাতাগন, আপনারা যারা এই সভাগুলোতে থেকেছেন, যে, যদি আমি কখনও এমন কথা বলতে দেখা যায় যা শাস্ত্রানুসারে নয়, তাহলে আমি মনে করি যে এটা সত্য যে...অথবা অন্য যে কোন ভাই, আমাদের একে ওপরের কাছে আসা উচিৎ আর বলা উচিৎ, "ওটা বাইবেলে পাওয়া যায় না," আপনারা বুঝলেন। যদি এটা বাইবেলে থাকে, আপনার কাছে এর আলাদা অনুবাদ থাকতেই পারে; কিন্তু, এটি, যদি এটা শাস্ত্রে থাকে, তবে ঠিক আছে।

34 এখন, পৌল এখানে তাঁর অনুবাদ দিচ্ছিলেন যা ভাববাদী বলেছেন, আর যা কিছু মোশি বলেছিলেন, সেগুলো ঘটছিল। আর তিনি পথের মধ্যে যীশুর

সাথে সাক্ষাৎ করেছিলেন, একটি দর্শনে। আর এই যীশুই তাকে ডেকে বের করে এনেছিলেন।

35 যা, এটা সেই জিহুদিদের পক্ষে কঠিন হওয়া উচিৎ ছিল না, যেভাবে তিনি বলেছিলেন, "মহামহিম ফীস্ট," আর—আর ওইসব, যে এটা..."ঈশ্বর যদি মৃতগণকে উঠান, তবে তাহা আপনাদের বিচারে কেন বিশ্বাসের অযোগ্য বোধ হয়?" বুঝলেন? "কারন যদি আপনারা জানেন যে সেইখানে ঈশ্বর কি ছিলেন, এই—এই শাস্ত্রের দ্বারা, নিশ্চিতভাবেই আপনারা জানবেন যে তিনি মৃতকে উত্থাপন করতে সক্ষম আছেন।"

36 আর তারপর তিনি বললেন, তিনি তাদের কাছে দম্মেশকের রাস্তায় তাঁর সেই অভিজ্ঞতাকে রাখলেন, যে সেখানে কি হয়েছিল, যা, তাদেরকে জানাবার জন্য যে এই যীশু যার—যার বিষয়ে প্রচারকার্যের ব্যাপারে তারা এতো বেশী আলড়ন সৃষ্টি করছিলেন, তিনিই সেই ঈশ্বর ছিলেন যার তারা এতদিন ধরে সেবা করে আসছিলেন। কারন, তিনি তাদের সাথে প্রান্তরে ছিলেন, যিনি তাদের নেতৃত্ব দিয়েছিলেন, সেই আলো হয়ে; সেই আগুন, অগ্নিস্তম্ভ যা তাদের নেতৃত্ব দিয়ে নিয়ে গিয়েছিলেন। আর তিনি পৌলের কাছে একইরকমভাবে উপস্থিত হলেন, আবার সেই আলো হয়ে, যা তাকে অন্ধ করে দিয়েছিল। আর তিনি জিজ্ঞেস করেছিলেন, "প্রভু, আপনি কে?"

37 আর তিনি বললেন, "আমি যীশু, যাহাকে তুমি তাড়না করিতেছ। কন্টকের মুখে পদাঘাত করা তোমার দুষ্কর।"

38 আর তিনি তাদেরকে বর্ণনা করতে চেষ্টা করছিলেন যে এটা কি ছিল, আর—আর তিনি তাদের শেখাতে চেষ্টা করছিলেন যে, তিনি লোকদের কাছে যা উপস্থাপন করছিলেন, তা ছিল, সেই, "যীশু খ্রিষ্টই ছিলেন সেই মসীহ আর তিনি মৃত্যুবরণ করেছিলেন, আর ঈশ্বর তাকে পুনরুত্থিত করেছেন।" আর ওটা শাস্ত্রানুসারেই ছিল। "আর এখন তিনি ঊর্ধ্বে উঠিয়াছেন, পিতা ঈশ্বরের কাছে," আর তিনি ছিলেন তাঁর পুনরুত্থানের একজন সাক্ষ্য। আর, যে, এই অলৌকিক কাজগুলো, এবং চিহ্নগুলো, এবং অদ্ভুত লক্ষণগুলো, যেগুলো লোকদের কাছে অদ্ভুত ব্যাপার ছিল, তা এক প্রকৃত, শাস্ত্রানুরুপ বিশ্বাসীদের কাছে, কোন নতুন ব্যাপার ছিল না কারন বাইবেল এই বিষয়ে বলেছে।

39 পেছনের সেই ভাববাদীদেরকে দেখুন, তারা কিভাবে ভবিষ্যৎবাণী করেছিল, খ্রিষ্টের আগমনের সময়, কি হবে, আর তিনি কি করবেন, "তৎকালে খঞ্জ হরিনের ন্যায় লম্ফ দিবে," যিশাইয় ৩৫ এবং বিভিন্ন শাস্ত্রাংশ তিনি উল্লেখ করতে পারতেন। আমাদের কাছে এখানে এটা লেখা নেই, কিন্তু সম্ভবত ফিরে গিয়ে এবং রাজার কাছে তাঁর ছোট বক্তব্যে এটা উল্লেখ করছেন; কারন, তারা সম্ভবত তাঁর সাথে এতটা ধৈর্য ধরত না যেমন আপনারা আমার সাথে ধরে আছেন। সুতরাং, আর তারপর তিনি—তিনি এটা বর্ণনা করছিলেন, আর তাদের বলবার চেষ্টা করছিলেন যে তারা যে ঈশ্বরকে সেবা করছিল...

40 আর তারপর, আবার, তিনি বললেন, "ইহারা যাহাকে *দল* বলে," সেটা হল, "পাগলামো," বুঝলেন। "ইহারা যাহাকে দল বলে, সেই পথ অনুসারে আমি পৈতৃক ঈশ্বরের আরাধনা করিয়া থাকি।" বুঝলেন, "ইহারা যাহাকে দল বলে।"

41 আমি নিশ্চিত যে, আজ, যদি আমরা আগেকার মণ্ডলীগুলোর সাথে দাড়াতাম যেখানে আমরা আগে ছিলাম, যেমন প্রেসবিটারিয়ান, ক্যাথলিক,

ব্যাপ্টিস্ট, এবং অন্যান্য মণ্ডলীগুলো, তবে আমরা সেই একই সাক্ষ্য সেই লোকদেরকে বলতাম যারা বলে যে তারা চায়, অনেকটা এরকম, এই ভাইদেরকে একটি মানসিক হাসপাতালে পাঠিয়ে দাও অথবা ওরকমই কিছু। "ইহারা যাহাকে দল বলে, সেই পথ অনুসারে আমি পৈতৃক ঈশ্বরের আরাধনা করিয়া থাকি।"

42 আর কত মহান সাক্ষ্য ছিল সেটা আগ্রিপ্পর সামনে, যতক্ষণ না এমনকি তিনি এই কথার মাঝেই, চিল্লিয়ে উঠেছিলেন, আর বলেছিলেন, "পৌল, শৌল, তুমি অল্পেই আমাকে খ্রিস্টিয়ান করিতে চেষ্টা পাইতেছ।" দেখলেন, কিভাবে, তিনি শাস্ত্রকে কতটা স্বচ্ছভাবে উপস্থাপন করেছিলেন, যা ছিল তাঁর নিজেরই ধর্মীয় মন্ডলীর থেকে সম্পূর্ণ বিপরীত। কিন্তু বাক্য এতটাই স্পষ্ট ছিল যে, শেষে তিনি বললেন, "তুমি অল্পেই আমাকে তোমার মত করিতে চেষ্টা পাইতেছ।"

43 পৌল বলেছেন, "কেবল আপনি নন, কিন্তু অন্য সমস্ত লোক একসঙ্গে, এই বন্ধন ছাড়া আমি যেমন" আপনারা দেখুন, কিন্তু যেন তিনি যেমন সেইরকমের বিশ্বাসী হয়ে যেতে পারে। অন্য কথায়, যদি আমি..."আমি ঈশ্বরের কাছে চাই যেন আপনারাও সেই প্রকাশকে দেখতে পান যেমন—যেমন আমি এটিকে দেখি।" অন্য কথায়, "আমি—আমি চাই যেন আপনারা তা করতে পারেন।" বুঝলেন ? "আমি কেবল চাই যেন আপনারা তা করেন।"

44 যখন, ফীস্ট, আমি বিশ্বাস করি, তাকে বলেছিলেন যে তিনি "বহু বিদ্যাভ্যাস করেছিলেন," যে তিনি "পাগল হয়ে গিয়েছিলেন।" কিন্তু তিনি তাকে জানালেন যে তিনি—যে তিনি পাগল নন; যে তিনি—তিনি জানতেন যে তিনি কোথায় দাঁড়িয়ে আছেন।

45 আর আমি এটিই বলবো, আজ সকালে, ভ্রাতাগন। আমি একান্তরুপে চাই যেন আমি...পৌলের জীবনকে পরক্ষভাবে প্রকাশ করছি না, কেবল একটি ছোট প্রাথমিক কথা রাখবার জন্য বলছি। কারন, এখানে আরও অনেকজন আছেন যারা সম্ভবত এই সকালে বক্তব্য রাখবেন, কিন্তু আমি এই সুযোগটি নিতে চাইছিলাম যেন এটা বলতে পারি। এখন আমি ইচ্ছা করি যে প্রত্যেক আলাদা মণ্ডলীগুলো, যেমন আমি শুনলাম যে আপনারা নীচে যান, বেথেল মন্দির, স্বাধীন, অ্যাসেমব্লিস অফ গড, আর বিভিন্ন মণ্ডলীগুলো...আমি চাই যে আপনারা সকলেই তা দেখতে পান যা আমি দেখতে পাই; যেন আপনারা দেখতে পারেন। আমি চাই যেন আমি যে সব দর্শনগুলো দেখি আপনারাও সেগুলো দেখতে পান, তখন আপনারা সম্পূর্ণভাবে জানতে পারবেন, যে এটা পরিচর্যাকার্য হতে।

46 যখন আমি ব্যাপ্টিস্ট মন্ডলী ছাড়লাম, যেন পেন্টিকোস্টে চলে আসতে পারি; এবং ডক্টর রয় ই. ডেভিস, যিনি আমায় মিশনারি ব্যাপ্টিস্ট মন্ডলীতে অভিষেক করেছিলেন, আমায় বলেছিলেন যে আমি এক দুঃস্বপ্ন দেখেছি, যখন প্রভুর দর্শনগুলো আসতো, আর—আর আমার সাথে কথা বলতো। আর—আর আপনারা জানেন যে তখন অরোগ্যদান কি ছিল, এটা ছিল সবথেকে নিম্ন বিষয়।

47 আর—আর আমি পেন্টিকোস্টালদের বিষয়ে কিছুই জানতাম না। আমি শুনেছিলাম যে তারা হল এক গুচ্ছ পবিত্র কপটিদের একটি দল যারা মেঝেতে পড়ে থাকে আর পাগল কুকুরের মত আচরণ করে, আর তাদেরকে পাখা দিয়ে হাওয়া করতে হয় এবং তারপর তারা আবার জীবনে ফিরে আসে, আর ঐ রকম ব্যাপার। আমি পেন্টিকোস্টাল লোকদের বিষয়ে কেবল এটাই জানতাম।

তিনি বলেছিলেন, “তোমার কি মনে হয় কে তোমার কথা শুনবে ?”

48 আমি বলেছিলাম, “যদি ঈশ্বর আমায় প্রেরন করছেন, তাহলে সেখানে কোথাও না কোথাও এবং কেউ না কেউ নিশ্চয়ই আছে যার কাছে তিনি আমায় পাঠাচ্ছেন।” ওটা ঠিক। দেখলেন ? “কারন,” আমি বলেছিলাম, “ডক্টর ডেভিস,” আমি বলেছিলাম, “তিনি কেবল প্রকৃতরূপেই ছিলেন; আমি সেখানে দাঁড়িয়েছি এবং তাকে দেখেছি,” আমি বলেছিলাম। তারা আমায় বলতো যে ঐ দর্শনগুলো...

49 আমি একজন গভীর বিশ্বাসী, ভ্রাতাগন, যে—যে ঈশ্বরের অনুগ্রহদান সকল ও তাহার আহ্বান অনুশোচনা-রহিত। আমি—আমি তা বিশ্বাস করি। আপনি জন্ম নিয়েছেন, আপনি কখনই তা হতে পারবেন না যা আপনি নন। আর যখনই আপনি নিজেকে কিছু বানানোর চেষ্টা করেন যা আপনি নন, তখন আপনি কেবল এক কপটির কাজ করছেন। আর ঈশ্বর এর পূর্বে যে আমি একজন কপটি হয়ে যাই তাঁর আগেই আমায় মরে যেতে দিন, বুঝলেন। আমাকে কেবল সেটাই হতে দিন যা আমি আছি, আর তারপর এটিকে সাধারন এবং স্বচ্ছ করে দিতে দিন। আর—আর, তারপর, আমায় ওরকম হতে দিন, আর সকলেই জানেন। তখন আপনি সঠিকভাবে জানতে পারেন।

50 আর তাই এখন, যেমন আপনারা জানেন, আমি খুব বেশী বিদ্যালয়ের শিক্ষালাভ করতে পারি নি, যেমন আমি বলেছি। তাই আমার...ধর্মতত্ত্বের দিক থেকে, যদি কেউ সবথেকে দুর্বল কেউ থেকে থাকে তবে আমি সেই ব্যক্তি, বুঝলেন। আর এক প্রচারক হিসাবে, আমি খুব কষ্টেই নিজেকে একজন প্রচারকরূপে নিজেকে পরিচয় দিতে পারবো, বিদ্যালয়ের শিক্ষা না পাওয়া এবং শব্দ না জানা, এবং ঐ সব ব্যাপারের কারনে। কিন্তু আমার কাছে অল্প পরিমানে যা কিছু আছে, যেন...আমার জ্ঞানানুসারে আমি যতোটা জানি, তাঁর অনুগ্রহ দ্বারা, প্রভু যীশুর দ্বারা, আমি আমার সমস্ত ভাইবোনদের সমস্ত জায়গায় বণ্টন করবার চেষ্টা করে থাকি, যেন এটা বণ্টন করতে পারি।

51 আর, কিন্তু, যখন আমি ব্যাপ্টিস্ট মন্ডলী ছাড়ি...সেটা ছিল একমাত্র মন্ডলী যেখানে আমি কখনও এসেছিলাম, অথবা যেখানে আমার অভিষেক হয়েছিল। আর আমার ১৯৩৩ সালে অভিষেক হয়েছিল, মিশনারি ব্যাপ্টিস্ট মন্ডলী, জেফারসনভিলে, ইন্ডিয়ানাতে। এটা একটা—একটা...এটা ছিল দক্ষিনি ব্যাপ্টিস্ট কনভেনশনের এক সদস্য। তারপর আমরা, এই সময়ে, আমি...যখন আমি দূরে টেনে চলে গিয়েছিলাম আর কেবল...

52 এখন, ব্যাপ্টিস্ট মন্ডলী হল এক সার্বভৌম মন্ডলী। আমরা—আমরা সকলেই সেটা জানি, যে এটা একটি—এটা একটি...আপনি চাইলে যেকোন বিষয়ে প্রচার করতে পারেন, যদি আপনার মন্ডলী এটার জন্য তৈরি থাকে। তারা কেবল... আপনি যা চান তা প্রচার করতে পারেন।

53 আর আমি সেটা পছন্দ করি, বুঝলেন, কারন আমি বিশ্বাস করি যে এটা প্রেরিতদের মতানুযায়ী। কারন, আমরা উপলব্ধি করি যে, পালক হলেন মস্তক, মন্ডলীর সর্বোচ্চ পদাধিকারী, সেই যাজক। আর—আর যদি সেই—সেই...যদি কোন বিসপ অথবা অন্য কেউ এসে পালকের থেকে সেই প্রকাশকে বের করে দিতে যায়, তাহলে কিভাবে ঈশ্বর কখনও তাঁর মণ্ডলীতে কাজ করবেন ? আপনারা দেখুন, আপনি কেবল এটা পেতেই পারেন না। তাই, আর আমার কাছে...

54 আমি যখন সেখান থেকে বেরিয়ে এলাম, আমি প্রথম যে দলের সাথে সাক্ষাৎ করলাম, তা সেন্ট লুইস, মিসৌরিতে ছোট বেটি ডোরথির আরোগ্যদান করছিল। আর এটা ছিল একটি পেন্টিকোস্টাল ইউনাইটেড, অথবা এক পেন্টিকোস্টাল যীশু নামযুক্ত মন্ডলী, আর এই পালক যার সাথে যুক্ত ছিলেন, আর ওনার ছোট মেয়ে সুস্থতা লাভ করেছিল। খোলাখুলিভাবে বললে, আমি ভেবেছিলাম যে ওটাই ওনাকে পেন্টিকোস্টাল বানিয়েছিল, কারন তারা নিজেদেরকে "কেবল যীশু" বলতো। আর আমি ভাবতাম যে ঠিক ওটাই তাদের পেন্টিকোস্টাল বানিয়েছিল, কারন ওটাই তারা নিজেদেরকে বলতো, আর ওটাই ছিল পার্থক্য। তাই, আচ্ছা, তারপর আমি সেখান থেকে চলে গেলাম...

55 আর একজন ভালো ব্যক্তি; যিনি সেন্ট লুইসে এক মহান সভা নিয়েছিলেন, যার ছবি ওখানে দেখা যাচ্ছে। আর আমাদের কাছে ছিল কেল প্রেক্ষাগৃহ; আর প্রথম রাতে, অথবা দ্বিতীয় রাতে, ওখানে প্রায় চোদ্দ হাজার জন লোকে ভরা ছিল, আর আমরা এমনকি পারছিলাম না...দরজাগুলোর সামনে পুলিশ রাখতে হয়েছিল, যেন তাদের সরিয়ে দেয়।

56 আর তারপর সেখান থেকে, নীচে জোন্সবোরোতে অবস্থিত, আশীর্বাদযুক্ত পুরাতন বাইবেল কালীন ভজনালয়ের, রিচার্ড টি রিডে চলে গিয়েছিলাম যা সেই একই সংস্থার অন্তর্গত ছিল। আর সেখান থেকে, ডক্টর জি.এইচ. ব্রাউনে চলে গেলাম, যা সেই একই সংস্থার অন্তর্গত ছিল, যা লিটিল রক অঞ্চলের ৫০৫ ভিক্টর স্ট্রিট, আরকেন্সাসে অবস্থিত ছিল। আর, সেখান থেকে, পশ্চিম উপকুলে চলে গিয়েছিলাম।

57 আর যখন আমি পশ্চিম উপকুলে গেলাম, আমি আঁচ পেলাম। তারপর আমি পেলাম যে পেন্টিকোস্টাল লোকদের মধ্যে ঠিক ততটাই বিভাজন আছে, তাদের সংস্থাগুলোর মধ্যে, যেমনটা আমাদের ব্যাপ্টিস্ট মন্ডলীতে আছে। বুঝলেন, তাদের মধ্যে—তাদের মধ্যে অনেকগুলো বিভাজন ছিল, তাদের কাছে ছিল, তাদের কাছে অনেক বিভিন্নতা ছিল। সেখানে ছিল অ্যাসেম্বলিস অফ গড, চার্চ অফ গড, আর অন্য কিছু, আর অন্য কিছু, আর—আর সেই বিভিন্নতা। আর তারা তাদেরকে আলাদা করে রেখেছিল, আর ছোট ছোট সীমারেখা বানিয়ে রেখেছিল। আর অন্যান্য ভাইয়েরা আমার কাছে আসতে লাগলেন, আর আমায় বলতে লাগলেন, "কেন, আপনি একজন কেবল যীশু দলভুক্ত, এই দলের সাথে এখানে এসেছেন।"

আমি বললাম, "না, আমি—আমি নিজেকে সেটা বলিনা।" বুঝলেন?

তিনি বললেন, "কেন আপনি তাদের সাথে যুক্ত হয়ে আছেন।"

58 আমি বললাম, "আচ্ছা, এতে তো আমি সেটা হয়ে যাই না।" দেখলেন? আর আমি বললাম, "আমি—আমি—আমি কেবল...তারা আমার ভাই।"

59 আর উনি বললেন, "কেন, তারা তো একদল...কেন, তাদের কাছে কিছুই নেই কেবল বাজপাখির একটা দলের মত আর ওইসব বিষয়, চারিদিকে, তারা ওরকম করে থাকে। যেখানে..."

60 আমি বললাম, "এখন, আমি মাফ চাইছি। আমি সেখানে প্রকৃতই ঈশ্বরভক্ত লোকদের সাথে সাক্ষাৎ করেছি। আর তারা ঈশ্বরের লোক।" আর আমি বললাম, "আমি—আমি নিশ্চিতরূপেই তাদেরকে মন্দ বলতে বিরক্তিবোধ করি; কারন তারা মন্দ নয়।"

61 আচ্ছা, তারপর আমি কোন দিকের পক্ষ না দেখিয়ে, যতক্ষণ আমি পারলাম সেই কথাটিকে ওখানেই শেষ করবার চেষ্টা করলাম। আচ্ছা, আমি অধ্যয়ন করতে শুরু করে দিলাম তাদের ভাবনাগুলো কি ছিল, আর তাদের মধ্যে কি আলাদা বিষয় ছিল, আর কি তাদেরকে আলাদা করে রেখেছে। আর আমি পেলাম যে প্রকৃতরূপে দুটো বড় দল আছে, যাদের মধ্যে একটি ছিল, যাকে বলা হয় কেবল যীশু বা জিসাস অনলি, আর অন্যটিকে বলা হয় অ্যাসেম্বলিস অফ গড। আর তাদেরকে বের করে দেওয়া হয়েছে, অথবা আলাদা করে দেওয়া হয়েছে, জলের বাপ্তিস্মের ভিত্তিতে; একটি দল "পিতা, পুত্র, পবিত্র আত্মার" এবং অন্যটি "যীশুর" নাম ব্যাবহার করে বাপ্তিস্ম দেয়।

62 আচ্ছা, আমি তাকালাম, আর দেখলাম যে উভয় দিকেই মহান ব্যক্তিরা আছে, ঈশ্বরের দাসেরা আছে। আর আমি ভাবলাম, "ওহ্ ঈশ্বর, যদি আমি তাদের সবাইকে দেখতে পেতাম যে তারা একসাথে মিলে আছে...কেবল এগিয়ে যেত আর...কিন্তু তাদের মাঝে কোন রেখা না টানে, আর বলে, 'আমরা ওদের সাথে সহভাগিতা করবো না।'" কিন্তু আমি পেলাম, এর মধ্যে, মন্দ আত্মা তাদের মধ্যে ঢুকে পড়েছে, আর এই বিষয়টিকে নিয়ে তাদের মধ্যে ঘৃণা এবং দ্বেষ উৎপন্ন করে দিয়েছে। আমি ভাবলাম, "এটাই তো সেই ব্যাপার যা শয়তান চায়। ওটাই তো সে চায়।" যতক্ষণ আপনাদের বন্দুকগুলো একে ওপরের দিকে তাক করে লাগানো থাকবে, তাকে লড়াই করবার কোন প্রয়োজনই পড়বে না। আর আমি...

63 আর, তারপর এইকারনে, অবশেষে, এর এক চরম পরীক্ষা এল। আর এই ব্যাপারটি প্রায় ১৯৪৬ সালে, সিটেল, ওয়াশিংটনে হয়েছিল। আর এক সকালে আমি হোটেলের বারান্দায় এসেছিলাম, এরকমভাবেই, কিছু সেবকদের সাথে একটি—একটি প্রাতরাশ সারবার জন্য। আর আমায় দুজন মুখ্য ব্যক্তির সাথে কথা বলতে হয়েছে।

64 আর তাদের মধ্যে একজন ছিলেন ডক্টর নেস। আমি মনে করি যে অ্যাসেম্বলি অফ গডের ভাইদের তাকে মনে থাকতে পারে। তিনি উত্তরপশ্চিমাঞ্চলে থাকতেন; একজন মহান, জ্ঞানি, বিদ্বান ব্যক্তি ছিলেন। তিনি অ্যাসেম্বলিস অফ গডকে প্রতিনিধিত্ব করতেন।

65 আর তারপর, ডক্টর সিজম, যিনি ইউনাইটেড পেন্টিকস্টাল মণ্ডলী থেকে ছিলেন। আমার অনুমান যে আপনারা ইউনাইটেড পেন্টিকস্টাল ভাইয়েরা ওনাকে জানেন। তিনিও উত্তরপশ্চিমাঞ্চল থেকে সেখানে ছিলেন, আর তিনি তাদের উর্ধে ছিলেন, এবং সেখানকার জেলার উর্ধে ছিলেন।

66 আচ্ছা, এই দুই ব্যক্তি সাক্ষাৎ করেন। আর আমাকে তাদের সামনে আনা হয়েছিল, কারন দুদিক থেকেই ধার—ধারগুলো তীক্ষ্ণ হচ্ছিল, আর এটা আমায় চারদিক দিয়েই কাটছিল। আর আমি ভাবলাম, "আমার কি করা উচিৎ? আমি কি করতে পারি?"

67 এখন, আচ্ছা, তারা বলেছিলেন, "আচ্ছা, আপনাকে অবশ্যই হয় একজন অথবা অন্যজনের পক্ষ নিতে হবে। যদি আপনি যীশুর নামে বাপ্তিস্মের পক্ষে যেতে চান, তাহলে আপনাকে যীশুর নামের পক্ষে থাকতে হবে। আপনি যদি অ্যাসেম্বলিস অফ গডের সাথে যান, তবে আপনাকে যীশুর নামে বাপ্তিস্ম হতে ছেড়ে চলে যেতে হবে, আর অ্যাসেম্বলিস অফ গডের সাথে থাকতে হবে,

অথবা ওরকম সব বলছিলেন।” এমন একটি জায়গায় এসে দাঁড়িয়েছিল যেখানে আমাকে কোন একটা পক্ষ প্রদর্শন করতে হবে।

68 সেখানে যাওয়ার আগে সেই সকালে আমি অনেক প্রার্থনা করেছিলাম। আমি বলেছিলাম, “ঈশ্বর, আমায় সাহায্য করুন। কারন সেখানে দুজন বিশিষ্ট ব্যক্তি আছেন; সেখানে কয়েক হাজার সেবকগন আছেন। আর আপনি আমায় এখানে একটি পরিচর্যাকার্যের সাথে পাঠিয়েছেন। আর তারা উভয়ই আপনার সেবক। আর যখন একটি সংস্থা আরেকটির বিরুদ্ধে লড়ছে, তখন আমার কি উচিৎ হবে যা কিছু প্রভাব আমার কোন একটি সংস্থার ওপর আছে সেটা সেখানে রাখা?” দেখুন? “আমি এটা করতে সঠিক বোধ করছি না। আমি মনে করি না এটা আমার জন্য খ্রীষ্টের ইচ্ছা হবে এটা করতে।” এবং আমি বললাম, “ঈশ্বর, আমাকে সাহায্য করুন এবং আমাকে কিছু করতে দিন, বা আমাকে কিছু বলতে দিন।”

69 এবং তারপর আমার কাছে কেউ ছিল না। আমি ঠিক সেখানে দাঁড়িয়ে ছিলাম, শুধু প্রভু যীশু এবং আমি, সেই সকালে।

70 আচ্ছা, মহান বিতর্কটি হাজির হল। “আপনি কি করতে যাচ্ছেন? কি—কি—কি সিদ্ধান্ত আপনি নিতে যাচ্ছেন?”

71 আমি বললাম, “আমার সিদ্ধান্ত ইতিমধ্যেই নেওয়া হয়ে গিয়েছে। আমার সিদ্ধান্ত হল, যে, আপনাদের উভয়ের মধ্যে থেকে, এবং কোন সংস্থায় যোগদান না হয়ে; এবং আপনাদের উভয়ের চারদিকে হাত রেখে, বলতে চাই, ‘আমরা ভাই।’” দেখুন? দেখুন, আমরা সকলে ভ্রাতা। দেখুন? আর আমি বললাম, “আমি যতোটা পেরেছি সেই সব বইগুলো পড়ার চেষ্টা করেছি, কিভাবে এটা উঠে এসেছে, যাকে ‘নতুন বিষয়’ বলা হচ্ছে, এবং কিভাবে সেগুলি নিজেদেরকে আলাদা করে দিয়েছিল এবং কিভাবে *এটি* শুরু হল *এভাবে* না *ওভাবে*।” আর আমি বললাম, “আপনাদের দুজনের তর্কের মধ্যে যা আছে,” আমি বললাম, “এটা হল সেই একই জিনিস যা পেন্টিকোস্টের সেই গতিকে ভেঙ্গে দিয়েছিল, সেই দিন...পঞ্চাসত্তমির পরে। তারা একে অপরের মধ্যে তর্ক শুরু করে দিয়েছিল।” আর আমি বললাম, “সেই জিনিসটি আবার আলাদা করছে।”

72 আমি বললাম, “ভাইয়েরা, এমন কোন সম্ভাবনা আছে কি যে আপনাদের মধ্যে একজন মধ্যস্থতাকারী হতে পারে? এমন কেউ আছে কি যে—যে আপনাদের মাঝে দাঁড়াতে পারে?”

73 আচ্ছা, ওনারা এতে ওনাদের মুখ খুলতে পারলেন না, কারণ এটা তাদের খুব ধারালো লেগেছিল। আপনারা জানেন, প্রায় পনের, কুরি বছর আগে, এটি কিভাবে হয়েছিল, কারণ এক দল অন্যটি থেকে আলাদা হয়ে গিয়েছিল, এবং সেখানে খুব তর্কবিতর্ক ছিল।

74 তাই আমি বললাম, “আচ্ছা, ভাই, এখানে আমি যা করতে যাচ্ছি। আমি যাচ্ছি...ঈশ্বর আমাকে কখনোই বাপ্তিস্ম দিতে পাঠান নি, যে কোনও ভাবে। তিনি আমাকে তার অসুস্থ সন্তানদের জন্য প্রার্থনা করতে পাঠিয়েছেন।” আমি বললাম, “তাই আমি অসুস্থ সন্তানদের জন্য প্রার্থনা করতে যাচ্ছি এবং আপনারা সেবকগন আপনারা আপনাদের নিজস্ব বাপ্তিস্ম দিন,” আমি বললাম।

75 আমি বললাম, “এখন আমি আপনাদেরকে কিছু জিজ্ঞাসা করতে চাই, যেন আপনারা বুঝতে পারেন।” আমি বললাম, “ভাই নেস, আপনি বিশ্বাস করেন যে এই...এই যীশু নামওয়ালা লোকেরা, তারা কি পবিত্র আত্মা পেয়েছে যখন তারা

অন্যভাষায় কথা বলে এবং সেই একই জিনিস করে যা আপনারা অ্যাসেম্বলি অফ গডের লোকেরা করেন ?”

বল্লেন, “অবশ্যই।”

76 আমি বললাম, “ভাই সিজম, আপনি কি বিশ্বাস করেন যে, যখন অ্যাসেম্বলি অফ গডের লোকেরা অন্যান্য ভাষায় কথা বলে এবং একই রকম কাজ করে, যা আপনারা বাপ্তিস্মের সময় করেন, তখন তারা পবিত্র আত্মা পেয়েছে ?”

তিনি বললেন, “অবশ্যই, আমি বিশ্বাস করি।”

77 আমি বললাম, “এখন বাইবেল বলে, ‘ঈশ্বর তাকে পবিত্র আত্মা দেন যে তার আজ্ঞা মেনে চলে।’ এখন, কে তাঁর কথা মেনে চলেছে ? কে তাঁর আনুগত্যে থেকেছে ? আপনাদের মধ্যে কারা তাকে অনুসরণ করেছে ? এবং ঈশ্বর আপনাদের উভয়কেই পবিত্র আত্মা দিয়েছেন।” দেখুন ?

78 আমি বললাম, “ভাই সিজম, আপনি কি বলবেন যে, ভাই নেস পবিত্র আত্মা পান নি ?”

বল্লেন, “না।”

79 আমি বললাম, “আপনি কি বলবেন যে, ভাই সিজম পবিত্র আত্মা পান নি ?”

80 “না।” দেখুন ? যে, তারা উভয়ই বিশ্বাস করেন যে অন্যজন পবিত্র আত্মা পেয়েছেন।

81 কিন্তু, আপনারা দেখুন, এটির কোন অর্থই হয় না, ভ্রাতাগন। এটার কোন অর্থই নেই। এবং একটু পরে, আমি শুনলাম যে...

আমি এক মিনিটে আমার বিষয়ে ফিরে আসতে চলেছি।

82 এখানে ফিনল্যান্ডের ভাইয়েরা উপস্থিত আছে, ফিনল্যান্ড ছেড়ে যাওয়ার পর; আমি মনে করি, ঈশ্বর আমাদের মহানতম সভাগুলির মধ্যে একটি সেখানে হতে দিয়েছিলেন। সেখানে, ছোট মৃত ছেলেটি উত্থাপিত হয়েছিল, আর সেখানে অনেক কিছু হয়েছিল। আমি সুইডেনের স্টকহোমে, ফিলাডেলফিয়া গির্জার লিউই পেথ্রুসের সঙ্গে সাক্ষাৎ করেছিলাম যিনি ঈশ্বরের একজন মহান ব্যক্তি, এবং উনি ফিলাডেলফিয়া গির্জা থেকে ছিলেন। ভাই গর্ডন লিন্ডসে, যিনি এখন...আমি মনে করি। আমি মনে করি না যে তিনি এখন এটির সাথে যুক্ত আছেন, কিন্তু তিনি অ্যাসেম্বলি অফ গডের সাথে যুক্ত ছিলেন।

83 এবং অ্যাসেম্বলি অফ গড হল আমার মহান পৃষ্ঠপোষকগুলোর মধ্যে একটি, আন্তর্জাতিকভাবে। এবং ফোর্স্কায়ার, যা অ্যাসেম্বলি অফ গড থেকে আলাদা হয়ে গিয়েছে, তারাও আমার মহান পৃষ্ঠপোষকগুলোর মধ্যে একটি ছিল। ওয়াননেসরাও, আন্তর্জাতিকভাবে, আমার মহান পৃষ্ঠপোষকগুলোর মধ্যে একটি ছিল। দেখুন ? এবং আমি ঠিক এই কথাতেই স্থির থাকলাম, শুধুমাত্র তীক্ষ্ণ প্রান্তগুলো ছেড়ে, এবং তারপর একটি সিদ্ধান্ত গ্রহণ করলাম, যে আমি কোন পক্ষেই দাঁড়াব না যারা হৈচৈ করছিলো। যতক্ষণ না আমরা দেখতে পারি যে আমরা ভাই, এবং একসঙ্গে মিলিত হই, এবং তারপর আমরা—আমরা সবাই সেখানে সরাসরি একই বিন্দুতে দেখতে পাব, যে আমরা একই উদ্দেশ্য এবং লক্ষ্য সম্পন্ন করবার জন্য, আসছি।

84 এবং আপনাকে—আপনাকে প্রথমে, অবশ্যই আপনার উদ্দেশ্য এবং লক্ষ্যকে পরীক্ষা করতে হবে। প্রথমত, ঈশ্বরের ইচ্ছাকে খুঁজুন; এবং তারপর আপনার লক্ষ্যকে খুঁজুন; এবং তারপর আপনার উদ্দেশ্যকে পরীক্ষা করুন এবং আপনার উদ্দেশ্য সঠিক কিনা দেখুন। তারপর, যেমন যীশু মার্ক ১১:২৪ –এ বলেছেন, "যদি এই পর্বতকে বল, 'উপড়িয়া যাও' আর মনে সন্দেহ না কর।" কিন্তু যতক্ষন পর্যন্ত আপনার হৃদয়ে সন্দেহ আছে, যে এটা ঈশ্বরের ইচ্ছা কিনা, বা আপনার লক্ষ্য বা উদ্দেশ্য যদি ভুল থেকে থাকে, তবে এটা কিভাবে উপড়াতে পারবে ? কিন্তু যখন আপনি জানেন যে আপনার উদ্দেশ্য সঠিক, এবং এটি ঈশ্বরের ইচ্ছা, এবং আপনার লক্ষ্য সঠিক, তবে এটিকে সরতেই হবে। ওটাই সবকিছু, না হলে ঈশ্বর কিছু ভুল বলেছেন।

85 এটাই সেই কারণ, যখন আমি মঞ্চে যাই, গীর্জাগুলিতে, কেউ আমাকে কখনো মঞ্চে সেগুলি উল্লেখ করতে শোনেনি, সেইসব বিষয়গুলি। আমি শুধু সেগুলো একাকি ছেড়ে দিই। দেখুন, এটা নির্ভর করে, আপনাদের ওপর। দেখুন ? আমি এখানে খ্রীষ্টের জন্য আত্মা জয় করতে আপনাদেরকে সাহায্য করার জন্য এসেছি, একটি দৈব দানের দ্বারা, আপনারা দেখুন। বুঝলেন ? এতে কোনও কিছু আসেযায় না...আপনারা আপনাদের বাপ্তিস্ম করুন। কিন্তু তারপর যখন সেটা আসে...

86 অবশ্যই, আমায় সবকিছু বলে ডাকা হয়েছে। আমাকে বলা হয়েছে, আমি জানি না কতো কিছু, যে কোনও জায়গায় একজন—একজন "ঈশ্বরের পুত্র" থেকে শুরু করে একজন—একজন "শয়তান" পর্যন্ত বলা হয়েছে। ওটা ঠিক, সবকিছু বলা হয়েছে। কিন্তু, এ সবকিছুর পরেও, আমি আপনার ভাই, ঈশ্বরের রাজ্যের সহনাগরিক; আপনাদের সাথে কাজ করে চলেছি, সেই রাজ্যের জন্য এবং এটা সত্য।

87 এখন আমি, যদি সব ঠিক থাকে, এবং আপনারা যদি মনে করেন আমাদের কাছে পর্যাপ্ত সময় আছে, তবে আমি আপনাদেরকে বলব কিভাবে আমরা ওটা আলোচনা করেছিলাম। ঠিক আছে তো, ভ্রাতাগন, কেবল কিছু মিনিটের জন্য ? [সেবকরা বল্লেন, "এগিয়ে যান। নিশ্চিতভাবেই।" - সম্পা]। ভাই, ভাই নেস এবং অন্যেরা...ঠিক আছে তো। এবং হতে পারে যে এটি আপনাদেরকে কিছুটা সাহায্য করবে। এটা আপনাদের কিছুটা বুঝতে সাহায্য করবে।

88 আমি এখানে, কিছু কিছু জিনিস লিখে রেখেছি, যা আমার স্মরনে আছে যেগুলো সেখানে হয়েছিল। আর তাই তারা আমায় জিজ্ঞেস করেছিলেন, আমি "ত্রিত্ববাদকে" বিশ্বাস করি কিনা, আমি কি বিশ্বাস করি যে ঈশ্বরের মধ্যে ত্রিত্ববাদ আছে ?

89 এখন, ভাইয়েরা, আমরা যখন এই দিকে এগোচ্ছি, তখন আমি আশা করি যে, যখন এটি শেষ হবে, তখনও আমরা একই রকম ভাই ভাই থাকবো যেমনটা আমরা এতদিন ছিলাম। বুঝলেন ? কিন্তু আমি মনে করি যে আমি আপনাদের কাছে ঋণী, কারণ আপনাদের লোকেরা আমার সভায় আসে এবং আমি অবশ্যই চাইব না যে তারা প্রতারিত হয়ে, দূরে চলে যায়।

90 আর আমি সর্বদা লোকদের বলেছি যারা আমাকে প্রশ্ন লিখে পাঠান, যা আমি মঞ্চে প্রচার করি তার বাইরের...এবং এখানে আমার সচিব এবং আরও অনেকে

আছে। যদি তারা আমাকে একটি প্রশ্ন জিজ্ঞেস করে, "*এই* বিষয়ে বা *ঐ* বিষয়ে আপনি কি বলেন ?"

91 আমি বলি, "আপনার পালককে জিজ্ঞাসা করুন, দেখুন। কারণ, তিনি যদি আপনাকে এতদুর পর্যন্ত নেতৃত্ব দিয়ে এনেছেন, যতক্ষণ না আপনি পবিত্র আত্মা প্রাপ্ত করেছেন, তাহলে তিনি আপনাকে আগেও নিয়ে যাবেন, আপনি দেখুন। আপনি, দেখুন, আপনি আপনার পালককে জিজ্ঞাসা করুন।" কারণ, সামান্য জিনিসই বিভ্রান্তি সৃষ্টি করে, এবং তাই আমি এটা থেকে দূরে থাকি, আপনারা দেখুন।

92 এখন, আর আমাকে বলা হয়েছে যে আমি এই সংগঠনগুলোর বিরুদ্ধে একজন—একজন যোদ্ধা। এখন, আমি তা নই। আমি মনে করি সংগঠন চমৎকার, কিন্তু যখন আপনার সংগঠনের প্রণালী দুর্নীতিগ্রস্ত হয়ে যায়, তখন আমি সেটার বিরুদ্ধে থাকি। দেখুন ? এটা ওয়াননেস কিনা তা কোনো ব্যাপার না, অথবা—অথবা এটি ত্রিত্ববাদ, বা যাই হোক না কেন, এটি সেই প্রণালী; যে যখন আপনি এমন একটি স্থানে চলে যান, আপনি এখন...এবং বলেন, "আমরা অ্যাসেম্বলি অফ গড।"

"ভাল, রাস্তার ওপারে কে ?"

93 "ওহ, ওরা আমাদের ভাই। তাদের—তাদের ইউনাইটেড পেন্টিকোস্টাল বলা হয়।"

"আচ্ছা, ওখানে সে কে ?"

94 "ওহ, ফোরস্কোয়ার ভাইয়েরা। ওহ, আমরা অত্যুত্তম ভাই। আমাদের একটি মহান সহভাগিতা আছে, একে অপরের সাথে।"

"ওহ, আপনারা সকলে একই জিনিস বিশ্বাস করেন ?"

"ওহ, হ্যাঁ, আমরা বিশ্বাস করি।"

"এখন, আচ্ছা, কোন জিনিসটি আপনাদেরকে এরকম করে তোলে ?"

95 "আচ্ছা, *এই* ভাইয়েরা *এইভাবে* বাপ্তিস্ম দিচ্ছে। এবং *এরা এইভাবে* বাপ্তিস্ম দিচ্ছে, আমাদের থেকে মুখ ঘুরিয়ে নেয়। এবং এই বাপ্তিস্ম..."

96 দক্ষিণ আফ্রিকার মতো সেখানে, ভাই, আমরা এটার সম্মুখীন হয়েছিলাম। তারা আমাকে জিজ্ঞাসা করেছিলো। একটি দল তিনবার সামনে মুখ করে, বাপ্তিস্ম দিচ্ছে। এবং অন্য দলটি আবার পেছনের দিকে পিঠ করে তিন বার বাপ্তিস্ম দিচ্ছে, এবং তারা বলেছিল...আমি বললাম, "আপনারা এটা কোথায় পেলেন ?"

97 একজন বললেন, "যখন তিনি মারা যান, বাইবেল বলে যে তিনি সামনের দিকে ঝুঁকে মরেছিলেন," এবং বললেন, "তাই আমাদেরকে সামনের দিকে মুখ করে ডোবান উচিত।"

98 আর আমি বললাম, "ঠিক আছে," অন্য দলকে বললাম, "কি...আপনাদের ব্যাপারে কি ?"

বলেছিল, "আপনি কি কখনও একজন মানুষকে তার মুখ সামনে ঝুকিয়ে কবর দিয়েছেন ?"

99 আচ্ছা, আপনারা কি জানেন ? তারা নিজেদের বিভক্ত করে ফেলেছে এবং দুটি দল তৈরি করে, দুটি সংগঠন বানিয়ে ফেলেছে। ওহ, দয়া, ভাইয়েরা ! এটাই তো শয়তান চায়। ঠিক এটাই সে চায়। হ্যাঁ। নিজেকে পান...

100 এখন, দেখুন, এটি অ্যাপোস্টলিক ফেইথ মিশন নয়, অথবা—অথবা এটি পেন্টেকোস্টাল অ্যাসেম্বলি নয়, অপর প্রান্তে। এটা সেটি নয়। এখানে উভয় দলের মধ্যে ভালো মানুষ আছে, যেমন এখানে আছে। কিন্তু, আপনারা দেখুন, এটা একটা প্রণালী।

101 এটি ঠিক ক্যাথলিকদের মত, যেমন আমি প্রায়ই বলে থাকি। যদি সে ক্যাথলিক হয়, আর পরিত্রাণের জন্য খ্রিষ্টের ওপর নির্ভর করছে, তবে সে উদ্ধার পেয়েছে। নিশ্চিতভাবেই, ওটা সত্য। যদি সে তাঁর মণ্ডলীর ওপর নির্ভর করছে, তাহলে সে হারিয়ে গিয়েছে। আর পেন্টিকোস্টাল ভাইয়েরা আপনাদের যে কোন ব্যক্তিই জানেন, যদি আমরা পেন্টিকোস্টাল গির্জার দিকে তাকিয়ে থাকি যে সেই গির্জা আমাদের উদ্ধার করবে, "আমরা তাহলে, সবথেকে বেচারা লোকদের মধ্যে আছি," ওটা ঠিক, কারন আমরা হারিয়ে গিয়েছি। ওটা ঠিক।

102 কিন্তু যদি আমরা খ্রিষ্টের দিকে তাকিয়ে আছি, তাহলে আমরা উদ্ধার পেয়েছি, "তোমার বিশ্বাস দ্বারা," (সেটা, কি ?) একটি সম্পন্ন কাজ। কাজ করার ছোট ছোট পদ্ধতি, আর নাম, এগুলোতে বেশী কিছু আসে যায় না।

103 এখন, আমি ভাই সিজমকে...এবং ভাই নেসকে বললাম, "আপনাদের প্রশ্নের উত্তর দেওয়ার জন্য," আমি বললাম, "এখন, আমি ভাই আপনাদের সাথে কোনও পক্ষ নিতে যাচ্ছি না। আর আমি জানি, যতক্ষন আপনারা হইচই করতে থাকবেন, আপনারা উভয়ই ভুলের মধ্যে পড়ে থাকবেন। দেখুন ? কারণ, আমি বরং আমার মতবাদে ভুল এবং আমার হৃদয়ে সঠিক হতে পছন্দ করব, এর চেয়ে যে আমি আমার মতবাদে সঠিক হই এবং আমার অন্তরে ভুল থাকে।" দেখুন ? আমি বললাম, "মোটের ওপর, এটি আপনার হৃদয়ের অবস্থার ওপরেই নির্ভর করে।"

104 আর আমি এটি একটি অভ্যাস বানিয়ে ফেলেছি যে, এটা জানার জন্য: যে, যদি একজন মানুষ, তিনি কি করেন এবং তিনি কতটা ভিন্নমতের, এবং তিনি আমার সম্পর্কে কি বলেছেন এগুলো কোন ব্যাপার না; যদি আমার হৃদয়ে, কেবল কর্তব্যের খাতিরে নয়, কিন্তু আমার হৃদয় থেকে যদি আমি সেই ব্যক্তিকে প্রেম না করতে পারি যেমন আমি অন্যদের করি, তাহলে আমি জানি যে এখানে কিছু ভুল রয়েছে, বুঝলেন। ওটা ঠিক, কারণ, এটা—এটা...কোন ব্যাপার না যদি সে...

105 বেশী দিন হয় নি, এক ছোট ভাই এসেছিলেন, একজন ছোট ভাই চার্চ অফ ক্রাইস্ট থেকে। আর, ওহ, উনি সেখানে দাঁড়ালেন, আর তিনি বললেন, "এই ব্যক্তি হলেন একজন শয়তান।" বুঝলেন ? উনি বললেন, "তিনি পবিত্র আত্মার কথা বলেন।" তিনি বললেন, "ওরকম কিছুর অস্তিত্বই নেই। তারা, আচ্ছা, কেবল বারো জন শিষ্যই পবিত্র আত্মা লাভ করেছিল। আর—আর দৈব আরগ্যদান কেবল সেই বারো জন শিষ্যকেই দেওয়া হয়েছিল।" আর তিনি বলতে থাকলেন, প্রায় আধা ঘন্টা ধরে।

106 আর আমি বললাম, "এক মিনিট, ভাই। আমি মনে করি আপনার আমাকে কেবল একটি সুযোগ দেওয়া উচিৎ এটির পক্ষ সমর্থনের, দেখুন।" আমি বললাম,

"আপনি বললেন যে আপনি তাই বলেন যা বাইবেল বলে, আর যখন তা নিস্তব্ধ থাকে সেখানে আপনিও নিস্তব্ধ থাকেন।"

আর তিনি বললেন, "আমরা তাই করি।"

107 আমি বললাম, "এখন আপনি বললেন যে কেবলমাত্র বারোজন শিষ্যই পবিত্র আত্মা পেয়েছিল। বাইবেল বলে 'উপরের কুঠুরিতে, মহিলা এবং সকলে মিলে একশ কুড়ি জন ছিল যখন পবিত্র আত্মা নেমে এসেছিল।' আপনি কি কিছু মনে করবেন যদি আমি জিজ্ঞেস করি, আপনি কি মনে করেন যে পৌল পবিত্র আত্মা পান নি? আর সে এটা পেয়েছিল সেই ঘটনার থেকে অনেক সময় পরে, দেখুন। আর আপনি বললেন, 'পবিত্র আত্মার দানসকল কেবল সেই বারোজন শিষ্যকেই দেওয়া হয়েছিল।' আর স্তিফান সেখানে নীচে গিয়েছিল, তাঁর কিছু দিন পরে, আর সে সেই বারোজনের মধ্যে একজন ছিল না। সে তো এমনকি একজন প্রচারকও ছিল না। সে তো একজন পরিচারক ছিল, আর সে শমরিয়তে গিয়েছিল আর মন্দ আত্মা দূর করেছিল।" আর আমি বললাম, "ওহ, ভাই!" ঠিক এখানে এটি খুবই নিস্তব্ধ ছিল, হ্যাঁ, যেখানে আপনাকে এটা বজায় রাখা উচিৎ ছিল।

108 আর এটা শেষ হবার পর, "কিন্তু," আমি বললাম, "আমি আপনাকে ক্ষমা করি আমায় শয়তান বলার জন্য, কারন আমি জানি আপনি তা বলতে চান নি।"

109 আর তারপর যখন তিনি শেষ করলেন, তিনি উপরে এলেন। তিনি বললেন, "একটি বিষয় আছে যা আমি বলতে পারি। আপনার কাছে খ্রিষ্টের আত্মা আছে।"

110 আমি বললাম, "এখন, ভাই, আমি কি, একজন শয়তান না আমি খ্রিষ্ট হতে?" দেখলেন? দেখলেন?

111 কিন্তু আমি আপনাকে বলি, দেখুন, কারন তিনি একজন মানুষ, তিনি সেটা বলতে পারেন, আমি তাকে প্রেম করি; এটি কোন ব্যাপার নয়, তিনি ভিন্ন মত পোষণ করছিলেন, এবং ঘোর বিরোধী এবং কঠোর সমালোচক ছিলেন, তিনি...

112 আমি একজন শিকারি, আর আমার সারা জীবন ধরে, বন্য পশুদের সাথে কাটিয়েছি। আর লোকেরা বলেছে, "কিভাবে..." সেই সময় যখন আমাকে সেই ভাল্লুকটিকে মারতে হত, একটি চাকু দিয়ে, দেখুন। বলেছিল, "তুমি কি তাকে দেখে ভয় পাও নি?"

113 আমি বললাম, "না। যদি আমি তাকে দেখে ভয় পেতাম, তাহলে সে আমাকে মেরে ফেলত, বুঝলেন।"

114 কিন্তু, দেখুন, আপনি পারবেন না—আপনি তাদেরকে ধাপ্পা দিতে পারবেন না। তারা জানে যে আপনি তাদের দেখে ভয় পান, কি না। আপনি একটি ঘোড়াকে দেখে ভয় পান, আর দেখুন যে ঘোড়াটি কি করবে, সে আপনাকে সজোরে আঘাত করে ফেলে দেবে। বুঝলেন? তাই যদি আপনি ভয় পান...আপনি এই ব্যাপারে তাকে ধাপ্পা দিতে পারবেন না। আপনার কাছে বাস্তবিকই এটা থাকতে হবে।

ঐভাবেই শয়তানের সাথেও করতে হয়।

115 লোকদের মধ্যেও ঠিক সেরকমই হয়ে থাকে। আপনাকে লোকদেরকে প্রেম করতে হবে। আপনি কেবল ধাপ্পা দিয়ে চলতে পারেন না। আপনার কাছে এটি থাকতেই হবে, না হলে কোথাও না কোথাও আপনার রং বেরিয়ে আসবে, বুঝলেন। ওটা ঠিক। আপনাকে প্রকৃতরূপেই লোকদের প্রেম করতে হবে, আর

তারা জেনে যায় যে আপনি তাদের প্রেম করেন। দেখুন, সেখানে কিছু থাকে এই ব্যাপারে।

116 আর এখন সেই ব্যক্তি, কিছুদিন আগে, আমার স্ত্রীকে ডেকেছিলেন, আর বলেছিলেন, "ভাই ব্রানহাম আছেন?"

বলেছিল, "না।"

117 বলেছিলেন, "আচ্ছা, আমাকে একটি কথা বলতে হবে। আমি, মতবাদের দিক থেকে, তাঁর বিপক্ষে ছিলাম, কিন্তু আমি বলবো উনি হলেন খ্রিষ্টের একজন সেবক।"

118 আচ্ছা, তারপর, আর তারপর আমার যাবার আগে, তিনি আমায় একটি চিঠি পাঠিয়েছিলেন, আর তিনি বলেছিলেন, "আপনি যখনই ফিরে আসবেন, আমি চলে আসবো। আমি সেই পবিত্র আত্মার বাপ্তিস্ম চাই যার বিষয়ে আপনি বলেছিলেন।"

119 সুতরাং, আপনারা দেখুন, কেবল কোথায় যদি আপনার কাছে থাকে...যদি আমার কাছে সেই অনুভুতি থাকতো, এটা বলার, "কেন, আপনার কাছে কিছুই নেই। আপনার পুরানো সংস্থা একদম ভালো না, আর—আর আপনারা সকল চার্চ অফ ক্রাইস্টের লোকেরা একদম ভালো না। আপনারা ভালো না। আপনারা—আপনারা শয়তান।" তাহলে আমি কখনই সেই ব্যক্তিটিকে জিততে পারতাম না। আর যদি আমি ওনাকে বলতাম যে আমি ওনাকে প্রেম করি, আর সেটা আমার হৃদয় থেকে না হত, তিনি তা ভালমতই জেনে যেতেন। এতে ব্যাস এটাই আছে। আপনাকে আপনার হৃদয় থেকে বলতে হবে।

120 আর সেই রাতে যখন আমি মঞ্চে হেঁটে গেলাম, সেই আত্মা পরখের দানের প্রভাবের সাথে নীচে, বুঝলেন। আমি এটির বিষয়ে চিন্তা করি না। আমি, রাতের খাবার সময়ের পর থেকে, কিছু খাই না; আর উপবাস এবং প্রার্থনায়, এবং ঘরের মধ্যে থাকি। কারণ, তিনি আমাকে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে তিনি তা করবেন। আর তাই আমি বিনা সন্দেহে যেতে পারি, কারণ তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে তিনি তা করবেন। সুতরাং, দেখুন, আমার...আমি আমার উদ্দেশ্য জানি (কি?), আমার উদ্দেশ্য (কি?), ঈশ্বরের রাজ্যের উন্নয়নের জন্য।

121 যদি একজন মানুষ *এই* পথে যায়, *সেই* পথে যায়, যেকোন গির্জায় যায়; যতক্ষন পর্যন্ত তিনি খ্রীষ্টের কাছে আসেন, ততক্ষণ পর্যন্ত আমার কোনও সমস্যা নেই। এবং ওটিই আমার হৃদয়ে আছে। দেখুন? এবং কোন ব্যাপার না, যদি আমরা চার্চ অফ ক্রাইস্টে যোগদান করি, সেটা ঠিক আছে। সেটা ঠিক আছে। যদি তিনি...তিনি কোন গির্জায় যোগদান করেন, এতে আমার কোন আপত্তি নেই। কিন্তু যতদিন পর্যন্ত আমি খ্রীষ্টের সাথে তার আত্মা জয়লাভ করি, এটাই প্রধান জিনিস।

122 তাই আমি বললাম, "ভাই নেস, ভিন্ন হবার জন্য নয়..." এখন আমি আপনাদের দেখাতে যাচ্ছি...যদি আমি *এটি* ব্যবহার করি, তবে তা ঠিক হবে তো ভাই? [ভাই বলেন, "নিশ্চই।"—সম্পা।] আমি বললাম, "আমি বলতে চাই এবং ব্যাখ্যা করতে চাই।" আর, এই ব্যাপারে, আমি আপনাদের এখানে কিছু বলতে চাই ভ্রাতারা। এখন, আপনার মন্ডলীর মধ্যে এটি উল্লেখ করবেন না। যদি আপনারা এমন করেন, এবং আমার প্রতি একটি অনুগ্রহ করেন, কেবল—কেবল—কেবল আমাকে আপনার ভাই হয়ে থাকতে দিন। আপনারা বুঝলেন?

এবং আমি, এবং যদি—যদি আমি ভুল হয়ে থাকি, তাহলে আপনারা আমাকে ক্ষমা করবেন। কিন্তু আমি আপনাদের কাছে বর্ণনা করতে চাই, যেহেতু এখানে উভয় দলই আজ সকালে উপস্থিত আছে, ওয়াননেস এবং—অ্যাসেম্বলিস, এবং ত্রিত্বে বিশ্বাসীগণ উভয়ই।

123 এখন আমি আপনাদের সামনেএই বিবৃতি দিতে চাই। আমি বলতে চাই যে আমি বিশ্বাস করি যে উভয় পক্ষই ভুল, যতক্ষণ তারা একে অপরের সাথে তর্কবিতর্ক করে, কারণ তাদের মনোভাব ভুল। আর যতদিন আপনার মনোভাব ভুল থাকবে, আপনার উদ্দেশ্য কি তাতে কিছু যায় আসে না, কিন্তু সেই উদ্দেশ্যের প্রতি যখন আপনার মনোভাব ভুল থাকে, তাহলে এটি কখনই কাজ করবে না। সেটা ঠিক।

124 এখন, কিছু লোক বলেছে, "ভাই ব্রানহাম, আপনি একজন 'কেবল যীশু' দলভুক্ত (Jesus only)।" আমি বলতে চাই যে এটি একটি ত্রুটি। আমি একজন 'কেবল যীশু' (Jesus only) নই।

125 কিছু লোকেরা বলেন, "ভাই ব্রানহ্যাম, আপনি কি ত্রিত্ববাদী?" না, মহাশয়। আমি একজন ত্রিত্ববাদী নই। আমি একজন খ্রিস্টান। দেখুন? আমি—আমি—আমি না...ত্রিত্ব শব্দটি এমনকি বাইবেলে কোথাও উল্লেখ নেই, এই "ত্রিত্বতা" শব্দটি। আর আমি বিশ্বাস করি না যে তিনটি পৃথক ঈশ্বর আছে।

126 আমি বিশ্বাস করি যে এক ঈশ্বর আছেন, তিনটি কার্যস্থিতিতেঃ পিতা, পুত্র, পবিত্র আত্মা। এটাই সেই কারন যে আমদের পিতা, পুত্র, পবিত্র আত্মার নামে বাপ্তিস্ম দেবার জন্য আজ্ঞা দেওয়া হয়েছিল। আমি বিশ্বাস করি যে এটা ঈশ্বরের করুনা, যা নিচে নেমে এসেছে।

127 এখন, ঈশ্বর, যখন মানুষের কাছে প্রথম আবির্ভূত হন, তিনি আগুনের স্তম্ভের আকারে ছিলেন। আপনারা বিশ্বাস করেন, তাই না?...যে কোন বাইবেলের পাঠক জানে যে প্রান্তরে থাকা সেই আগুনের স্তম্ভ লোগোস ছিল, যা নিয়মের সেই দূত ছিল, যা ছিল খ্রীষ্ট।

128 কারণ, তিনি বলেছিলেন...তিনি ছিলেন...এটা ছিল না...আমি বিশ্বাস করি যে সাধু যোহনের ৬ অধ্যায়ে সেখানে, তিনি বলেছিলেন, "অব্রাহামের জন্মের পূর্বাবধি 'আমি আছি।'" তিনিই ছিলেন সেই "আমি আছি।"

129 সুতরাং, তিনি পবিত্র, ঈশ্বর ছিলেন; এমনকি যদি কোন মানুষ সেই পর্বতকে স্পর্শ করে ফেলত, তাহলে তাকে মরতেই হত, দেখলেন। ঠিক আছে। এখন, সেই একই ঈশ্বর নিজেকে তার তৈরি সেই সৃষ্টির মধ্যে হয়ে কাজ করার চেষ্টা করছিলেন যা তিনি সৃষ্টি করেছিলেন। এখন, তিনি তাদের কাছে আসতে পারতেন না, কারণ তারা পাপী ছিল, আর ছাগের ও ভেড়ার রক্ত কখনও পাপকে ধৌত করতে পারত না। আমরা সেটা জানি। এটা শুধু পাপকে আবৃত করে রাখত।

130 এখন, কিন্তু সেই একই ঈশ্বর যিনি আগুনের স্তম্ভ ছিলেন, তিনি তাঁর পুত্রের মধ্য দিয়ে হয়ে, মাংসে মূর্তিমান হয়ে গেলেন এবং একটি দেহে বাস করতে লাগলেন যাকে প্রভু যীশু খ্রীষ্ট বলে ডাকা হত। বাইবেল বলে, "তাঁর মধ্যে ঈশ্বরীয় দেহের পূর্ণতা বাস করে।" এবং যীশু বলেছেন...আচ্ছা, প্রথম তীমথিয় ৩:১৬ তে, "আর ভক্তির নিগুরতত্ব মহৎ, ইহা সর্বসম্মত।" আর যদি তারাই এটিকে মহৎ বলত, কেন, আমরা তবে কি বলব, দেখুন? "ঈশ্বরের রহস্য মহৎ, কারন ঈশ্বর মাংসে প্রকাশিত হলেন, এবং দুতগনের নিকট দর্শন দিলেন, এবং সপ্রতাপে

ঊর্ধে নীত হলেন," এবং এসবকিছু। আর এখন, তিনি সাধু যোহন ১৪ তে থোমাকে বলেন, "যে আমাকে দেখিয়াছে, সে পিতাকে দেখিয়াছে। আর কেন তুমি বলছ, 'আমাদের পিতাকে দেখান' ?" বাইবেল বলে, "ঈশ্বর খ্রীষ্টের মধ্যে ছিলেন, জগতকে নিজের সঙ্গে মিলিত করছিলেন।"

131 এখন, ঈশ্বর তিন জন ব্যক্তি, তিনজন ঈশ্বর হতে পারেন না। না যীশু খ্রিষ্ট তাঁর নিজের পিতা হতে পারেন, নিজের মধ্যেই। দেখুন ? সুতরাং, আপনারা দেখুন, এটা উভয়কেই মৌলিকভাবে ভুল করে তোলে।

132 এখন, আর এখন যদি আপনারা লক্ষ্য করেন, এমন কোন স্থান নেই...যদি আমাদের কাছে তিনটি ঈশ্বর থাকে, তাহলে আমরা মূর্তিপূজক হয়ে যাব। এখন, আমরা সেটা জানি।

133 যেমন একজন ইহুদী একবার আমাকে বলেছিলেন, যখন আমি তার সাথে কথা বলছিলাম, বল্লেন, "তাদের মধ্যে কোনটি আপনাদের ঈশ্বর ? আপনাদের ঈশ্বর কোনটি, পিতা, পুত্র না পবিত্র আত্মা ? কোনটি আপনাদের ?"

আর আমি বললাম, "কেন, তিনজন ঈশ্বর তো নেই।"

134 তিনি বললেন, "আপনারা ঈশ্বরকে তিন টুকরা করে আর তাকে একজন ইহুদিকে দিতে পারবেন না।"

আমি বললাম, "না, মহাশয়।" আমি বললাম...

135 যখন জন রায়ান তাঁর অন্ধত্ব থেকে সুস্থ হয়েছিলেন, সেই ফোর্ট ওয়েনে, আপনি জানেন; এবং এই রাব্বি এখানে ওপরে মিশাওয়া-...অথবা ফোর্ট... বেন্টন হার্বারে। তিনি বলেছিলেন, "আপনি তিন টুকরো করে ঈশ্বরকে চূর্ণ করতে পারবেন না এবং তা একজন ইহুদীদেরকে দিতে পারবেন না।"

136 আমি বললাম, "নিশ্চিতরূপেই না। আমি পারবো না।" আমি বললাম, "রব্বী, আপনার পক্ষে ভাববাদীদেরকে বিশ্বাস করা কি খুব কঠিন বিষয় হবে ?"

তিনি বললেন, "না।"

137 আমি বললাম, "যিশাইয় ৯:৬ তে, উনি কার বিষয়ে কথা বলছিলেন, 'আমাদেরকে একটি শিশু দত্ত হয়েছে, একটি পুত্র দেওয়া হয়েছে, যাকে বলা হবে আশ্চর্য মন্ত্রি, সনাতন ঈশ্বর, শান্তিরাজ' ?"

তিনি বললেন, "ওটা খ্রিষ্টের বিষয়ে বলা হয়েছে।"

আমি বললাম, "তাহলে, রব্বী, ঈশ্বরের সাথে খ্রিষ্টের সম্পর্ক কি হবে ?"

তিনি বললেন, "তিনি ঈশ্বর হবেন।"

138 "আমি ঠিক এটাই ভেবেছিলাম।" দেখলেন ? এখন, আপনারা দেখুন, ওটা একদম ঠিক। তিনি তো সেটাই। আর তাই আমি বললাম, "এখন আমায় বলুন যে যীশু কোথায় তা পূর্ণ করতে ব্যার্থ হয়েছেন যা ভাববাদী বলেছিলেন যে তিনি করবেন।" আর তিনি কাঁদতে শুরু করলেন এবং চারদিকে হাঁটতে থাকলেন। আমি বললাম, "তাঁর দ্বারাই, জন রায়ান তাঁর দৃষ্টি ফিরে পেয়েছেন।" বুঝলেন ?

আর তিনি বললেন, "ঈশ্বরের পুত্র হওয়া থেকে এটা দূরে থাকুক !"

139 আমি বললাম, "সেই মহান যিহবা একটি মহিলার ওপর ছায়া করলেন, ঠিক যেমন ভাববাদী বলেছেন যে তিনি করবেন, আর একটি রক্ত কোষ সৃষ্টি করলেন। আর সেই রক্ত কোষের মধ্য দিয়েই খ্রিষ্টের দেহ বেরিয়ে এল।"

140 "তাকিয়ে দেখুন, পুরাতন নিয়মের দিকে, রব্বী," আমি বললাম, "যখন এক ব্যাক্তি একটি নৈবেদ্য নিয়ে আসতো, সে একটি মেষ শাবক আনতো। সে জানতো যে সে ঈশ্বরের আজ্ঞা লঙ্ঘন করেছে, তাই সে একটি মেষ শাবক এনেছে। সে তাঁর পাপ স্বীকার করেছে, আর এই মেষ শাবকটি বলিদান করা হয়েছে। যখন সেই...তাঁর হাত সেই মেষ শাবকটির ওপরে রাখা আছে; তাঁর স্বীকারোক্তি যে সে জানে তাঁর পাপের জন্য তাকে মরে যাওয়া উচিৎ ছিল, কিন্তু সেই মেষ শাবকটি তাঁর জায়গা নিচ্ছে। আর রক্ত কোষ ভগ্ন হল; আর সে সেই ছোট মেষটিকে তাঁর হাত দিয়ে ধরে রেখেছে যতক্ষণ না সে তাঁর ছোট জীবনটিকে বাইরে বেরিয়ে যেতে অনুভব না করে, এবং তা কঠিন হয়ে যায়। তারপর যাজক, ক্রমশ, সেই রক্ত ছিটিয়ে দেয় সেই—সেই অগ্নির ওপর, বিচারের সেই পিতল নির্মিত বেদির ওপর।"

141 তারপর আমি বললাম, "সেই ব্যক্তি, তারপর, সেখান থেকে চলে যায়, এটা জেনে যে সেই মেষ শাবকটি তাঁর স্থান নিয়েছে, কিন্তু সে একই ইচ্ছা নিয়ে সেখান থেকে চলে যায় যেমনটা সেখানে আসার আগে তাঁর অন্তরে ছিল, দেখুন, কারন এটা পাপকে ধৌত করতে পারতো না। বুঝলেন ? কিন্তু, তারপর, এই ক্ষেত্রে, 'আরাধনাকারী একবার পরিষ্কৃত হলে, তাঁর কাছে আর পাপের চেতনা থাকে না।' সেখানে, প্রতি বছর একটি নৈবেদ্য চরান হত। কিন্তু, আমি বললাম, "এই সময়ে, 'আরাধনাকারী একবার পরিষ্কৃত হলে, তাঁর কাছে আর পাপের চেতনা থাকে না।' কারন..."

142 "রব্বী, দেখুন। হিমোগ্লোবিনের মধ্যে, সেই ছোট জীবন যা কোষের মধ্যে শুরু হয়, যা পুরুষ জাতি থেকে আসে, এবং মহিলা জাতিতে যায়। এবং সে ডিম্বানু উৎপন্ন করে; কিন্তু, একটি মুরগি ডিম পাড়তে পারে, কিন্তু যদি এটা পুরুষ পাখির সাথে না থাকে, তবে সে কখনই ডিম পাড়তে পারবে না।"

143 আর আমি বললাম, "তারপর ঈশ্বর, সর্বকালের সর্বশ্রেষ্ঠতম যিনি সমস্ত সময় এবং স্থান পূরণ করে থাকেন, একটি মহিলার গর্ভে ছোট একটি জিবানু হয়ে নীচে নেমে এলেন।" আর তারপর আমি বললাম, "আজ আমরা রক্ষা পেয়েছি...যীশু খ্রিষ্ট ইহুদি অথবা পরজাতি ছিলেন না, কারণ ডিম শুধুমাত্র মাংসকে উৎপন্ন করেছে। রক্তের মধ্যে জীবন ছিল। তাই আমরা—আমরা... বাইবেল বলে, 'আমরা ঈশ্বরের রক্ত দ্বারা রক্ষা পেয়েছি।' দেখুন, তিনি ছিলেন না ইহুদি না পরজাতি; তিনি ছিলেন ঈশ্বর। অতএব, যখন আমরা বেদিতে আসি এবং বিশ্বাস দ্বারা, তাঁর মাথার ওপরে, আমাদের হাত রাখি এবং কালভেরিতে তাঁর বিদীর্ণকরন ও যন্ত্রণাকে আনুভব করি এবং আমাদের পাপ স্বীকার করি, যে আমরা ভুল, এবং তিনি আমাদের জায়গায় মৃত্যুবরন করেছেন !

144 "তারপর, আপনি দেখুন," আমি বললাম, "সেই মেষ শাবকের রক্ত এর ওপর ফিরে আসতে পারত না, সেই রক্ত যা...কোষ ভগ্ন হয়ে গিয়েছিল, এবং যে জীবন বেরিয়ে এসেছিল, এই রক্ত কোষ ভেঙ্গে, তা আরাধনাকারীর ওপর ফিরে আসতে পারতো না, কারণ এটি একটি পশুর জীবন ছিল, এবং এটি মানব জীবনের সাথে মিলিত হতো না।

145 "কিন্তু এই সময়, যখন সেই রক্ত কোষ ভেঙ্গে যায়, তখন এটি কেবল একজন মানুষ ছিল না। ওটা ঈশ্বরের জীবন ছিল, যা মুক্ত হয়েছিল। আর যখন আরাধনাকারী, তাঁর হাতকে, বিশ্বাসের দ্বারা, ঈশ্বরের পুত্রের ওপরে রাখে, এবং

তার পাপ স্বীকার করে, অন্য মানুষের জীবন নয়, কিন্তু ঈশ্বরের জীবন এই ব্যক্তির মধ্যে ফিরে আসে, যা হল অনন্ত জীবন। *জোই* (Zoe) শব্দটি, যার অনুবাদ হল, ‘*ঈশ্বরের নিজের জীবন।*’ এবং তিনি বলেছেন তিনি আমাদেরকে *জোই* (Zoe), অনন্ত জীবন, দেবেন এবং এখন আমরা ঈশ্বরের পুত্র এবং কন্যা। আপনি এখানেই আছেন।”

146 আমি বললাম, “এখন এটি কি? এটা ঈশ্বরের, করুনা। তিনি প্রথমে এসেছিলেন, ‘মানুষ তাকে স্পর্শ করতে পারতো না’ কারণ মানুষ পাপ করেছে। তারপর তিনি একটি দেহে এসেছিলেন, ‘পাপের স্বাদ গ্রহণ করার জন্য...পাপকে নেবার জন্য’ দেখুন, তিনি, একমাত্র জিনিস যা ঈশ্বর কখনও করতে পারতেন, সৎ হওয়ার জন্য, তা হল এই ভাবেই এটি করে।”

147 উদাহরনের জন্য, কি হত যদি এই সকালে এই শ্রোতাদের ওপর আমার আধিপত্য থাকতো, ঠিক যেমন ঈশ্বরের কাছে মানুষদের ওপর আধিপত্য আছে, আর আমি বলতাম, “প্রথম ব্যক্তি যিনি ঐ থামের দিকে তাকাবে, সে মরবে,” আর যদি টমি হিক্স এর দিকে তাকান? এখন, উদাহরনের জন্য, আমি নিচ্ছি কার্ল... “ভাই কার্লসন, আপনি ওনার জন্য মরুন।” সেটা ঠিক হত না। আমি বলতাম, “লিও, তুমি আমার সচিব; তুমি ওনার জন্য মর।” সেটা ঠিক হত না। “বিলি পল, আমার পুত্র, তুমি ওনার জন্য মরে যাও।” ওটা ঠিক নয়। ঠিক পথ হল যা আমি করতে পারি, তা হল তাঁর স্থান আমি নিজে গ্রহন করি।

148 আর ঠিক এটাই ঈশ্বর করেছিলেন। তিনি, ঈশ্বর, একজন আত্মা। আর তিনি সৃষ্টি করেছিলেন...তিনি, তিনি তাঁর ছাচ পরিবর্তন করলেন। এটা লোকদের কাছে, আকর্ষণীয় হওয়া বাঞ্ছনীয়, ছোট যিহবার বিষয়ে চিন্তা করা। তিনি আসতে পারতেন, একজন পূর্ণ বয়স্ক মানুষ হয়ে, কিন্তু তিনি এলেন একটি যাবপাত্রে, সারের গাদার ওপর। ছোট যিহবা, একটি শিশুর মত কাদছে। ছোট যিহবা, একটি বালকের মত খেলছে। ছোট যিহবা, কাঠমিস্ত্রির কাজ করছেন, একজন শ্রমিকের মত। ছোট যিহবা, তাঁর কৈশরকালে। যিহবা, স্বর্গ এবং পৃথিবীর মাঝে ঝুলে আছেন, মাতালদের লালাযুক্ত মুখ ও সৈনিকদের থুতু তাঁর মুখমন্ডলের ওপর। যিহবা, তাঁর সন্তানদের জন্য মরছেন। যিহবা, মরছেন, মুক্ত করবার জন্য; অন্য কোন ব্যক্তিকে দিয়ে নয়, কিন্তু তিনি নিজেই! দেখুন, ঈশ্বরকে, ওটা ওনার কার্যালয় ছিল। কেন? তিনি মনুষ্যের হৃদয়ের কাছে ফিরে যেতে চেষ্টা করছেন।

149 এখন, আমরা তাকে স্পর্শ করতে পারতাম না, *সেখানে। এখানে*, আমরা তাকে আমাদের হাত দিয়ে অনুভব করতে পারতাম। এখন তিনি কি করেছিলেন, সেই শরীরকে বলিদান চড়ানোর মধ্য দিয়ে? তিনি আমাদের হয়ে গেলেন আমাদের *মধ্যে* যিহবা। আমরা তাঁরই অংশ। পঞ্চাশত্তমীর দিনে, অগ্নিস্তম্ভ নিজেকে খন্ড খন্ড করে বিভিক্ত করলেন, এবুং অগ্নিবত জিহ্বা প্রত্যেকের ওপর এলেন, এটা দেখাচ্ছিলেন যে ঈশ্বর নিজেকে তাঁর মন্ডলীর মধ্য আলাদা করছিলেন।

150 তারপর, ভ্রাতাগন, যদি আমরা কেবল একসাথে হই, আর সেটাকে একসাথে নিয়ে আসি! তখন আমরা পরিপূর্ণরূপে যিহবাকে পাই, যখন আমরা একসাথে হই। কিন্তু আমরা কিভাবে হতে পারি, *এই* ব্যক্তি অন্যভাষায় কথা বলছে এবং বাপ্তিস্ম প্রাপ্ত হয়েছে, *এই* ব্যক্তি; আর তারপর আগুনের *এই* জিহ্বা ঠিক এখানে রেখে চলছে, আর *এই* ব্যক্তি? আসুন সবকিছুকে একসাথে রাখি।

151 যখন ঈশ্বর, পেন্টিকোস্টের দিন, নেমে এসেছিলেন, আর বাইবেল বলে, "অগ্নিবত জিহ্বা তাদের প্রত্যেকের ওপর বসিল।" আর তারা..."অনেকগুলো জিহ্বা, একটি আগুনের মত," লেহন। এটি ছিল সেই অগ্নিস্তম্ভ যে নিজেকে আলাদা করছিল এবং ভাগ করে নিচ্ছিল, তাঁর লোকদের মধ্যে, যেন আমরা সবাই ভ্রাতা হয়ে উঠি। "সেই দিন তোমরা জানিবে যে আমি পিতাতে, পিতা আমাতে; আমি আমাতে, আর তোমরা আমাতে" আর আমরা, আমরা, এক। আমরা এক, আমরা বিভাজিত নই।

152 এখন, যিহ্বা ঈশ্বর, *এখানে* উপরে, মনুষ্যজাতিকে স্পর্শ করতে পারতেন না, তাঁর নিজের পবিত্রতার আইনে; যিহ্বা ঈশ্বর আমাদের জন্য পাপস্বরূপ হলেন, আর সেই মুল্য চুকিয়ে দিলেন; যেন সেই একই যিহ্বা ঈশ্বর আসতে পারেন এবং আমাদের মধ্যে বাস করতে পারেন। ঈশ্বর আমাদের *ওপরে*; ঈশ্বর আমাদের *সাথে*; ঈশ্বর আমাদের *মধ্যে*; তিন ঈশ্বর নয়; এক ঈশ্বর! অধ্যাপকগন পাগল হয়ে যায়, এটাকে বুঝবার চেষ্টায়। এটি—এটি একটি প্রকাশ। এটা আপনার কাছে প্রকাশিত হতে হবে।

153 এখন, এখন, যখন বাপ্তিস্মের বিষয় আসে, এখন, অনেক লোকেরা... এখন, ভাই, আপনাকে সেটা করতে হবে। অথবা, এটা এরকম যে আমি বললাম ভাই সিজম এবং ভাই নেসকে, যে যদি আপনারা...সেই—সেই বিতর্ক চলে এল। আর যেকোন, এখানে উপস্থিত অনেক পন্ডিতগন আমার থেকে অনেক বেশী যোগ্য; কিন্তু আমি এই বিষয়ের ওপর অনেক অধ্যয়ন করেছি। আর আমি *প্রাক-নাইসিন পিতাগন*, *নাইসিন পরিষদ*, এবং সমস্ত ইতিহাসবিদদের লেখা অধ্যয়ন করেছি, আর সবকিছু করেছি।

154 ঐ সমস্যাটি উঠে এসেছিল নাইসিন পরিষদ থেকে। উভয় পক্ষই সেই বীজে চলে গিয়েছিল; যখন ক্যাথলিক গির্জা চূড়ান্ত ত্রিত্ববাদের দিকে চলে গিয়েছিল, আর অন্যেরা একেশ্বরবাদের দিকে চলে গিয়েছিল, আর উভয় পক্ষই ভুল দিকে চলে গিয়েছিল। একদম সঠিক, কারন মানুষের মধ্যে এটি করবার জন্য কিছু ছিল।

155 আপনাকে ঈশ্বরকেই এটা করতে দিতে হবে, আমাদের এটা খুঁজে বের করার প্রয়োজন নেই। আসুন আমরা ভাইয়ের মত থাকি। আসুন এগিয়ে যাই এবং ঈশ্বরকে আমরা তা করতে দিই যা তিনি করতে চলেছেন। যদি তিনি সর্বজ্ঞানী হন এবং সমস্ত কিছু জানেন, আর তিনি আদি থেকে অন্ত পর্যন্ত ভবিষ্যৎবাণী করেছেন, তাহলে আমরা এই বিষয়ে কিভাবে কিছু করতে পারি? কেবল এগিয়ে চলুন। ওটাই একমাত্র পদ্ধতি। পদক্ষেপ অনুসারে চলুন, যেমন আমি গত রাতে বলেছিলাম, আমাদের মহান যিহোশূয়ের সাথে।

156 এখন দেখুন, যদি তিনটি ঈশ্বর থেকে থাকেন...আমি আপনাদের দেখাতে চাই যে এটা কত উপহাস্য ব্যাপার। যদি তিন ঈশ্বর হয়ে থাকেন, তাহলে তো যীশু নিজেই নিজের পিতা হয়ে যাবেন...যীশু নিজেই তাঁর পিতা হতে পারতেন না, একজন হলে। আর যদি তিন ঈশ্বর হতেন, তবে তিনি একজন কুমারীর গর্ভে জন্ম নিতে পারতেন না। এখন কত জন...[ভাই ব্রানহাম বর্ণনা করেন, তিনটি বস্তু ব্যবহার করে—সম্পা।] আমি বলতে যাচ্ছি *এই* হলেন পিতা ঈশ্বর; এবং *এই* হলেন পুত্র ঈশ্বর; এবং *এই* হল পবিত্র আত্মা ঈশ্বর।

157 এখন, এখানে উপস্থিত বিভিন্ন ভাইদের বলছি, আপনারা এই এক মিনিট নজর দিন এবং আপনারা দেখুন আমি কি ইঙ্গিত করার চেষ্টা করছি। আমি প্রার্থনা

করি যে ঈশ্বর আপনাদের তা দেখতে দেবেন। এখন দেখুন, আপনারা উভয়ে একই জিনিস বিশ্বাস করেন, কিন্তু শয়তান শুধু আপনাদের মধ্যে ঢুকে গিয়েছে এবং এই বিষয়ে আপনাদের বিচ্ছিন্ন করে দিয়েছে। এটা ঠিক একই জিনিস, এবং আমি ঈশ্বরের সাহায্যে, এবং ঈশ্বরের বাইবেল দ্বারা, আপনাদের কাছে এটি প্রমাণিত করব। যদি এটি বাইবেল থেকে না হয়, তাহলে এটি গ্রহন করবেন না। সেটা ঠিক।

158 কিন্তু এখন দেখুন [ভাই ব্রানহাম ব্যাখ্যা করেন, তিনটি বস্তু ব্যবহার করে—সম্পা।] *এই* হল (কি?) ঈশ্বর পিতারূপে; *এই* ঈশ্বর পুত্ররূপে; *এই* হল পবিত্র আত্মারূপে ঈশ্বর। ভাল, এখন, এখনে এক মিনিট থামুন, ওখানে এই তিনটিকে স্থাপন করে; ঈশ্বর পিতা, পুত্র এবং পবিত্র আত্মা

159 ওহ, এটা করবার জন্য আমি—আমি সময় পাব না। আমি...[ভাইয়েরা বলেন, "এগিয়ে যান! এগিয়ে যান!"—সম্পা।] কিন্তু, দেখুন, ভাল, আমি যতটা সম্ভব দ্রুত করবার চেষ্টা করব। আমার ভাইয়েরা, আমাকে ক্ষমা করে দিন, কিন্তু আমি—আমি—আমি কখনো আপনাদের সাথে কথা বলতে পারি নি, এবং আমি—আমি এটা করতে চাই।

160 এবং তারপর, দেখুন; ঈশ্বর পিতা, পুত্র, পবিত্র আত্মা। এখন, যীশু খ্রীষ্টের পিতা কে? ঈশ্বর যীশু খ্রীষ্টের পিতা ছিলেন। আমরা সবাই সেটা বিশ্বাস করি। এটা কি সঠিক? [মণ্ডলী বলে, "আমেন।"—সম্পা।] ঠিক আছে।

161 এখন, যখন আমরা মথি ২৮:১৯ গ্রহণ করি, যখন যীশু বলেছিলেন, "তোমরা গিয়ে সমস্ত জাতিকে শিক্ষা দাও, তাদের পিতার নামে, পুত্র, পবিত্র আত্মার নামে বাপ্তাইজ কর", দশ দিন পরে, পিতর বললেন, "মন ফিরাও এবং প্রভু যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হও।" কোথাও কোন সরাসরি অসঙ্গতি আছে। এখন, আসুন না...এখানে...

162 সবাই সাক্ষ্য দিয়েছেন, এবং বলেছেন। এই হল সেটা। এই হল আমার বিশ্বাস, এবং আমি তা আপনাদের সামনে রাখছি, ভাইয়েরা। আমি এই পুলপিটের মধ্য থেকে এটা বলছি না; এটা আপনাদের উপর নির্ভর করছে। কিন্তু আমি আপনাদেরকে দেখাবো যা আমি উভয় পক্ষের মধ্যে দেখছি, যেন পবিত্র আত্মা আপনাদেরকে তা প্রকাশ করেন, বুঝলেন।

163 এখন, মথি ২৮:১৯, এবং যদি—যদি মথি ২৮:১৯ প্রেরিত ২:৩৮ এর বিরোধিতা করে, তাহলে বাইবেলের মধ্যে একটি দ্বন্দ আছে, এবং তাহলে এটা যে কাগজে লেখা হয়েছে তাঁর কোন মুল্য থাকবে না।

164 এখন যদি আপনারা মথি ১৬ অধ্যায় লক্ষ্য করে থাকেন, যীশু পিতরকে প্রকাশ দিয়েছিলেন, এবং তাকে চাবি দিয়েছিলেন।

165 এখন, মনে রাখবেন, বাইবেল কোন মানুষের তৈরি প্রকল্প ধর্মতত্ত্ব দ্বারা প্রকাশ করা হয় না। এটা একটি আত্মিক প্রকাশ।

166 এটি একটি আত্মিক প্রকাশ ছিল, শুরু থেকেই। কেন হেবল ঈশ্বরকে কয়িনের চেয়ে আরও চমৎকার বলিদান প্রদান করেছিলেন? "এটা তাঁর কাছে প্রকাশ করা হয়েছিল," এটা কোন পিচ (জামজাতীয় একটি ফল), এবং আপেল, আর কমলা এবং আপেল ছিল না। যদি আপেল ফল নারীদের উপলব্ধি করাতে পারে যে তারা নগ্ন, তাহলে আমাদের আবারও তাদেরকে আপেল দিয়ে দিলে ভালো হবে, ভাইয়েরা। আপনাদেরও কি তাই মনে হয় না? এখন, সেটা, সেটা শুনতে

অপবিত্রকর মনে হতে পারে, কিন্তু আমি এই অর্থে বলতে চাই নি। কিন্তু, এটা আপেল ছিল না। না, মহাশয়। এখন, এবং যদি তাই হত, তাহলে, "এটি হেবলের কাছে প্রকাশিত হয়েছিল," যে সে তার বাবার রক্ত ছিল। তাই সে রক্ত দিয়েছিল, কারণ এটি একটি আত্মিক প্রকাশ ছিল। পুরো জিনিসটিই সেটার উপর নির্মিত।

167 এখন দেখুন, এখানে একটি পুরানো অজ্ঞ জেলে আছে, এমনকি যথেষ্ট শিক্ষাও তাঁর নেই...বাইবেল বলে যে সে অজ্ঞ এবং অশিক্ষিত ছিল। কিন্তু সে সেখানে দাঁড়িয়ে ছিল, এবং যীশু এই প্রশ্নটি জিজ্ঞাসা করেছিলেন, "তুমি কি বল আমি মনুষ্যপুত্র সম্বন্ধে ?"

168 কেউ বলে, "কেন আপনি, আপনি মোশি..." বা, "তারা—তারা বলে 'আপনি মোশি।'"

"তারা আমাকে কি বলে যে আমি কে ?"

একজন বলে, "কেন ? আপনি হলেন যিরমিয় বা কোন ভাববাদী, এবং *এটা, ওটা* অথবা *অমুক*।"

169 তিনি বললেন, "ওটা আমার প্রশ্ন নয়। আমি *তোমাদেরকে* জিজ্ঞেস করেছি। তোমরা কি বল যে আমি কে ?"

170 আর পিতর ঠিক দাঁড়িয়ে থাকলো, আর বলল, "আপনি ঈশ্বরের পুত্র।"

171 আর তিনি বললেন, "হে যোনার পুত্র শিমন, ধন্য তুমি।" এখন লক্ষ্য করবেন। "রক্তমাংস তোমার নিকটে ইহা প্রকাশ করে নাই, আমার স্বর্গস্থ পিতা প্রকাশ করিয়াছেন।" বুঝলেন ?

172 এখন দেখুন, এখন, ক্যাথলিক মন্ডলী বলে যে তিনি পিতরের ওপরে তাঁর মন্ডলী গেথেছিলেন। ওটা ভুল।

173 প্রোটেস্টান্ট মন্ডলী বলে, "তিনি নিজের ওপর তাঁর মন্ডলী গেথেছিলেন।" কিন্তু এখন লক্ষ্য করুন এবং খুঁজে দেখুন, দেখুন সত্যিই কি তাই।

174 তিনি এটি এই আত্মিক প্রকাশের উপর নির্মান করেছিলেন যে তিনি কে ছিলেন, দেখুন, কারন তিনি বলেছিলেন, "হে যোনার পুত্র শিমন, ধন্য তুমি। রক্তমাংস তোমার নিকটে ইহা প্রকাশ করে নাই। আমি বলি তুমি পিতর; এই পাথরের উপর" (কোন পাথর ? সেই আত্মিক প্রকাশ) "আমি আমার মন্ডলী গাঁথিব, এবং নরকের দরজা এটির বিরুদ্ধে প্রবল হতে পারবে না।" [ভাই ব্রানহাম পুলপিটের ওপর তিনবার টোকা মারলেন—সম্পা।]

175 তারপর, যখন মথি ২৮ উদ্ধৃত হয়েছিল তখন পিতর সেখানে উপস্থিত হয়ে দাঁড়িয়ে ছিলেন এবং দশ দিন পরে, সেই প্রকাশ সাথে নিয়ে এবং "প্রভু যীশু খ্রীষ্টের" নামে বাপ্তিস্ম দিয়েছিলেন। কেন তিনি তা করেছিলেন ? ঈশ্বরের সেই প্রকাশের সঙ্গে; এবং রাজ্যের চাবিগুলোও তাঁর কাছেই ছিল, ভাই।

176 এখন আমি আপনাদেরকে এক মিনিটের জন্য কিছুটা আঘাত করতে পারি, আপনাদের একপাশে, কিন্তু এক মিনিটের জন্য দাঁড়ান। বাইবেলে এমন একটিও জায়গা নেই যেখানে কোন ব্যক্তি "পিতা, পুত্র, পবিত্র আত্মার" নামে বাপ্তিস্ম নিয়েছে। শাস্ত্রের এক জায়গাতেও নেই। আর যদি তা থাকে, তাহলে আমার কাছে আনবেন। আর যদি আপনারা পবিত্র ইতিহাসে কোথাও খুঁজে পান, ক্যাথলিক গির্জার গঠন না হওয়া পর্যন্ত, আমি চাই তাহলে আপনারা এটা আমার কাছে আনতে পারেন। এখানে এখন পর্যন্ত, কোন স্থানেই নেই, এবং সেটা সত্য।

কিন্তু এখন এক মিনিট অপেক্ষা করুন, আপনারা যারা একতা বিশ্বাসী, মাত্র এক সেকেন্ড।

177 এখন, সেখানে কোন স্থান নেই...যদি কেউ আমাকে বাইবেলে একটি পাঠ্য প্রদর্শন করতে পারে যেখানে বাইবেলে সেই বিধিতে, "পিতা, পুত্র, পবিত্র আত্মা" ব্যবহার করা হয়েছে, আপনারা আমাকে বলুন যেখানে কারো সেই মত বাপ্তিস্ম হয়েছিল।

178 আর তাদের মধ্যে কেউ কেউ বলে, "ভাল, আমি সেটাই গ্রহন করবো যা যীশু বলেছেন, পিতর কি বলে সেটা নয়।" যদি তারা, একে অপরের বিরোধিতা করে, তাহলে আমরা কি করতে যাচ্ছি? যদি এটার সবটাই ঈশ্বর না হয়, তাহলে বাইবেলের কোন অংশ সঠিক?

179 এটির সবটাই অনুরূপ হতে হবে এবং একসঙ্গে আসতে হবে, এবং শুধুমাত্র ঈশ্বরের প্রকাশের দ্বারাই তা সম্ভব। আমাদের স্কুলগুলি কখনই এটি শেখাবে না। এটি একটি আত্মিক প্রকাশ, আপনাকে এটা দেখা আবশ্যক।

180 তারপর, যদি সেই দুই ব্যক্তি, একে অপরের বিপরীতে থাকে, তাহলে আমরা কোন ধরনের বাইবেল পড়ছি? আমি কিভাবে জানবো যে যোহন ১৪ সঠিক, কি না? কিভাবে আমি জানতে পারি যে যোহন ৩ সঠিক, কি না? কিভাবে, কিভাবে, কিভাবে আমি জানতে পারবো? দেখুন?

181 কিন্তু একমাত্র উপায় যার দ্বারা আমি ঈশ্বরের উপর বিশ্বাস রাখতে পারি, তা হল আমায় এটা জানতে হবে যে বাইবেল সঠিক, এবং বিশ্বাস করি যে এটি সঠিক, এবং এটির সাথে সঠিক থাকি। যদিও আমি এটা বুঝতে পারছি না, আমি তাও এটির সাথে সাথে চলি, যাই হোক না কেন।

182 কিন্তু যখন এই দ্বন্দগুলি উঠে আসে, তখন আমি ঈশ্বরের কাছে যাই, সেটা খুঁজে বের করতে। এবং সেই একই দুত যিনি আমার সাথে সভাগুলোর মধ্যে সাক্ষাত করেন এবং রাতে, তিনিই সেই ব্যক্তি যিনি আমাকে এই শিক্ষা দিয়েছেন। দেখুন? এখন দেখুন যদি এটা এমন হয়, তাহলে এখন এটা কিভাবে এমন হল।

183 এখন, মথি ২৮:১৯, এখন শুধু একটি মুহূর্ত লক্ষ্য করুন। আর এখন আমি এখানে প্রেরিত ২:৩৮ গ্রহণ করতে যাচ্ছি, যেখানে পিতর বলেছিলেন, "প্রভু যীশু খ্রীষ্ট।" আর মথি বলেছিলেন, "পিতা, পুত্র, পবিত্র আত্মা।"

184 এখন শুনুন। তিনি বলেন, "তাদের বাপ্তাইজ কর..." এমন নয় যে "পিতার নামে, পুত্রের নামে, পবিত্র আত্মার নামে।" তিনি কখনোই এই কথা বলেননি। সেখনে ছিল না কোন "নাম...নামে...নামে।"

185 তিনি কখনও বলেননি, "পিতার, পুত্র ও পবিত্র আত্মার *নামগুলিতে* তাদের বাপ্তিস্ম দাও," কারণ এটি এমনকি বোধগম্য নয়।

186 তিনি বলেছেন, "পিতার, পুত্র ও পবিত্র আত্মার নাম (নাম অর্থাৎ একবচন) -এ তাদের বাপ্তিস্ম দাও।" এটা ঠিক? [মণ্ডলীতে বলে, "আমেন।"—সম্পা।] "...পিতা পুত্র, এবং পবিত্র আত্মা", সেই সংযোজনটি, "এবং, এবং, এবং।"

187 "নামগুলোতে" নয়। এরকমও নয় যে "পিতার নামে, পুত্রের নামে, পবিত্র আত্মার নামে।" এমনও নয় যে, "পিতার, পুত্র এবং পবিত্র আত্মার *নামগুলোতে*।" কিন্তু, "নামে", নাম হল, একবচন, "পিতা, পুত্র ও পবিত্র

আত্মার” নামে। এখন, তাদের মধ্যে কোনটি বাপ্তিস্ম নেওয়ার সঠিক নাম? এটা একটিই নাম। সেটি কোনটি? “পিতা” কি সঠিক নাম, বা “পুত্র” কি সঠিক নাম, বা “পবিত্র আত্মা” কি সঠিক নাম?

188 এটি হল একটি “নাম,” যা কোথাও আছে। এটা কি সঠিক? [মণ্ডলী বলে, “আমেন।”—সম্পা।] আচ্ছা, এখন আমি আপনাদেরকে কিছু জিজ্ঞাসা করতে চাই, তাহলে। যদি “নাম” হয়, তাহলে, যীশু যদি বলেছিলেন, “পিতার, পুত্র ও আত্মার নামে তাদের বাপ্তিস্ম দাও...” কতজন বিশ্বাস করেন যে যীশু সেটি বলেছিলেন? [“আমেন।”] এটা শাস্ত্রানুসারে। এটা মথি ২৮:১৯, “পিতা, পুত্র নামে...”

189 [ভাই ব্রানহাম একটু অসুবিধা দেখতে পান—সম্পা।] এমন কিছু যা আমরা...না, এটা, আমি ভাবলাম...ঠিক আছে, মহাশয়। [একজন ভাই বলেন, “মাফ করবেন, ভাই ব্রানহাম?”] হ্যাঁ। [“আমি এই টেপটি পরিবর্তন করতে চাই, এবং আমি এটা হাতছাড়া করতে চাই না।”] ঠিক আছে। [টেপ এ ফাঁকা স্থান।]... ?...

190 এখন, “পিতা, পুত্র এবং পবিত্র আত্মার নামে।” এখন শুনুন, ভাইয়েরা। “পিতা” নামে কোন জিনিস নেই, কারণ *পিতা* কোন নাম নয়। এটি একটি উপাধি। “পুত্র” নামে কোনও জিনিস নেই, কারণ *পুত্র* একটি উপাধি। “পবিত্র আত্মা” নামে কোন জিনিস নেই। এটাই তিনি।

191 আমি সেটা এক সেবকগনের প্রাতরাশে কোন এক সকালে বলেছিলাম, এবং একজন মহিলা...বিচ্ছিন্ন অবস্থায়, অবশ্যই, যে কেউ বিঘ্নিত হবে, এরকম কিছু হলে। তিনি বলেছিলেন, “মাত্র এক মিনিট অপেক্ষা করুন! আমি আপনার কাছে ক্ষমা চাইছি!” বলেছিলেন, “পবিত্র আত্মা একটি নাম।”

192 আমি বললাম, “ওটা তো সেটাই। আমি একজন মানুষ, কিন্তু আমার নাম ‘মানুষ’ নয়।”

193 এ তো পবিত্র আত্মা। এটি একটি নাম নয়। ওটা তো সেটাই। এটি একটি বিশেষ্য, অবশ্যই, কিন্তু এটি একটি না...এটি একটি—এটি একটি...এটি একটি নাম নয়।

194 এখন, তিনি যদি বলেন, “পিতার ও পুত্রের ও পবিত্র আত্মার নামে তাদের বাপ্তিস্ম দাও,” এবং পিতা, পুত্র বা পবিত্র আত্মা কোন নাম নয়, তাহলে সেই নামটি কি? আমরা খুঁজে বের করতে চাই।

195 এখন, আমরা এখানে এক স্থানে এটিকে একত্র করি, যদি আপনারা শুধু দেখেন এবং—এবং—এবং এখন একটু সময় পরিবেশন করুন, বা একটু সময় বাঁচান, আমি বলতে চাইছিলাম। এখন মথি ২৮:১৯ এ লক্ষ্য করুন। এখন, আমি বলি না যে...

196 আপনাদের সাথে হয়তো এটা হয়ে থাকতে পারে, আপনাদের মধ্যে কিছু বোন বা ভাইয়েরা। আপনারা হয়তো কোনদিন কোন একটি বই তুলে নিয়েছেন এবং পিছনের দিকে তাকালেন আর সেখানে বলা আছে, “এর পর জন আর মেরি সুখে বাস করতে থাকলো।” আচ্ছা, এই জন ও মেরি কে? এটি কি...জন আর মেরি কে আর কি যারা এরপরে সারা জীবন সুখে থাকতে লাগলো? শুধুমাত্র একটিই উপায় আছে যার দ্বারা আপনি জানতে পারবেন যে জন এবং মেরি কে;

সেটা হল, যদি আপনাদের কাছে এই বিষয়ে একটু ধোঁয়াশা থাকে, তাহলে ফিরে যান এবং বইটি শুরু থেকে পড়তে আরম্ভ করুন। এটা কি সঠিক ? [মণ্ডলী বলে, "আমেন।"—সম্পা।] প্রথম দিকে ফিরে যান এবং এটি সম্পূর্ণ পড়তে শুরু করুন, এবং এটি আপনাকে জানাবে যে জন এবং মেরি কে।

197 আচ্ছা, যদি যীশু বলেছিলেন যে, যীশু খৃষ্ট ঈশ্বরের পুত্র, যিনি বলেছিলেন, "অতএব তোমরা সমুদয় জাতিকে শিষ্য কর; পিতার, পুত্রের ও পবিত্র আত্মার নামে তাহাদিগকে বাপ্তাইজ কর," এবং না *পিতা, পুত্র* ও *পবিত্র আত্মা* একটি নাম, তাহলে, যদি এটি একটি ধাঁধা হয়, তবে আমাদের পক্ষে ভাল হবে যে আমরা পুস্তকের শুরুতে ফিরে যাই।

198 এখন আসুন মথির প্রথম অধ্যায়ে ফিরে যাওয়া যাক, এবং আমরা সেখান থেকে শুরু করবো, যেখানে বংশতালিকা দেওয়া আছে, যতক্ষণ পর্যন্ত না ১৮ তম পদ পর্যন্ত আসে।

199 এখন দেখুন, এখন মাত্র এক মিনিট দেখুন। [ভাই ব্রামহাম ব্যাখ্যা করেন, তিনটি বস্তু ব্যবহার করে—সম্পা।] *এই* হলেন পিতা, আমার ঠিক ডান দিকে; *এই* মাঝখানে হলেন পুত্র; এবং *এই* হল পবিত্র আত্মা। এখন, *এই* হলেন যীশু খ্রীষ্টের পিতা। এটা কি ঠিক ? [মণ্ডলী বলে, "আমেন।"] ঈশ্বর হলেন যীশু খ্রীষ্টের পিতা। আমরা সবাই বিশ্বাস করি ? ["আমেন।"] ঠিক আছে।

200 এখন মথি ১:১৮ বলেছে:

> *যীশু খ্রীষ্টের জন্ম এইরূপে হইয়া ছিল: যখন...তাহার মাতা মরিয়ম জোসেফের প্রতি বাগদত্তা হইলে, তাহাদের...সহবাসের পূর্বে জানা গেল, তাহার গর্ভ হইয়াছে...*

201 [মণ্ডলী বলে, "পবিত্র আত্মা।"—সম্পা।] আমি ভেবেছিলাম যে ঈশ্বর ছিলেন তাঁর পিতা।

> *আর তিনি এক পুত্র প্রসব করিবেন,...তাঁরা তাঁর নাম যীশু রাখিবেঃ...*
>
> *আর তাহার স্বামী যোষেফ ধার্মিক হওয়াতে,...তাঁহাকে সাধারনের কাছে নিন্দার পাত্র করিতে ইচ্ছা না করাতে, গোপনে ত্যাগ করিবার মানস করিলেন।*
>
> *তিনি এই সকল ভাবিতেছেন, এমন সময় দেখ, প্রভুর এক দুত স্বপ্নে তাঁহাকে দর্শন দিয়া কহিলেন, যোষেফ, দায়ুদ-সন্তান, তোমার স্ত্রী মরিয়মকে গ্রহন করিতে ভয় করিও নাঃ কেননা তাহার গর্ভে যাহা জন্মিয়াছে, তাহা হইয়াছে...*

202 [মণ্ডলী বলে, "পবিত্র আত্মা।"—সম্পা।] আমি ভেবেছিলাম যে ঈশ্বর হলেন তাঁর পিতা। এখন, তাঁর কি তাহলে দুজন পিতা আছেন, ভাইয়েরা ? ["না।"] সেটা তাঁর থাকতে পারে না। যদি তাঁর দুটি পিতা থাকে, তাহলে তিনি একটি জারজ সন্তান হয়ে যেতেন, আর তাহলে আমরা কি ধরনের ধর্ম সেখানে পেতাম ? আপনাদের এটা স্বীকার করতেই হবে যে পিতা ঈশ্বর এবং পবিত্র আত্মা হলেন একই আত্মা। নিশ্চয়ই, এটা তাই। নিশ্চয়ই, এটি সেই একই আত্মা। এখন, আমরা কি করেছি, আর সেটা দেখুন।

আর তিনি পুত্র প্রসব করিবেন, আর তুমি তাহার নাম যীশু রাখিবেঃ কারন তিনিই আপন প্রজাদিগকে তাহাদের পাপ হইতে ত্রান করিবেন।

...এই সকল ঘটিল, যেন ভাব্বাদী দ্বারা কথিত প্রভুর এই বাক্য পূর্ণ হয়...

203 আমি শাস্ত্রাংশ উল্লেখ করছি। আপনারা সেবকগন জানেন, যেমন আমি এগিয়ে যাই।

...প্রভুর এই বাক্য পূর্ণ হয়...ভাব্বাদী দ্বারা কথিত, প্রভুর দ্বারা, এই বলে,

...সেই কন্যা গর্ভবতী হইবে, আর...পুত্র প্রসব করিবে, আর তাহার নাম রাখা যাইবে ইম্মানুয়েল, অনুবাদ করিলে ইহার অর্থ...

204 [ভাই ব্রানহাম থামেন। মণ্ডলী বলে, "আমাদের সহিত ঈশ্বর।"—সম্পা।] "আমাদের সহিত ঈশ্বর!" এটা কি ঠিক? ["আমেন।"]

205 তাহলে পিতা, পুত্র ও পবিত্র আত্মার নাম কী? [একটি ভাই বললেন, "যীশু খ্রীষ্ট।"—সম্পা।] আচ্ছা, অবশ্যই। এই কারণেই পিতর "যীশু খ্রিষ্টের" নামে তাদের বাপ্তিস্ম দিয়েছিলেন।

206 কিন্তু, আমি পরোয়া করি না, যদি আপনি শারোনের গোলাপের নামে, তলভুমির শোশন পুষ্প, প্রভাতের নক্ষত্র, যে কোন পদবিগুলোতেই বাপ্তিস্ম নিয়ে থাকেন যদি আপনার হৃদয় ঈশ্বরের প্রতি সঠিক হয়, তিনি আপনার হৃদয় জানেন।

207 কিন্তু এখন, আমি এটা প্রকাশ করেছি। এখন, এখন আমি বললাম...এখন ভাই সিজম বললেন, "এখন!" অবশ্যই, নিশ্চিত, সেটা একতা বাদের মত লাগছিল, তাই সে ঠিক সেটার পক্ষে ছিল।

208 এখন আমি বললাম, "এখন এখানে আমি আপনাদের কিছু বলতে চাই।" দেখুন? আমি বললাম, "এখন আমি আপনাদের কাছে প্রমাণ করতে চাই যে এই উভয় পুরুষই একই জিনিস বলেছে।"

209 এখন, মথি বলেন, "পিতার নামে।" এটা কি ঠিক? [মণ্ডলী বলে, "আমেন।"—সম্পা।] ঠিক আছে। এবং পিতর বলেন, "প্রভুর নামে।" মথি ২৮:১৯ বলে, "পিতার নামে," এবং প্রেরিত ২:৩৮ বলে, "প্রভুর নামে।" দায়ুদ বলেন, "প্রভু আমার প্রভুকে বললেন।" এ কে ছিল? পিতা ও প্রভু একই নাম। দায়ূদ বললেন, "প্রভু আমার প্রভুকে বললেন, 'তুমি আমার ডানদিকে বস।'" দেখুন, "পিতার নামে; প্রভুর নামে।"

210 এবং মথি বলেন, "পুত্রের নামে," এবং পিতর বলেন, "যীশুর নামে।" পুত্র কে? যীশু।

211 "পবিত্র আত্মার নামে," মথি বলেছিল; এবং পিতর বলেন, "খ্রীষ্টের নামে," সেই লোগোস।

212 *পিতা, পুত্র, পবিত্র আত্মা,* "প্রভু যীশু খ্রীষ্ট।" কেন, এটি হিসাবে ঠিক নিখুঁত। দেখুন?

213 ভাই সিজম আমাকে বলেন, বা, ভাই সিজম, একতাবাদে বিশ্বাসী ভাই, তিনি বলেন, "ভাই ব্রানহ্যাম, এটা ঠিক, কিন্তু," তিনি বললেন, "*এটাই* সেটা।"

214 আমি বললাম, "তাহলে, *সেটা* এটাই।" এটা ঠিক। দেখুন ? আমি বললাম, "ওটা যদি *এটাই* হয়, তবে এটা হল *সেটাই*। সুতরাং আপনারা কোন বিষয়ে তর্কবিতর্ক করছেন ?"

215 আমি বললাম, "ভাইয়েরা, আমায় আপনাদেরকে সুপারিশ করতে দিন। আমি যদি কখনও একজন ব্যক্তির বাপ্তিস্ম দিই, এখানে সেটা..."

216 আমি বললাম, "এখন, এখানে ডক্টর নেস আছেন।" আর আপনি...কেউ বলেছিল, কিছুদিন আগে, আপনারা ভাইয়েরা, যে আপনারা ডাঃ নেসকে জানতেন।

217 আচ্ছা, আমি বলব, এখানে, ভাই হিকস আছে, তার কাছে একটি...আমার মনে হয় আপনার ডক্টর ডিগ্রি আছে। এটা কি সঠিক ? ঠিক আছে।

218 এখন আমি বললাম, "ডঃ নেস যদি এখানে বসে থাকেন..." এখন আমি বললাম, "যদি আমি চাইতাম..." এখন, যখন আমি একজন ব্যক্তিকে জলে নিয়ে যাই, তাকে বাপ্তিস্ম দেবার জন্য, তখন আমি সেটার মতোই এটা স্বীকার করি, আমি বলেছিলাম, "সেগুলো উপাধি ছিল যা তার নামের সাথে যায়।"

219 আমি বললাম, "এখন, অ্যাসেম্বলি ভাইরা উপাধি ব্যাবহার করে, এবং একতাবাদী ভাইয়েরা নাম ব্যবহার করে।" আমি বললাম, "এখন আমি আপনাদের কাছে প্রমাণ করতে যাচ্ছি, আপনারা দুজনই ভুল, আর আমি ঠিক আছি।" আপনি জানেন যে কিভাবে আপনাদের করা উচিত...আপনাদের লোকেরা এই ধরনের চাপের নীচে আছে, আপনার কাছে একটি সময় একবার মজার একটু সামান্য অনুভুতি থাকতে হবে, এক ধরনের একটু খোলা অনুভব করার জন্য। তাই আমি বলেছিলাম, "আমি আপনাদের কাছে প্রমাণ করতে যাচ্ছি যে আপনারা উভয়ই ভুল করেছেন এবং আমি ঠিক আছি।"

220 আমি বললাম, "এখন যদি আমি ভাই নেসের সাথে দেখা করতে চাই, তাহলে বলব..."

221 অথবা, অথবা ভাই হিকস এখানে, দেখুন। আমি বলব, "হিকস !" এখন, সেটা কি ভালো শুনতে লাগবে ? না। আচ্ছা, যদি আমি বলি, "ডক্টর ! আরে, ডক ! এভাবে বললে কেমন লাগবে ?" এখন, অপ্রাসঙ্গিক লাগবে, তাই নয় কি ?

222 "যখন," আমি বললাম, "এভাবেই আপনারা অ্যাসেম্বলির লোকেরা করে যাচ্ছেন, দেখুন। যখন আপনারা অ্যাসেম্বলি ভাইয়েরা বলেন, 'পিতার এবং পুত্রের, পবিত্র আত্মার নামে', আপনারা তো কেবল এইরকম বলছেন, 'শ্রদ্ধেয়, ডক্টরের নামে।'"

223 এবং আমি বললাম, "তারপর, আপনারা একতাবাদী ভাইয়েরা, যখন আপনারা বাপ্তিস্ম দেন তখন আপনারা বলেন, 'যীশু !'" তারা ব্যবহার করে না...

224 তারা, কেবল যীশু, কেবল "যীশু" নাম ব্যবহার করে থাকেন। কেবল যীশু নামের অনেক ব্যক্তিই আছে। কিন্তু, এটা প্রভু যীশু খ্রীষ্ট, আপনি দেখুন। অনেকেই আছে..."যীশুর" নামে বাপ্তিস্ম দেয়, আমি অবশ্যই সেটার পেছনে যাই না; কোন শাস্ত্রাংশই নেই এই বিষয়ে। আপনারা মুলটি গ্রহন করুন, দেখুন এটি "প্রভু যীশু খ্রীষ্ট" কিনা। অবশ্যই, তিনি প্রভু যীশু খ্রীষ্ট। অনেক যীশু আছে, অবশ্যই আর *খ্রীষ্ট* হলেন সেই "অভিষিক্ত ব্যক্তি।"

225 আমি বললাম, “এখন, আমি ভাই নেসকেও একই কথা বলতে যাচ্ছি। আমি বলব, এটা কি আমার পক্ষে বলা উপযুক্ত হবে, ‘হেই, নেস!’?” আমি বললাম, “এভাবেই আপনারা একতাবাদীরা বলে থাকেন। দেখুন? যে মানুষটি পড়াশোনা করেছেন তার জন্য এটা কি অশ্রদ্ধ অবজ্ঞা হবে না, এবং তাকে ডক্টর ডিগ্রিও দেওয়া হয়েছে? যদি সে তার জন্য কঠোর পরিশ্রম করে তবে তার উপাধি রাখা উচিত।”

226 আর আমি বললাম, “তাহলে যদি আমি বলি, ‘আরে, ডক!’” আমি বললাম, “এটা কি একদম নিরস শোনাবে না, একজন সেবক যদি আরেকজন সেবককে ওভাবে সম্বোধন করে?” অথবা, আমি বললাম, “আপনারা ঠিক এরকমই করে থাকেন, কেবলমাত্র উপাধির পাশেই থাকেন।”

227 কিন্তু আমি বললাম, “যখন আমি একজন মানুষকে জলে নিয়ে যাই, তখন আমি সেখানে দাঁড়িয়ে তাকে জিজ্ঞেস করি এবং কথা বলি, এবং তার নাম শুনি এবং তিনি যেই হন না কেন, এবং তার বিশ্বাস কি তা শুনি।”

228 “তারপর আমি প্রার্থনা করি, এবং বলি, ‘এখন, পিতা, যেমন আপনি আমাদেরকে আজ্ঞা দিয়েছেন যে “গিয়া সমুদয় জাতিকে শিস্য কর,...”’” আপনারা ভাইয়েরা জানেন যে ওটাই প্রকৃত ছিল, দেখুন। “‘“...সমুদয় জাতিকে শিস্য কর; পিতার ও পুত্রের ও পবিত্র আত্মার নামে তাহাদিগকে বাপ্তাইজ কর; আমি তোমাদেগকে যাহা যাহা আজ্ঞা করিয়াছি...তোমার যা কিছু শিখেছ তা পালন কর।”’”

229 “তখন আমি বললাম, ‘আপনাদের বিশ্বাসের স্বীকারোক্তিতে; আপনাদের পাপের স্বীকারোক্তি ও ঈশ্বরের পুত্রের ওপর আপনার বিশ্বাসের ওপর, আমি প্রভু যীশু খ্রীষ্টের নামে আমার প্রিয় ভাই, আপনাকে বাপ্তিস্ম দিচ্ছি।’”

230 আমি বললাম, “এইভাবেই আমি বাপ্তিস্ম দিই। আমি উভয়ই করি তার উপাধিকে স্বীকৃতি দিই, তিনি কি ছিলেন, উভয়ই পিতা, পুত্র, এবং পবিত্র আত্মা। এবং যে কারণে যীশু সেটা বলেছেন, তা ছিল...”

231 এখন দেখুন। যদি—যদি তা না হয়, তাহলে আপনার বাইবেলে একটি অসঙ্গতি আছে; আপনি একটি অসঙ্গতি পেয়েছেন। এবং আপনি কি করতে যাচ্ছেন যখন...কি হবে যদি এই বৌদ্ধ ভাই উঠে দাঁড়ান এবং বলেন, “এই বিষয়ে কি বলবেন?” তারা আমাকে কি বলবে যখন তারা আমায় বলে...

232 ওখানে, যখন এই ভারতীয় ভাইটি মরিস রেইডহেডকে চ্যালেঞ্জ করেছিলেন, এবং তাকে বলেছিলেন, “মার্ক ১৬ এর বিষয়ে কি বলবেন?” তাকে এই কথায় শান্ত হয়ে পড়তে হয়েছিল।

233 আপনাকে কখনও শান্ত হয়ে থাকতে হবে না। ওটা ঈশ্বরের বাক্য। এটার সঙ্গে থাকুন। শুধু প্রার্থনা করুন। আত্মিক প্রকাশ গ্রহন করুন। এটা একইভাবে চলতে থাকে।

234 দেখুন, তারা উভয়ই বলছে সেই জিনিসটি, এখন; উপাধি নয়; পুরোপুরি নয়। আমি বললাম, “এখন...”

235 আমি তাকে চিনে ফেলেছি। তিনি পিতা ছিলেন; অন্য ঈশ্বর না। তিনি পুত্র ছিলেন; অন্য ঈশ্বর না। একই ঈশ্বর! আপনি...এটা তিনটি কার্যালয়। ঈশ্বর পিতৃতন্ত্রের বিধানে, যদি আপনি একে পিতৃত্ব বলতে চান; পুত্রত্ব; আর এটি সেই

একই ঈশ্বর এখন আমাদের মধ্যে, "আমি তোমাদের সঙ্গে থাকব।" "আমি" সেই ব্যক্তিগত সর্বনাম, "আমি তোমাদের সঙ্গে থাকব।" সুতরাং, আপনি দেখুন, এটি হল তিনটি কার্যালয়, তিন ঈশ্বর নয়।

এখন, ভাই, যদি শিষ্যরা এটি ব্যবহার না করতো এবং নিচে...

236 আমি এর বিরুদ্ধে কিছুই বলছি না। এটা ঠিক আছে। আমি আপনাকে বলছি, যদি একজন ব্যক্তি এখানে বেরিয়ে আসে, যে "শারোনের গোলাপ, তলভুমির শোশন পুষ্প, এবং প্রভাতের নক্ষত্র" এর নামে বাপ্তিস্ম নেয় এবং যীশু খ্রিষ্টকে তার ত্রাণকর্তা বলে বিশ্বাস করে, তবে আমি বলব, "ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, ভাই! আসুন, একসাথে চলি!" দেখলেন? সেটা ঠিক। কারণ, যদি আপনার হৃদয় সঠিক না হয়, আপনি ঠিক নন, যাই হোক না কেন। একদম ঠিক। এবং আপনার—আপনার হৃদয়কে ঠিক হতে হবে।

237 এবং আমি বললাম, "এখন দেখুন। এখন, যদি আমি এখানে ভাই নেসকে অভিবাদন দিতে যাই, তাহলে আমি ওনাকে 'শ্রদ্ধেয়.ডক্টর নেস' বলতাম। তিনি একজন সেবক। তাকে শ্রদ্ধেয় হিসাবে গণ্য করা উচিত। তিনি অধ্যয়ন করেছেন, এবং অনেক অধ্যয়ন করেছেন। তার ডক্টর ডিগ্রি আছে, তাই তাকে 'ডক্টর' বলা উচিত। এটা তার উপাধি, দেখুন। এবং যদিও তার নাম 'নেস,'। এখন, আমি বলবো না, 'হে, নেস! হে, ডক!' না, এটা ঠিক হবে না। আমি বলব, 'শ্রদ্ধেয় ডক্টর নেস।'"

238 "দেখুন, আমি ঠিক তাই বলছি, দেখুন, তিনি যা আছেন; পিতা, পুত্র এবং পবিত্র আত্মা উভয়েই, 'প্রভু যীশু খ্রীষ্ট।'" দেখছেন?

239 আর আমি বললাম, "যদি আমি আপনাদের সমস্ত মণ্ডলীগুলোতে কাউকে বাপ্তিস্ম দিই, তবে আমি তাদেরকে ওভাবেই বাপ্তাইজ করবো।" আমি বললাম, "ভাই নেস, আপনি কি তাকে গ্রহন করবেন?"

240 তিনি বললেন, "অবশ্যই। তিনি পিতা, পুত্র এবং পবিত্র আত্মার নামে বাপ্তিস্ম নিয়েছেন।"

আমি বললাম, "ভাই সিজম, আপনি কি তাকে গ্রহন করবেন?"

তিনি বললেন, "অবশ্যই, তিনি যীশুর নামে বাপ্তিস্ম নিয়েছেন।"

241 আমি বললাম, "ভাইয়েরা, আপনাদের সাথে ব্যাপারটা কি? কেন আপনারা সেটা গ্রহণ করছেন না, আর এই দেয়াল ভেঙ্গে ফেলছেন না যেখানে এই বেচারা লোকগুলো আছে...? একতাবাদী মণ্ডলীগুলি চায়, সত্যিই, মণ্ডলীর লোকেরা, তারা অ্যাসেম্বলিদের সাথে উপাসনা করতে চায়। এবং অ্যাসেম্বলিগন, মণ্ডলীর লোকেরা, একতাবাদীদের সঙ্গে উপাসনা করতে চান। এবং ভাইয়েরা অন্য পথে চলছে। তারা ওভাবেই চলছে। কিন্তু যতদিন শয়তান তাদেরকে লড়াতে পারে..."

242 এখন ভাইয়েরা, আপনারা দেখতে পাচ্ছেন আমি কি বলতে চাইছি? আমি তো কেবল একটি দিকেই অগ্রসর হচ্ছি, তা হল যীশু খ্রীষ্টের দিকে, এবং যীশু খ্রীষ্টের দেহকে একতাবদ্ধ করবার দিকে। এটাই আমার উদ্দেশ্য [মণ্ডলী বলে, "আমেন।"—সম্পা।]

243 এখন, আমি এই বিষয়ে কিছুই বলি না, "হেই, আপনি যীশুর নামে বাপ্তাইজিত নন; আপনি নরকে যাচ্ছেন।" এখন, সেটা অবোধের মত কথা হবে।

244 আমি আপনাকে বলবো অন্য দিন কি ঘটেছিল। আমি টেক্সাসে ছিলাম। 'যাওয়ার আগে...এবং এখানে এই—এই ভাইয়েরা এর সাক্ষী। একতাবাদী গির্জার, বাহাত্তরটি গীর্জা, আমার সভার ভার উঠিয়েছিল। আর আমি ভাই পেটিকে, যিনি অ্যাসেম্বলি অফ গড থেকে ছিলেন, সেই রাতে মঞ্চের উপর আসতে বলি। এখন, আপনারা জানেন সেটা সত্য। তিনি একজন মূল্যবান ভাই, ভাই পেটি, আপনাদের মধ্যে যদি কেউ তাকে জানেন, টেক্সাসের বিমন্ট থেকে ছিলেন তিনি। তিনি এক খুবই ভালো মানুষ যার সাথে আমি কখনও সাক্ষাৎ করেছি। তার স্ত্রী একজন ক্যাথলিক মত থেকে পরিবর্তিত হয়ে আসা, একজন বাস্তবিক সৎ নারী ছিলেন। তিনি প্রকৃতরূপেই ঈশ্বরের লোক ছিলেন।

245 আমায় বলুন তো, অ্যাসেম্বলি অফ গডের মধ্যে, রয় উইড -এর চেয়ে উত্তম ব্যক্তি কে? এই লোকেদের যে কোন ব্যক্তিকে জিজ্ঞেস করুন, এখানে তাকিয়ে, এই সব ভাইয়েরা যাদের আমি এখানে চারপাশে জানি। এখানে ফিলাডেলফিয়ান গির্জা থেকে ভাইয়েরা, এবং অ্যাসেম্বলি অফ গডের লোকেরা, এবং যে সব উত্তম ব্যক্তিগন আছেন? আমায় বলুন কোথায়।. আমায় বলুন জ্যাক মুরের চেয়েও ভালো ব্যক্তি কে আছেন? আমাকে সেটা বলুন। তাঁর বিষয়ে বলা হয়... তারা তাদের অন্তর্গত। তিনি একজন শিক্ষানবিশ নন। আপনি পাবেন যে এরকম লোকেরা উভয় পক্ষের কাছেই আছে; আর ঠিক সেখানেই লোকেরা আঙুল তোলে, এবং ঠিক সেখানেই শয়তানও আঙুল দেখায়।

246 কিন্তু তারা সকলেই ঈশ্বরের লোক। ঈশ্বর তাদের পবিত্র আত্মা দিয়েছেন। এটা যদি ঈশ্বরের অনুগ্রহের জন্য না হত, আমরা সবাই হারিয়ে যেতাম, আমাদের তর্ক বিতর্ক এবং এইসব জিনিসের সাথে। এটা একদম ঠিক। কিন্তু ঈশ্বরের করুণা আমাদের একসঙ্গে বেঁধে রাখে। আশ্চর্যের কিছু নেই যে আমরা গাইতে পারি, "ধন্য সেই বন্ধন যা আমাদের হৃদয়কে খ্রিস্টীয় প্রেমের মধ্যে আবদ্ধ করে রাখে।" তাহলে, আমাদের ঠিক এটিই প্রয়োজন।

247 এবং তাই আপনি কি জানেন? সেখানে গির্জার জেনারেল সুপারিন্টেন্ডেন্ট, আমাকে ডেকেছিলেন, এবং তিনি বললেন, "আপনি কি জানেন আপনি গত রাতে কি করেছিলেন?" সেখানে আমার দ্বিতীয় রাত ছিল।

আমি বললাম, "কি?" আমি বললাম, "এক বিস্ময়কর সভা হয়েছে।"

বলেছিলেন, "আপনার পুলপিটে একজন লোক ছিল সে একজন পাপী।"

আমি বললাম, "আমি সেটা জানতাম না।" কোথায় ছিল...

উনি বললেন, "সেই শ্রীমান পেটি।"

248 "ওহ," আমি বললাম, "একজন পাপী? কি?" আমি বললাম, "তিনি অ্যাসেম্বলি অফ গডের প্রচারক, আমার ভাই।"

249 তিনি বললেন, "হ্যাঁ, কিন্তু তিনি এখনও পাপী, কারন তিনি সঠিক বাপ্তিস্ম পান নি।"

250 এবং আমি বললাম, "ভাই, প্রার্থনা করুন এবং আমাকে বলুন কেন।" আমি বললাম, "তিনি পবিত্র আত্মা পেয়েছেন।"

251 তিনি বললেন, "ভাই ব্রানহ্যাম, পিতর কি বলেছিলেন? 'মন ফিরাও, এবং তোমরা প্রত্যেক জন তোমাদের পাপমোচনের নিমিত্ত যীশু খ্রিষ্টের নামে

বাপ্তাইজিত হও।' অতএব আপনার পাপের মোচন হয় না যতক্ষণ পর্যন্ত না আপনি যীশুর নামে বাপ্তিস্ম নিচ্ছেন।"

আমি বললাম, "এটাই কি সূত্র, আমার ভাই?"

তিনি বললেন, "এটাই সুত্র।"

252 আমি বললাম, "তাহলে তো ঈশ্বর আপন সুষ্ঠু পরিকল্পনাকে নষ্ট করে দিয়েছেন প্রেরিত ১০:৪৯ পদে, কারণ, 'পিতর এই কথা কহিতেছেন, এমন সময়ে যত লোক বাক্য শুনিতেছিল, সকলের উপরে পবিত্র আত্মা পতিত হইলেন,' দেখুন আর তারা আগে আদৌ কখনও বাপ্তাইজিত হয়নি। তাহলে, ঈশ্বর তাদেরকে পবিত্র আত্মা দিলেন যারা কখনও পরিবর্তিতই হয় নি?" আমি বললাম, "পৃথিবীতে আপনি কোথায় দাঁড়িয়ে আছেন এখন?"

253 তিনি বললেন, "আপনি কি জানেন আমরা কি করতে চলেছি?" বললেন, "আমরা একটি ছোট্ট বৃত্ত নিয়ে আসছি, এবং আপনাকে আমাদের বৃত্ত থেকে ঠিক বাইরে বের করে দিতে চলেছি।"

254 "তারপর," আমি বললাম, "আমি আরও একটি বৃত্ত নিয়ে আসব, আর আপনাদেরকে আবার ঠিক ফিরিয়ে নিয়ে আসব।" আমি বললাম, "আপনারা আমাকে বাইরে বের করে দিতে পারবেন না, কারন আমি আপনাদেরকে প্রেম করি। দেখুন, আপনারা কেবল এটা করতে পারেন না।" আমি বলেছিলাম, "আপনাদের অনেক ভাই-বোন আছে যারা আমাকে ভালোবাসে এবং আমাকে বিশ্বাস করে।" আমি বললাম, "আপনি, আমি—আমি...তারা আসবে, যাই হোক না কেন।" আমি বললাম, "তারা আসবে। আর আপনারা আমাকে বাইরে বের করতে পারবেন না। যদি আপনি আমাকে বের করে দেন, তাহলে আমি আপনাকে ফিরিয়ে নিয়ে আসব।" আমি বললাম, "যখন আপনি একটি বৃত্ত বানাবেন, তখন ঈশ্বর, তাঁর অনুগ্রহের দ্বারা, আমাকে আরেকটি বানাতে সাহায্য করবেন এবং আপনাকে আবার ঠিক ভেতরে টেনে আনবেন।" ওটা ঠিক, তাদেরকে ঠিক পুনরায় ফিরিয়ে আনব।

255 আর, ভাই, ওহ, খ্রীষ্টের নামেতে আমি এইটি বলতে পারি। আমি—আমি পেয়েছিলাম...আমি জানি আমি এখানে সময় ধরে রেখেছি; এবং প্রায় বন্ধ করবার সময় প্রায় হয়ে গিয়েছে, আমার অনুমান, কিন্তু আমাকে শুধু এইটি বলতে দিন, দেখুন।

256 আর আমি সেই লোককে বললাম, আমি বললাম, "আমি ততক্ষন আপনার সাথে থাকবো যতদিন আপনি শাস্ত্রের প্রচার করবেন এবং প্রেম রাখবো এবং এটি বিশ্বাস করতে থেকে যে—যে...আর প্রচার করতে থেকে আর এটা বলব যে আপনি লোকদের বাপ্তিস্ম দেন...'যীশু' নামে নয়, কেবল যীশু। না মহাশয়। আমি—আমি নিশ্চিতরূপেই এটির পেছনে যাব না, কারণ আমার অনেক যীশু নামের ব্যক্তির সাথে পরিচয় আছে; তাদের আফ্রিকা এবং বিভিন্ন জায়গায় অনেককে জানি যাদের নাম যীশু। কিন্তু যদি আপনি আমাদের 'প্রভু যীশু খ্রীষ্ট' শব্দটি ব্যবহার করবেন, তবে আমি আপনার সাথে চলব। ওটা ঠিক। আমি আপনার পাশে লেগে থাকবো। আমি মনে করি, আপনার উচিৎ পিতা, পুত্র এবং পবিত্র আত্মাকে প্রথমে রাখা, বুঝলেন, এটাকে ঠিক করবার জন্য।" আমি বললাম, "আমি মনে করি আপনার উচিত।"

কিন্তু তিনি বললেন, “ওহ্, না, না! সেটা তো, আবার ত্রিত্বতায় ফিরিয়ে নিয়ে যাবে।”

আমি বললাম, “এটি একটি ত্রিত্বতা নয়। এটি হল এক ঈশ্বরের তিনটি কার্যালয়।”

257 এটা ত্রিত্বতা, তিন ঈশ্বর নয়। আমাদের কাছে কোন তিন ঈশ্বর নেই। অবশ্যই না। এমন কোন জিনিস নেই। বাইবেলে এটা শেখানো হয়নি। আর শুধুমাত্র এক ঈশ্বর আছে। “হে ইস্রায়েল, শোন, আমিই প্রভু তোমাদের ঈশ্বর।” এক ঈশ্বর! প্রথম আজ্ঞা, “আমার সাক্ষাতে তোমার অন্য দেবতা না থাকুক।” অবশ্যই, তিনি এক ঈশ্বর, তিন নয়।

258 এটি একটি ক্যাথলিক সংস্করণ; এবং এটি ছিল, ক্যাথলিক থেকে লুথারান পর্যন্ত, এবং নিচে, এবং আরও এসব, এবং এটি সাধারণভাবে মানুষের মধ্যে আজ বিশ্বাস হয়ে দাড়িয়েছে যে আমাদের তিনটি ঈশ্বর আছে।

259 আর এটাই সেই জায়গা যেখানে আপনি কখনও পারবেন না...এই সুসমাচার কখনই ইহুদীদের মধ্যে যাবে না...যা, আমি সেখানে একটি ইহুদি ধর্মপ্রচারককে অন্য এক সকালে ভবিষ্যদ্বাণী করেছিলাম। আপনি একটি ইহুদির কাছে একটি ত্রিত্ব ঈশ্বরের মতকে নিয়ে যেতে পারবেন না। আপনি কখনই তা করবেন না। যা, তিনি না; তাঁর কাছে এর থেকেও তুলনায় বেশ ভাল জ্ঞান আছে দেখুন, তিনি বাইবেল সম্বন্ধে তাঁর চেয়েও ভালো জানেন। কিন্তু তিনি কখনই ত্রিত্ব ঈশ্বর নন, একজন—একজন ইহুদির কাছে। যদি আপনি তাকে জানতে দেন যে এটি সেই একই যিহবা, তিনি ঠিক তখনই সেটা গ্রহন করে নিবেন। নিশ্চিতরূপেই! ওটাই সেটা, দেখলেন।

260 আর আমি এই সব বিশ্বাস করি। যোষেফ যেমন বলেছিলেন, “ভাইয়েরা, নিজেদের উপর রাগ করো না, কারণ ঈশ্বর তা করেছেন।” আপনারা দেখুন। কারন—কারন যে জন্য...যেন এই সময় পর্যন্ত এটির জন্য অপেক্ষা করা যায়, ওটাই সব, কারণ আমাদের পরজাতির যুগ প্রায় শেষ হতে চলেছে। এখন, আমি তা আমাদের সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করি। সুতরাং আমার ভাইয়েরা, তোমরা কি দেখতে পাচ্ছ? [মণ্ডলী বলে, “আমেন।”—সম্পা।] আমি এমন একটি স্থানে আনার চেষ্টা করছি, যে, লোকদের এই দলটিকে, যারা পবিত্র আত্মার বাপ্তিস্ম পেয়েছে।

261 এইমি ম্যাকফারসন গ্রুপ, সে কি করেছে? সে প্রথমে একতাবাদি ছিল, আমি বিশ্বাস করি; তারপর বেরিয়ে আসে এবং অ্যাসেম্বলি হয়ে যায়; তারপর টেনে বেরিয়ে আসে এবং নিজেকে পৃথকভাবে সংগঠিত করে নেয়; এখানে কিছুদিন আগে, একটি দলে, ছোট একটি দলে।

262 আমি ও. এল. জগগারসের সভায় বসে ছিলাম। এখন, আমরা সবাই ও. এল. জগারসকে জানি। তাঁর—তাঁর পিতা অ্যাসেম্বলি অফ গডের সাধারন পরিষদ বানাতে সাহায্য করেছিলেন। এখন, ও. এল. একটি মহান মানুষ। তিনি একজন মহান প্রচারক। আমি তাকে বলেছিলাম, খুব বেশী দিন হয় নি, আমি বললাম, “ভাই জগারস, যদি আমি আপনার মত প্রচার করি, তবে আমি কখনো নিরাময়কারী সেবা করতে পারব না।” কিন্তু তিনি রক্ত ও দ্রাক্ষারস এবং অন্যান্য বিষয়গুলো করেন, তিনি যখন প্রথমে সেখানে তাঁর সেবা শুরু করেন।

263 মাফ করবেন, যদি আমি আপনাদের অনুভূতিকে আঘাত করছি, ভাইয়েরা, এই ব্যাপারে। আমি—আমি...এটা ঠিক আছে। ঈশ্বর রক্তকে আনতে পারেন, দ্রাক্ষারসকে আনতে পারেন, বা তেলকে আনতে পারেন, তিনি যা চান তা আনতে পারেন, কিন্তু সেগুলো পাপের ক্ষমা করতে পারে না। না মহাশয়। না মহাশয়। না, বাস্তবিকরূপে। "যীশু খ্রিস্টের রক্ত কখনও তার শক্তিকে হারাবে না যতক্ষণ পর্যন্ত না ঈশ্বরের সমস্ত মুক্তিপণ মন্ডলীকে বাঁচিয়ে না নেয়, তাঁর মধ্যে আর পাপ না থাকতে দেন।"

264 আমি বললাম, "ভাই জগগারস ?" আমি তাকে নিয়ে গেলাম; আমি তাকে ডেকে নিলাম এবং আমি খৃস্টান ব্যবসায়ী লোকদের সঙ্গে ছিলাম। এবং আমি বললাম, আমি বললাম, "ভাই ও. এল. ?"

265 তিনি বললেন, "পৃথিবীতে আপনি কোথায় আছেন ?" আমি সেখানে একটি ছোট্ট পুরানো সস্তা মোটেলে ছিলাম। আর তিনি বলেন, "আপনি আমাকে বলতে চাইছেন যে তারা আপনাকে ওখানে রেখেছে ?"

266 আমি বললাম, "এ তো আমার ইচ্ছা ছিল। আমি আপনার কাছে আসার সময়," আমি বললাম, "আপনি কি করলেন ? আপনি আমায় স্টেটলার হোটেলে রেখেছিলেন, আর আমায় কোণায় দাঁড়িয়ে থাকতে হয়েছিল। তারা আমাকে টেবিলে নিচে বসিয়েছিল; আমি জানি না কোন ছুরিটি খাবার জন্য ব্যাবহার করতে হয়, কিছুই জানতাম না। আর আমি করিনি...আমি সেখানে, বিনা কোট পরিধান করেই চলে গিয়েছিলাম, তারা আমাকে ভাগিয়ে দিতে চেয়েছিলেন।" এবং আমি বললাম, "আমি—আমি জানি না কিভাবে নিজেকে পরিচালনা করতে হয়।"

বল্লেন, "আমি সেখানে আপনাকে নিয়ে যাব, যদি তারা এগুলো করতে অসমর্থ হয়।"

267 আমি বললাম, "না, মহাশয়।" আমি বললাম, "আমি যা চাই তা হল আপনার সাথে একটি মাংসের টুকরো খেতে চাইব, যদি আপনি এটির জন্য মুল্য দেন।"

আর তিনি বললেন, "ঠিক আছে।"

268 তখন আমরা একটি জায়গায় চলে গেলাম এবং আমরা সেখানে বসে পড়লাম। এবং আমি বললাম, "ভাই জগারস, আমি অবশ্যই আপনার প্রশংসা করি..."

269 আর তিনি আমার এক প্রিয় বন্ধু, একটি মূল্যবান ভাই। এবং আমার—আমার কাছে তার সামান্য পুস্তিকাটি ছিল, আর সে...যেখানে এমন একটি মহিলা ছিল যে বিদেশ থেকে এসেছিল, তার হাতে রক্ত ছিল, আর কিছু ছিল। তাই আমার কাছে সেই পুস্তিকাটি ওখানে ছিল। আমি চাইছিলাম যেন তিনি এটিকে একবার অস্বীকার করে দিন, এবং তারপরে আমার কাছে এটা ঠিক তাঁর—তাঁর কাগজেই ছিল, আপনারা জানেন।

270 আমি বললাম, "আমি লক্ষ্য করেছি আপনি যেখানে যাচ্ছেন, সেখানে, আপনি একটি বড় উদ্দীপনা সভা শুরু করতে চলেছেন।" কারণ, ব্যবসার লোকরা আমাকে সেখানে নিয়ে গিয়েছিল, অবশ্যই।

271 মনে হয় লোকেরা জানতে পারবেন। যদি পবিত্র আত্মা মঞ্চে আমাকে সব কিছু প্রকাশ করে দিতে পারেন, তবে তিনি কি আমায় বলে দিতে পারবেন না যে অন্য স্থানে কি ঘটছে, ভাইয়েরা? [মণ্ডলী বলে, "আমেন।"—সম্পা।]

272 আমি আপনাদেরকে বলতে পারি, এক একটি শব্দ দিয়ে, এবং এটি প্রমাণ করে দিতে পারি ভাই কার্লসন দ্বারা, এবং *এখানে* এই ভাই দ্বারা। গতকাল সভায় বসেছিলাম, এবং এইসব ভাইবোনদের কাছে বলে দিয়েছিলাম যে এই সকালে কি কি হবে। [একজন ভাই বলছেন, "হ্যাঁ, মহাশয়।"—সম্পা।] এটা ঠিক। ঠিক। ["আমেন।"] দেখুন? কারণ, পবিত্র আত্মা আমাকে জাগিয়ে তোলেন, এবং বলেছিলেন, "জানালার পাশে দাঁড়াও।" আমি দেখলাম, জানালাটি, এবং তিনি ঠিক ঠিক *এইসব* দেখিয়েছেন। আমি বললাম, "এখন, ভাইয়েরা..." [একজন ভাই বললেন, "সেটা ঠিক।"] আমি আপনাকে এটা দেখিয়েছি, ঠিক ঠিক। সেখানে! দেখুন?

কেন, তাদের এটা জানা উচিত।

273 এখানে অনেক দিন আগে, একটি মানুষ, এখানে চাটাকুয়াতে এ আসেন, এবং বলেন, "ভাই ব্রানহ্যাম একটি ভাববাদী।" আমি নিজেকে কোন ভাববাদী হওয়ার দাবি করি না। দেখুন? কিন্তু তিনি বললেন, "ভাই ব্রানহ্যাম একজন ভাববাদী যখন তিনি বিচক্ষণতার আত্মার অধীনে থাকেন, কিন্তু," তিনি বললেন, "ওহ, তাঁর মতবাদ বিষ। এটা নিয়ে সতর্ক থাকুন।" আমি ভেবেছিলাম, একজন শিক্ষিত মানুষ, এমন ধরনের একটা কথা বলতে পারে?

274 একটি *ভাববাদীর* অর্থ কি? "বাক্যের একজন দৈব অনুবাদক।" "ঈশ্বরের বাক্য ভাববাদীদের কাছে আসতো," আপনারা দেখুন। কিন্তু, তিনি, কেবল এমনিই কিছু শোনেন বা বলেন না।

275 কিন্তু, যাই হোক, ভাই জগারস। আর আমি বললাম, সে বলেছে, ওহ...আমি বললাম, "আমি সেই মহিলার সম্পর্কে দেখেছি যার হাতে রক্ত আছে।"

276 "ওহ," তিনি বলেছিলেন, "ভাই ব্রানহ্যাম, যেটা আপনি দেখেছেন সবচেয়ে অসাধারণ!"

277 আমি বললাম, "ভাই জগারস, আমি আপনাকে ভালোবাসি। প্রথমত, আমি চাই আপনি আমার হাতে আপনার হাত রাখুন। বলুন আমরা ভাই।"

তিনি বললেন, "অবশ্যই। কি ব্যাপার?"

278 আমি বললাম, "আমি জানি যে আপনি হলেন শক্তিশালী প্রচারকদের মধ্যে একজন যাদেরকে আমি জানি। আপনি ঈশ্বরের জন্য কি—কি অসাধারন একটি উপকরণ!"

279 তিনি বললেন, "ধন্যবাদ, ভাই ব্রানহ্যাম। আপনি সত্যিই নম্র ব্যক্তি।"

280 আমি বললাম, "আমি নম্র হওয়ার জন্য বলছি না। আমি এটা বলছি কারণ আমি এটা বিশ্বাস করি। আপনি ঈশ্বরের দাস।" কিন্তু আমি বললাম, "ভাই জগারস, যদি না আপনি...আপনি—আপনি আপনার স্থান থেকে খুব বেশি সরে যাচ্ছেন; আপনি যে বিষয়ে কথা বলছেন সে সম্পর্কে আপনার জন্য একটিও উত্তর নেই। আপনি যে বিষয়ের ওপর দাঁড়িয়ে আছেন..."

281 আর এখানে আপনারা অ্যাসেম্বলিস অফ গড এবং অন্যান্য লোকেদের সঙ্গেও এই ব্যাপারটি ঘটেছে, এই আরোগ্য সেবাগুলোর উপর। আমি আপনাদের

দোষ দিচ্ছি না। এখানে অনেক লোক পরিচিত...এবং টমি, এখানে, একজন ভাল ভাই, এবং আমরা জানি তিনি কতটা শক্তভাবে দাঁড়িয়ে আছেন। কিন্তু আজ ঐশ্বরিক আরগ্যসভাকারী অনেক নাম আছে, কোন আশ্চর্যের ব্যাপার না যে আপনাদের শহরে তাদের একটি সভা করার ভার আপনারা ওঠাতে চান না। তারা আসে এবং লোকেদের থেকে পয়সা সংগ্রহ করে, এবং বেরিয়ে যায়। তাদের কাছে কি আছে? মঞ্চ থেকে আপনারা নিজেদের পুলপিট থেকে লোকদের যা দেন, তাঁর তুলনায় বেশী কিছুই দেয় না। এবং আপনারা ঠিক আছেন, ভাইয়েরা আমি আপনাদের বলছি, আপনারা ঠিক আছেন। কিন্তু এটা ঠিক...

282 আমি মার্টিন লুথারের ইতিহাস পড়ছিলাম। এটি বলছিল, “এটি একটি রহস্য ছিল না যে মার্টিন লুথার ক্যাথলিক গির্জার প্রতিবাদ করতে পারতেন এবং এটির মধ্যে দিয়ে দাঁড়িয়ে থাকতে পারতেন।” আপনারা তার ইতিহাসটি পড়েছেন। “কিন্তু যে মার্টিন লুথার এই সমস্ত অন্ধবিশ্বাসের মধ্যেও তাঁর মাথা উপরে রেখেছিলেন যা তার পুনরজাগরনের পর অনুসরণ করেছিল, এটা একটি রহস্য ছিল।”

283 আর যখন এই ঘটনা ঘটলো, তখন হৃদয়ের তকচ্ছেদবিহীন লোকেরাও এতে প্রবেশ করে ফেলেছিল যেমন মিসরীয়দের মধ্য থেকে বের হওয়ার সময়ে হয়েছিল। আর এটি সবসময় সেই ভুমির মধ্যে সমস্যা উৎপন্ন করেছে। আমরা জানি যে, আমরা যখন সেখানে বেরিয়ে আসি। যা, কোরহ্ উত্থাপিত করেছিলো, এবং ঈশ্বরকে এটি ধ্বংস করতে হয়েছিল। কিন্তু ভাইয়েরা, আমি আপনাদের দোষ দিচ্ছি না।

284 ভাই জগারস সেখানে বসেন এবং আমাকে বলার চেষ্টা করেন যে, এটি ছিল পবিত্র আত্মা। এবং বলেন...এবং তারপর আমার কাছে, তার নিজেরই কাগজ ছিল...আমি বললাম, “ভাই জগারস, এখন,” আমি বললাম, “আমি একটি সপ্তম কক্ষ পর্যন্ত পড়া ছাত্র এবং আপনি ধর্মতত্ত্বের একজন বিদ্যান, এবং ওকালতিও পড়েছেন। আপনি একটি সুগঠিত, শালীন গির্জা, অ্যাসেম্বলি অফ গডের মধ্যে উত্থাপিত হয়েছেন। আপনার বাবা সেই বিশ্বাসের সন্ধান করতে আপনাকে সাহায্য করেছিলেন এবং আপনি কত দূর নিতে পেরেছেন, তা আপনার ওপরে ছিল।” কিন্তু আমি বললাম, “এটা যে কোন ব্যক্তির উপর নির্ভর করে, সে যতোটা করতে চায়। আমি সেখানে কোন সীমা বাধতে চাই না। কিন্তু যখন এমন একটি স্থান আসে যেখানে আপনার মত এক সেবক যার সাহায্যে হাজার হাজার আত্মা খ্রীষ্টের কাছে জয়লাভ হয়েছে, তখন আপনার সেবাকে ওরকমের একটি অনুভূতির উপর ভিত্তি করে গড়ে তোলা হবে।” আমি বললাম, “ভাই জগারস, আপনি যে সেবাকাজের এমন একটি স্তম্ভ তৈরি করেছেন, যদি আপনি তাঁর জন্য একটি ভারসাম্য না রাখেন, তাহলে এটি একটি সময় পরে পতিত হয়ে যাবে। আর আপনি যে বিষয়ে কথা বলেন তাঁর জন্য আপনার কাছে বাইবেলের বাক্য থাকতে হবে।”

তিনি বললেন, “বাইবেলের বাক্য আছে।”

আমি বললাম, “তবে সেটা দেখান।”

285 তিনি বললেন, “আচ্ছা, ভাই ব্রানহ্যাম,” বললেন, “ওটা পবিত্র আত্মার কাজ।”

286 আমি বললাম, "আমাকে এমন শাস্ত্র দেখান যেখানে বলা হয়েছে যে, পবিত্র আত্মা কখনো কারো উপর রক্ত নিক্ষেপ করেছেন, আর এসব করেছেন, এভাবেই। শুধু এটা দেখান; যে তাদের মধ্যে থেকে তেল বেরিয়ে এসেছে। আপনি বলেছিলেন, 'ঐ তেলটি দৈব আরগ্যকরনের জন্য।' এবং আপনি বলেছিলেন, 'সেই মহিলার রক্ত জাতিগুলির পরিত্রাণের জন্য হবে।'" আমি বললাম, "যদি তাই হয়, তাহলে যীশু খ্রিস্টের রক্তের কি ঘটেছে? এটা একে দূরে সরিয়ে নিয়ে যায়। এবং এটার বিরুদ্ধে কিছু থাকলে, সেটা তাঁর বিরোধী হয়ে যায়।" আমি বললাম, "এটি একটি খ্রিষ্টবিরোধী মতবাদ হয়ে ওঠে।"

"ওহ," তিনি বললেন, "ভাই ব্রানহ্যাম, কোন একদিন আপনি শিখে যাবেন।"

287 আমি বললাম, "আমি আশা করি আমি এইরকম কখনই শিখবো না। এখন, ভাই," আমি বললাম, "আমি আপনাকে ভালোবাসি, আর আপনি আমার ভাই।" আমি বললাম, "ভাই জগারস, আপনি এমন রাস্তায় চলছেন যে কিছু সময় পর আপনি সেখান থেকে আর ফিরে আসতে পারবেন না। আপনার গির্জায় ফিরে আসুন, এবং ফিরে আসুন এবং সুসমাচারের সাথে থাকুন।" আর আমি বললাম, "অনুভুতির উপর এটি নির্মাণ করবেন না।" আমি বললাম, "সেই...।"

288 এখন তিনি যা পেয়েছেন, তিনি অনন্ত জীবনের জন্য বাপ্তিস্ম দিচ্ছেন, আপনারা জানেন, "প্রত্যেক সময় যখন আপনি বাপ্তিস্ম নিবেন, আপনি একটি যুব পুরুষ বা মহিলা হয়ে ফিরে যান। এখন সেটা করতে যাচ্ছে...আপনি (কখনও) মারা যাবেন না।" সুতরাং, যে, এটা, তিনি এখন পথের অন্তিমে পৌঁছে গিয়েছেন; এবং তাদের সেই "মৃত সাগর থেকে ভিটামিন বড়ি" খাওয়াচ্ছেন। আপনি কি দেখতে পাচ্ছেন? কিন্তু এটাই সেই বিষয়, ভাই, এটা আপনাদের সামান্য অনুভুতি দিয়েই শুরু হয়।

289 আর এখানে আপনারা যারা তাদের নিজেদের গির্জায় আছেন, আপনারা ওইধরনের জিনিস কখনও কখনও শহরে ঢুকতে দেন, এবং, আপনারা কি জানেন, শয়তান অনেক ধূর্ত হয়, এবং সে—সে ওই ধরনের জিনিষের উপর লাফাতে থাকে। সে এর ওপর ঝগড়া সৃষ্টি করে দেয়। আর সে—সে লোকেদের আহত করে দেয়, এবং সে গির্জার মধ্যে বিভ্রান্তি, এবং ওরকম ব্যাপার সব সৃষ্টি করে দেয়। কিন্তু এটা সেরকম নয়।

290 এখন, এখানে। আপনি কতটুকু ঠিক সেটা কোন ব্যাপার না, এখানে একটি জিনিস আছে যাতে আমরা ব্যর্থ হয়ে যাই এবং হাতছাড়া করে দিই, আমার ভাইয়েরা। এখন আমি এই বলে, বন্ধ করবো। এতে কিছু আসেযায় না যে আমি কতটা ঠিক, এবং আমি কতটা শাস্ত্রের মধ্যে আছি, এবং আমি ঈশ্বরের বাইবেল সম্পর্কে কত জানি; যদি আমার হৃদয়ে ঈশ্বরের আত্মা না থাকে, আমার অন্তরে, সমগ্র মানবজাতি ও সবার জন্য প্রেম না থাকে, তাহলে আমার মধ্যে শুরু থেকেই ভুল আছে।

291 এখন, পৌল বলেন, প্রথম করিন্থিয় ১৩, "যদিও আমার কাছে জ্ঞান আছে, দেখুন, এবং ঈশ্বরের সমস্ত রহস্য বুঝতে পারি, দেখুন; সব কিছু নিয়ে, দাঁড়িয়ে থাকি; আর প্রেম না থাকে, তবে আমি কিছুই না। আর আমি মানুষ ও দূতদের ভাষা বলি," এরা তারা যাঁরা ঈশ্বরের সঙ্গে কথা বলে, সর্বদা সেই সকল অনুবাদ করা যায় না। "যদিও আমি ভিন্ন ভিন্ন ভাষায় কথা বলি, মানুষ ও স্বর্গদূতদের অদ্বিতীয়

ভাষায় কথা বলি, আর প্রেম না থাকে, ভালোবাসা না থাকে, আমার কিছুই লাভ হয় না।" তাই আমি যদি ঈশ্বরের সমস্ত রহস্যের কথা জানতে পারি এবং তা খুলে দিতে পারি আর—আর সেগুলোকে একসঙ্গে মিলিয়ে প্রমানিত করতে পারি, আর আমি প্রেম না করি, তাহলে এটা কি ভাল কাজ করে ? আর যখন আমি...

292 যীশু বলেছিলেন, "এর দ্বারাই সমস্ত লোক জেনে যাবে যে তোমরা আমার শিষ্য, যখন আপনার কাছে..." যখন অ্যাসেম্বলিবাদীরা একতাবাদীদের প্রেম করবে এবং একতাবাদীরা অ্যাসেম্বলিবাদীদের প্রেম করবে, "যখন আপনাদের একে অন্যের জন্য প্রেম চলে আসবে," সঠিক বা ভুল থাকুক না কেন। আর যতক্ষন উদ্দেশ্য ভুল থাকবে, ততক্ষণ মনোভাবও ভুল থাকবে, বরং, তারপর আপনি ভুল দিয়েই শুরু করেন। ঠিক আছে না ? [মণ্ডলী বলে, "আমেন।"—সম্পা।] দেখুন, "যদিও আমি মনুষ্যদের এবং স্বর্গদূতদের ভাষায় কথা বলি এবং প্রেম না করি, আমি এখনও কিছুই নই।" কারণ, ঈশ্বর প্রেম। আমরা সেটা জানি।

293 আর আমি অন্যান্য ভাষায় কথা বলাতে বিশ্বাস করি। এখন, কিছু লোকেরা বলে, "ভাই ব্রানহ্যাম আত্মা পাওয়ার প্রাথমিক প্রমাণ ভাষাতে বিশ্বাস করেন না।" আমি এখন আপনাদের সাথে সেটা পরিষ্কার করে দিতে চাই। দেখুন ? আমি আপনাদের বলতে চাই।

294 আমি বিশ্বাস করি যে যখন একজন মানুষ খ্রীষ্টকে গ্রহণ করে, তখন সে পবিত্র আত্মার একটি অংশকে গ্রহন করে। কারণ, যীশু বলেছেন, মথি তাঁর—তাঁর ১২ অধ্যায়, ৫ ম অধ্যায় এবং কুড়ি...২৪ পদে তিনি বলেছিলেন। না, আমি বিশ্বাস করি যে এটি সাধু যোহন ৫:২৪। তিনি বললেন, "যে আমার কথা শোনে, আর যিনি আমায় পাঠিয়েছেন তাঁর উপরে বিশ্বাস করে, তাঁর কাছে অনন্ত জীবন আছে।" এখন, অনন্ত জীবনের তো কেবল একটি রূপ আছে। "এবং বিচারে আনিত হয় না; কিন্তু মৃত্যু থেকে জীবনে পার হয়ে গিয়েছে।"

295 এখন, আমি বিশ্বাস করি যে কেউ নিজেকে ডেকে আনতে পারে না; ঈশ্বরকেই তাকে ডেকে আনতে হবে এবং যদি ঈশ্বর সত্যিই তাকে ডেকেছিলেন...এবং এমন অনেক লোকেরা আছে, আমরা জানি, ভাইয়েরা, যারা কাজ করেছে এবং তারা মনে করে যে ঈশ্বর তাকে ডেকেছেন, কিন্তু তাদের জীবন থেকে আপনি শীঘ্রই...জেনে যাবেন। কিন্তু ঈশ্বর যদি আপনাকে ডেকে থাকেন, কেন, আপনি, আপনি সেখানে স্থির থাকবেন, এবং আপনি সেখানে থাকবেন, দেখুন, জানতে পারবেন। এবং তারপর যদি...এখন, ওটা ব্যাপটিস্টদের মতবাদ নয়। আপনারা সেটা জানেন, দেখুন।

296 কিন্তু, আমি বিশ্বাস করি না যে হাত মেলালে এবং অনন্ত নিরাপত্তা, এবং সমস্ত জিনিস পাওয়া যায়। আমি—আমি তা বিশ্বাস করি না, আদৌ করি না। যদি তারা বিশ্বাস করতে চায়, আচ্ছা, ঠিক আছে। আমি এখনও বলি তারা আমার ভাই।

297 এই সকালে, যদি আমি বলি যে আমার আজকে খাবার জন্য এক টুকরা প্যাটিস চাই, (যা প্রায় রাতের খাবারের সময় হয়ে গেল), আমি চেরি দিয়ে তৈরিটা চাই, এবং আপনি আপেল দিয়ে যেটা তৈরি সেটা নিতে পারেন, কিন্তু আমরা উভয়েই প্যাটিসই খাচ্ছি। দেখুন ? তাই এতে কিছু করে না...যতদিন আমরা প্যাটিস খাচ্ছি।

298 এভাবেই আমরা বিশ্বাস করি। আপনি যদি একতাবাদী হতে চান, একতাবাদী হন; যদি আপনি অ্যাসেম্বলিস হতে চান, তাহলে অ্যাসেম্বলিস হন। আপনি যা

হতে চান তা হন, একজন ব্যাপটিস্ট, প্রেসবিটারিয়ান, তবে সেখানে একজন খৃস্টান হয়ে থাকুন। দেখুন ?

299 আর—আর আপনি নিজেকেই অনুসন্ধান করুন, কিন্তু একে অপরের সাথে ঝগড়া করবেন না। কারণ, এই সামান্য জিনিসগুলি, তারা সবাই একসঙ্গে জুড়ে আছে। সেটা ঠিক। এই সব জিনিসগুলো একসাথে জড়ো হয় এবং তা এক জায়গায় চলে আসে।

300 এবং আমরা যা কিছু করি না কেন, এতে কিছু আসেযায় না, আমরা কতগুলো অলৌকিক কাজ করতে পারি, কতগুলো পাহাড় আমরা সরিয়ে দিতে পারি, বা যাই হোক না কেন, যতক্ষণ না আমরা এমন জায়গায় যাই যেখানে আমরা প্রেম করতে পারি, বিশ্বাসের ভান করা নয়, কিন্তু আমরা একে অপরকে প্রেম করতে পারি। আমরা যখন প্রত্যেক ভাইকে ভালবাসি, তখন এতে কোন প্রভাব পড়ে না যে কোন মন্ডলীর সাথে তার সম্পর্ক আছে, আমরা তাকে ভালোবাসি; আমরা শুধু ভান করার জন্য না, 'কারণ আমরা জানি এটি একটি ধর্মীয় ধারণা, যে এটা, "আমাদের করা উচিৎ।" কিন্তু, যে কারণে আমরা এটি করি, তা হল আমরা একে অপরকে ভালোবাসি; তারপর, দীর্ঘসহিষ্ণুতা, একে অপরের সাথে ধৈর্যের সাথে বহন করা চলে আসে।

301 আর আমি বিশ্বাস করি, কলসিয় ৩, প্রায় ৯ পদ, বা সেখানে কোথাও... আমি হতে পারে, আমি—আমি না...আমি বাইবেল পদের উল্লেখটিতে আমি ভুলও হতে পারি, কিন্তু এটা এই বলে। আমরা একজন খ্রিস্টান হয়ে যাবার পরে, আমাদের ঈর্ষা করা উচিত না। দেখুন ? আমরা একে অপরের প্রতি শ্রদ্ধা ও সম্মান প্রদান করার চেষ্টা করে চলেছি তবে আমাদের কাছে বিশ্বাস থাকতেই পারে না। দেখুন, আমরা তা করতে পারি না; আমরা বিশ্বাস পেতেই পারি না। আমাদেরকে ঈশ্বরকে সম্মান করতে হবে, দেখুন, তাঁকে সম্মান করুন। আমার ভাইদের ওপর বিশ্বাস রাখা, নিশ্চিয়ই, প্রেম; কিন্তু সম্মান এবং মর্যাদা ঈশ্বরের ! যেমনই হোক... কিন্তু পরস্পরের মধ্যে একটি বিশ্বাস এবং আস্থা রাখুন। "এবং একে অপরকে মিথ্যা বলবেন না।" দেখুন ? "একে অপরকে মিথ্যা বলবেন না।" যদি আমি এই সকালে আপনাকে বলি, "আমি আপনাদেরকে ভালোবাসি," তাহলে আমার অবশ্যই এটাই অর্থ হওয়া উচিৎ। যদি তা না হয়, তবে আমি একজন ভণ্ড হয়ে যাই। ওটা একদম ঠিক।

302 এখন, ভাইয়েরা, এই কথাগুলোর পাশে...এখন, ভাই টমি, আশা করি আমি এখানে আপনাদের খুব বেশি সময় ধরে বসিয়ে রাখি নি। আমি...ভাই টমি শুধু কিছু সেকেন্ডে কিছু বলতে চাইবেন। কিন্তু আমি এটা বলতে পারি, যখন আমি আপনাদের মাঝখানে এসেছি...

303 আমি এটি বিশ্বাস করি। আমি বিশ্বাস করি যে আমাদের পিতা ঈশ্বর মরিয়ম নামে একটি কুমারীর ওপর ছায়া করেছিলেন এবং তার মধ্যে একটি রক্ত কোষ তৈরি করেছিলেন যা থেকে যীশু খ্রিষ্টের জন্ম হয়েছিল, যিনি ঈশ্বরের পুত্র ছিলেন, সেই আবাসটিতে ঈশ্বর নিজেকে লুকিয়ে নিয়েছিলেন, সেই মাংসের গৃহটির ভেতর, তাঁর মধ্য দিয়ে তিনি আমাদের মধ্যে নিজেকে প্রকাশ করেছিলেন। "ঈশ্বর খ্রীষ্টের মধ্যে ছিলেন, যার দ্বারা নিজেকে জগতের সাথে আবার মিলনসাধন করে দিয়েছিলেন।" আমি বিশ্বাস করি যে সেই রক্ত কোষ, আমাদের পাপের ক্ষমার জন্য কালভেরিতে ভগ্ন করা হয়েছিল এবং আত্মা তার থেকে বাইরে বেরিয়ে

গিয়েছিলেন এবং মন্ডলীর মধ্যে ফিরে এসেছিলেন, 'কারণ, খ্রীষ্ট, সেই পবিত্র আত্মা; খ্রীষ্ট, সেই লোগোস, এখন আমাদের মধ্যে ছিলেন, সেই পবিত্র আত্মা রূপে, বাপ্তিস্ম দ্বারা। আমাদের বানাচ্ছেন...খ্রীষ্ট নিজেকে বিভক্ত করেছেন, আমাদের প্রত্যেকের কাছে তার জীবন দান করেছেন, যেন আমরা, সকলে মিলে একটি দল হিসাবে, ঈশ্বরের মণ্ডলী হয়ে উঠতে পারি। আর বেশী দিন হয় নি...

304 আমি ঘোড়ায় চড়ে যাতায়াত করতাম। আপনারা এটা জানেন। আমার বাবাও একজন অশ্বারোহী ছিলেন, গ্রেট শট। আমিও ঘোড়ায় চরতাম। আমরা আমরা চরাতে—চরাতে যেতাম...আরাপাহো উপত্যকায় অথবা আমি বলতে চাইছিলাম ট্র্যাবলসাম নদীর কথা যা আরাপাহো রেঞ্জের উপরে আছে। হেয়ারফোর্ড সংস্থার লোকেরা সেই উপত্যকায় পশুচারন করতো। আর সেই উপত্যকার উপর, পশুপালনের বৃহৎ খামারের মালিকরা থাকতো, তাদের—তাদের এত ঘাস হত যা তারা উৎপাদন করতে পারতেন এবং যখন একটি পশুপালের ময়দানে একটি টন হিসাবে যতটা ঘাস উৎপন্ন হবে, আপনি একটি গরু চালাতে পারেন সেই—সেই চারণভূমিতে, এস্টেস পার্কের নিচে, এবং আপনি একটি গরু চালাতে পারেন ঐ...আমার মহান শিকারের ভুমি, সেখানে উপরে আছে। আর আমি সেখানে এক বছরের জন্য ছিলাম। আমি এখনও সেখানে যাই, বসন্ত ঋতুতে এবং বরফ পড়ার সময়ে, যখন আমি খালি থাকি এবং যখনই পারি, এবং চারদিকে অশ্বারোহণ করি, ঠিক সেখানে উপরে, 'কারণ আমি অশ্বারোহণ করতে ভালবাসি। আর সমস্ত ধাপে ধাপে...সেই উপত্যকা, সেখানে একদল খামারের মালিক আছে যাদের সেখানে অধিকার আছে, এবং তাদের গবাদি পশু চারণ করার জন্য। আর বসন্তকালের মধ্যে, অনেক সময়, আমি তাদেরকে একসাথে গবাদি পশু সংগ্রহ করতে ও সেখানে তাদের চালানোর জন্য সাহায্য করেছি।

305 আর সেখনেএকটি তারের বেড়া আছে, যেখানে গোচারণভূমি থেকে নিচে নেমে আসার সময়, পশুরা যেন ব্যক্তিগত সম্পত্তির দিকে ফিরে না আসতে পারে। যতক্ষণ না...আর সেখানে অশ্বারোহীরা দাঁড়িয়ে থাকে এবং গবাদি পশুগুলি যখন ভেতরে যায় তখন তারা সেগুলো গুনতে থাকে। আর আমি বসে থেকেছি, অনেকদিন, ঘন্টার পর ঘণ্টা, শ্রীমান গ্রাইমস এর দলটিকে বেরিয়ে যেতে দেখতাম, তার পশুগুলোর ওপর হিরার চিত্রিত চিহ্ন ছিল; আমাদেরগুলোতে পক্ষীর চিহ্ন ছিল; এবং তাদের ছিল সেই—সেই তেপায়া যা ঠিক আমাদের নিচে ছিল; এবং জেফ্রির, আর এরকম অনেক কিছু। তারপর যখন আমি আমার পা রাখতাম, যেমন আপনারা অনেকে জানেন, জিনের শিঙ জুড়ে, এবং সেখানে বসে থাকতাম এবং আর সেই অশ্বারোহীদের সেখানে দাঁড়িয়ে দেখতাম, যখন তারা এই গবাদি পশুগুলো গণনা করতো।

306 আমি একটি জিনিস লক্ষ্য করেছি। তিনি তার উপর যে চিহ্ন থাকতো তাঁর উপর বেশি মনোযোগ দিতেন না। কিন্তু একটি জিনিস ছিল যা তিনি সত্যিই খুজছিলেন, সেটা ছিল রক্তের দাগ। সেই পশু যে বেড়ার ঐপাড়ে যাবে তাকে হেয়ারফোর্ড জাতি থেকেই জন্ম নিতে হবে না হলে সেটাকে ওপারে যেতে দেওয়া হবে না, কিন্তু তাঁর ওপর কোন চিহ্ন আছে তাতে কিছু যায় আসে না।

307 আর আমি মনে করি যে বিচারের সময়েও এরকমই হবে। সে আমাদের মার্কার দিকে তাকাবেন না, তবে তিনি রক্তের চিহ্নের সন্ধান করবেন।

308 ভাইয়েরা, আমি আমার ভুল করেছি, এবং আমি অনেককিছু করেছি যা ভুল ছিল। আর যদি কখনও পথের মধ্যে চলবার সময়ে আমি যা কিছু এনেছি অথবা আপনারা এমন কিছু শুনেছেন যা আমি মন্তব্য করেছি বা বলেছি, যা আপনাদের কোনও ধরনের দুঃখ দিয়ে থাকে, অথবা যদি আমি আজ এই সকালে এই বিষয়ে কিছু বলি যা আপনাদেরকে বিঘ্নতা দিয়েছে, তাহলে আমি আপনাদের কাছে চাইব একজন খ্রিস্টান ভাই বা বোন হিসেবে, আমাকে ক্ষমা করুন। আমার এটা করবার কোন ইচ্ছা ছিল না। আমি শুধু আমার হৃদয়কে খুলে রেখে দিয়েছি, যাতে আমরা এসব জানতে পারি।

309 যদি কোনও বাপ্তিস্ম দেওয়ার থাকে, তবে আপনারা ভাইয়েরা তা নিজেরাই দিন, দেখুন। যে, আমি—আমি করি না। যদি আমাকে বাপ্তিস্ম দিতে হয়, তবে যেভাবে আমি বাপ্তিস্ম দিই, সেই মতই হবে। আর তারপরেও আপনাদের মধ্যে থেকে যে কেউ এটা নিতে পারেন, দেখুন। তাই আপনারা সেই ব্যক্তিকে গ্রহণ করতে পারেন, তারা পিতার, পুত্র এবং পবিত্র আত্মা নামে বাপ্তিস্ম নিয়েছেন, আর তারা প্রভু যীশু খ্রীষ্টের নামেও বাপ্তিস্ম নিয়েছেন। তাই আমি যদি কখনও একটি বাপ্তিস্ম দিই...কিন্তু আমি তা এখনও পর্যন্ত করিনি। আমি কেবল নিজের মন্ডলীতেই বাপ্তিস্ম দিই, এবং সেখানে কেবল সেই লোকেরাই আছে। আর আমার মণ্ডলীতে লোকেরা এভাবেই বাপ্তিস্ম নেয়। আর যদি আপনি পেছনে ফিরে তাকান, ওটা পুরানো মিশনারি রীতিনীতি, পুরানো মিশনারি ব্যাপটিস্ট অনুষ্ঠান। আর এখন যদি...ওটাই সেটা।

310 আমি দৈব আরগ্যকরনে বিশ্বাস করি। আমি পবিত্র আত্মার বাপ্তিস্মে বিশ্বাস করি। আমি বিশ্বাস করি পবিত্র আত্মা—পবিত্র আত্মার অন্য ভাষায় কথা বলার মধ্যে। আমি প্রতিটি ঐশ্বরিক দানের ওপর বিশ্বাস করি যা ঈশ্বর তাঁর মণ্ডলীকে দিয়েছেন। আমি সেগুলোর পক্ষে, একশ শতাংশ। কিন্তু আমি বিশ্বাস করি...

311 আমি আজ চারিদিকে যে চমকদার আরগ্যসভা হচ্ছে তাঁর পক্ষে নই। আমি এখানে একটি মন্তব্য করতে চাই। কিছু সময় আগে একটি ভাই ছিল...আর এটি আমার মূল্যবান ভাই টমি হিক্স নয় কি, যাকে আমি খ্রীষ্টের একজন প্রকৃত দাস হিসেবে বিবেচনা করি। অন্য দেশে আরেকটি ব্যক্তি ছিল, আর এই দেশে একজন ছিল...তিনি সৎ ছিলেন, সব সময়, "ঈশ্বরের বড় চমকদার আরগ্যকারি! বড় চমকদার আরগ্যকারি," আপনারা জানেন, এরকম ভাবে।

312 আর লুথারান গির্জার এক ব্যক্তির কাছ থেকে...আমার কাছে চিঠি আসে। আর আমার সচিব এখানে জানেন যে এটি ফাইলটিতে আছে। আমি সেই ব্যক্তির নাম নেব না, কারণ এটা একজন খৃস্টানের মত ব্যাপার হবে না। যদিও, আমি ব্যক্তিটির ধারনার সাথে একমত নই, কিন্তু সেটা পুরোপুরি ঠিক আছে। আমি তাকে ভালবাসি। সে আমার ভাই।

313 কিন্তু এটি এমন একটি জায়গায় পৌঁছে গেছিলো যেখানে তারা কোন ধরণের উত্তেজনা বা পিটিয়ে উপরে তোলা অথবা ওধরনের অন্য কোনও কিছু করছিলো, দেখুন। আর, সেটা, সেটা কোন ভাল জিনিস নয়, দেখুন। ভাই... "শারীরিক ব্যায়ামও খুব সামান্য কিছু উৎপন্ন করে দেয়।"

314 আর তাই এই লুথারান সেবক এই সেবকটিকে একটি—একটি—একটি চিঠি লিখে পাঠিয়েছিলেন। আর তিনি বলেছেন, "আপনারা আমেরিকার সুসমাচার

প্রচারকরা যারা এখানে আসেন," বলেছেন, "আপনারা সকলে বড় বড় চমকদার আরগ্যসভা লোকেদের মধ্যে করেন!"

315 আর এখন এটি আমার কাছে একটি ফুলের তোরার মত শোনাচ্ছে, কিন্তু ঈশ্বর জানেন যে আমি এই ভাবে এটিকে অর্থ করতে চাই না। "কিন্তু," তিনি বলেছিলেন, "যখন—যখন ছোটো ডেবরা স্ট্যাডসক্লেভ মারা গেল, সেই ছোট শিশুটি, এবং সেই মা সেখানে দাঁড়িয়ে ছিল ইন্ডিয়ানাতে...ক্যালিফোর্নিয়াতে, যেখানে সেই শিশুটি মারা গিয়েছিল, এবং সেখানে ঠান্ডা ছিল। আর দেখেছিল... ভাই ব্রানহ্যামের বাহুতে সেই শিশুটিকে রেখেছিলেন, আর সেখানে দাঁড়িয়ে তিনি তার জন্য প্রার্থনা করেন। আর শিশুটি চিৎকার করা এবং পা চালানো শুরু করে দিয়েছিল; আর তাকে সেই মহিলার হাতে ফিরিয়ে দিয়েছিল।"

316 তিনি মেক্সিকোর ঘটনাটির সম্পর্কেও জানতেন। যা, আমরা এই সম্পূর্ণ সুসমাচার ব্যবসায়ী পুরুষদের আধারে বলতে পারি। ডাক্তারের কাছ থেকেও আপনার কাছে কিছু থাকতে হবে বলবার জন্য। যখন ঐ ছোট্ট মেক্সিকান শিশুটি সকাল নয়টায় মারা গিয়েছিল, তখন সেই রাতে এগারোটা বাজে। ডাক্তার তার বিবৃতিটি লিখে দিয়েছিলেন। ভাই এস্পিনোজা, যাকে অ্যাসেম্বলি অফ গডের মধ্যে অনেক ভাইয়েরা আছেন তাকে জানেন, তিনি সেই ডাক্তারের কাছ থেকে এই বিবৃতি পেয়েছিলেন, যে সে মারা গিয়েছে।

317 আর মেক্সিকো সিটিতে, যখন বিশ হাজার ক্যাথলিক মানুষ খ্রিস্টের কাছে আসে তখন আমি ভিড়ের মধ্যে একটা দর্শন দেখতে পাই। আমি বললাম, "আপনারা ওটা নেবেন না। আমি জানি না, সেই শিশু...আমি এখানে একটি দর্শন দেখেছি।"

318 আর বিলি সেখানে ছিল, ত্রিশ বা চল্লিশ সহকর্মীদের সঙ্গে চেষ্টা করছিলো, প্রার্থনা সারি থেকে সেই শিশুর সাথে সেই মহিলাটিকে দূরে রাখতে পারছিল না। সে তাদের পায়ের ফাক দিয়ে দৌড়ে ঢুকে যাচ্ছিল আর সবকিছু করছিলো। তাই অবশেষে, আমি জ্যাক মুরকে নিচে নিলাম। আমি বললাম, "যাও, এর জন্য প্রার্থনা করো।"

319 আমি দৃষ্টিপাত করলাম, আর আমি একটি সামান্য মেক্সিকান শিশুকে হাসতে দেখলাম। আমি বললাম, "এক মিনিট অপেক্ষা করো। তাকে এখানে নিয়ে এস।" দেখুন? আর যখন আমি সেই কম্বলের উপর আমার হাত রাখলাম...এটি শুধু বৃষ্টির নিচে ছিল, সারা দিন। আর তারা খুব সকাল থেকেই সেখানে দাঁড়িয়ে ছিল, আর এটা ছিল প্রায় রাত এগারোটা। আর শিশুর উপর আমার হাত রাখলাম। সে পা চালানো এবং চেল্লানো শুরু করে দিল। আর তারাও চিৎকার শুরু করে দিল।

320 তারপর, তারা তাকে নিচে নামিয়ে নিল এবং তাঁর বিবৃতি নিতে লাগলো। ডাক্তারের কাছে গেল, আর ডাক্তার বললো, "আমি এই শিশুকে মৃত ঘোষণা করেছি, এই সকালে ন'টার সময়। এটা নিউমোনিয়ার সাথে মারা গেছে।" দেখুন? এবং তাই তারপর ঐ জিনিসগুলি হল—হল—হল সত্য। তারা সাক্ষী। এরকমই হতে হবে।

321 আমাদের যে কোন বিষয়ের জন্য সর্বদা সৎ এবং সত্য থাকা উচিত। এটা কোনও অন্য কিছু বানাবেন না...এটা যেমন আছে এটাকে তেমনই থাকতে দিন। এটাকে...ঈশ্বরের কোনও সাহায্যের প্রয়োজন নেই। আপনারা দেখুন, তিনি—তিনি—তিনি ঈশ্বর।

322 তাই তিনি এখন এটি বলেন, "কিন্তু যখন এই মা মার্কিন যুক্তরাষ্ট্রে ভাই ব্রানহামকে ডাকলেন, ফোনে কান্নাকাটি করে, 'আসুন আর আমার ছোট শিশুকে জীবিত করে তুলুন!' আর মার্কিন যুক্তরাষ্ট্র সরকার..."

323 তার স্বামী আর্মিতে একজন পাদ্রি। আর আপনারা সবাই জুলিয়াসকে জানেন, আপনাদের অনেকেই জানেন; তিনি আমার বই লিখেছেন, *একজন ভাববাদী আফ্রিকা সফর করেন*।

324 আর সেই হতদরিদ্র ছোট নরওয়েজীয় মা, চিৎকার করে, তার উচ্চরবে, বলেছিল, "ভাই ব্রানহাম, আমি সেখানে দাঁড়িয়ে ছিলাম যখন সেই শিশুর জীবন ফিরে এসেছিলো!" বলেছিল, "আমরা বিশ্বাস করি যে আপনি খ্রীষ্টের...একজন সেবক।" বলেছিল, "আসুন, আমার বাচ্চার উপরে হাত রাখুন, আর সে বাঁচবে।" নিমোনিয়ায় এক বা দুই ঘন্টার মধ্যেই মৃত্যু হয় তাঁর; প্রায় চার বা পাঁচ ঘন্টা, অসুস্থ ছিল।

325 এই লোকেরা চারপাশে ছিল, তিব্রস্বরে চেল্লাচ্ছিল এবং চিৎকার করছিল, আর উপরে ও নীচে লাফাচ্ছিল, বলছিল, "ঈশ্বর একে উত্থাপন করতে চলেছেন! ঈশ্বর একে উত্থাপন করতে চলেছেন!" আর বলছিল...

326 এর দ্বারা, আমেরিকার এয়ার...অথবা আমেরিকার বিমান সংস্থা নয়। মার্কিন যুক্তরাষ্ট্র সেনাবাহিনীর একটি জেটের মধ্যে আমাকে উড়িয়ে নিয়ে যাচ্ছে, এবং ফিরিয়ে নিয়ে আসছে, এক দিনে। দেখুন?

327 আর আমি বললাম, "আমি আসার আগে, আমাকে প্রভুর ইচ্ছা জানতে দিন।" তাই আমি দুদিন, প্রার্থনা করলাম। আর সে ডাক্তার এত ভালো ছিলেন যে তিনি শিশুটিকে ওখানে রেখে দেবার অনুমতি দিলেন।

328 তারপর, এক সকালে, আমি উঠলাম এবং রান্নাঘরে হেঁটে গেলাম। আমি তাকিয়ে দেখলাম, সেখানে দাঁড়িয়ে, সেখানে সেই আলোটির মাপের একটি আলো ছিল, চারপাশে চক্কর দিয়ে বলল, "ওটাকে স্পর্শ করবে না। সেটাকে তিরস্কার করো না। এটা প্রভুর হাত।"

329 আমি তখনই ফিরে গেলাম এবং সেই দেশে ফোন করে বললাম, "আমি আসতে পারব না।"

330 আর এই লুথারান সেবক বললেন, "আপনারা ঈশ্বরের কাছ থেকে একটি পরিষ্কার সিদ্ধান্ত নেওয়া পর্যন্ত অপেক্ষা করেন না কেন, যেমন ভাই ব্রানহ্যাম করেছেন? এবং তারপর আপনি জানতে পারবেন যে আপনি কি বলছেন।"

331 এখন, এটাই হল সেই বিষয়, ভাইয়েরা, যদি আমরা তাড়াহুড়ো করে সিদ্ধান্তে না যাই; আর অপেক্ষা করি, আর একটি নিখুঁত, ঈশ্বরের কাছ থেকে পরিষ্কার সিদ্ধান্ত পেতে।

332 আর এখানে, পাপীরা যারা আরগ্যলাভ করে তারা ঈশ্বর সম্পর্কে কিছুই জানে না। আমি বিশ্বাস করি যে দৈব আরগ্যকরন একটি নীতির উপর ভিত্তি করে আছে, আপনার প্রথমে ঈশ্বরের কাছে আসা উচিত, এবং আপনার হৃদয় ঈশ্বরকে দিতে হবে, এবং যীশু খ্রীষ্টের রক্তে আপনার জীবন ধুতে হবে, এবং তারপর ঈশ্বর আপনার সাথে কাজ করবেন এবং আপনাকে সুস্থ করবেন। ঠিক এই ভাই যেমন বললেন, সেই মহিলাটির বিষয়ে যার জন্য তিনি সেখানে নিচে প্রার্থনা করেছিলেন, ঈশ্বরের একজন সন্ত, আপনারা দেখুন।

333 আমার জীবনে আমি অনেক ভুল করেছি। আমি অনেক কিছু করেছি যা ভুল। আমি সম্ভবত, যদি আমি অনেক দিন ধরে জীবিত থাকি, আমি আরও অনেক কিছু করব। সম্ভবত সেগুলোর মধ্যে কিছু আপনাদের পথে বিঘ্নের কারন হতে পারে। আমি আশা করি আপনারা আমাকে ক্ষমা করবেন।

334 আমি আব্রাহামের বিষয়ে পড়ছিলাম, কিভাবে যে সে তাঁর জীবনে কত হতাশার মধ্যে দিয়ে গিয়েছেন। কিভাবে তিনি, ওহ্ আমার ঈশ্বর, তিনি যা কিছু করেছিলেন; তিনি ঈশ্বরকে সন্দেহ করেছিলেন; এবং তিনি তার স্ত্রী সম্পর্কে মিথ্যা বলেছিলেন; আর সবকিছু। কিন্তু যখন তার ওপর আত্মিক টিপ্পনি করা হয়েছিল রোমীয় ৪ অধ্যায়ে, তখন তার ভুলের কথা কখনোই উল্লেখ করা হয়নি, কিন্তু তিনি বলেন, "অব্রাহাম অবিশ্বাসবশত কখনও সন্দেহ করেন নি"...ঈশ্বরের মাধ্যমে, "কিন্তু সে দৃঢ় ছিল।" তার সমস্ত ভুলগুলো ভুলে যাওয়া হয়েছিল, যখন তার জীবনের আত্মিক টিপ্পনি লিখিত হয়েছিল। এমনকি তাঁর হতাশাও উল্লেখ করা হয়নি। তার ভুল উল্লেখ করা হয়নি।

335 আর, ভাইয়েরা, আমি আশা করি যে, যখন আমার টিপ্পনি সেই দিনটি পড়া হবে, তখন তিনি আমার ভুলগুলোও মুছে ফেলবেন, আর তখন তাদের সম্পর্কে ভাবা হবে না। আমি আশা করি আপনারাও করবেন। ঈশ্বর আপনাদের মঙ্গল করুক।

336 [ডক্টর টমি হিক্স মন্তব্য করার জন্য মাইক্রোফোনের দিকে অগ্রসর হন—সম্পা।]

[আমি মনে করি যে আমরা এই কথাগুলি এই সকালে বলতে পারি যা কিছু কথা বলা হয়েছে সেগুলোকে একটি স্থানে সমবেত করে এই শব্দগুলির সাথে বলতে পারি: খ্রীষ্ট আমার মধ্যে মহিমার আশা। বলুন, দয়া করে। খ্রীষ্ট আমার মধ্যে মহিমার আশা।

[প্রত্যেক মানুষের জীবনে ভেতর-বাইরেরএবং ওপরের দিক আছে (আমি এই বিষয়ে কথা বলতে যাচ্ছি না।) আমার কাছে একটি বার্তা আছে। আমি বিশ্বাস করি যে প্রত্যেক খ্রীষ্টান... ?...যীশু...আমার হৃদয় এই সকালে উষ্ণ হয়ে উঠেছে, এবং আমি বিশ্বাস করি যে আমাদের অনেক কিছু যা আমাদের বিরক্ত করে... ?... আমাদেরকে ঈশ্বরের জন্য আরও ভালো পুরুষ ও নারী বানিয়ে দেয়।]

[বেব রুথ পরিচিত ছিলেন এক গৃহদৌড় রাজা বা হোমরান কিং হিসেবে (একরকমের খেলা)। কিন্তু আপনারা কি জানেন যে সেই বেব রুথ লড়াকু রাজাও ছিলেন ? তিনি যতবার গৃহদৌড় বা হোম রান করেছেন তাঁর তুলনায় বেশিবার তিনি আউট হয়েছেন। তিনি ১, ৩৩০ বার আউট হয়েছেন; তিনি মাত্র ৮৬০ গৃহদৌড় বা হোমরান করেছেন। কিন্তু প্রত্যেকবার বেব রুথ আউট হয়েছেন, তিনি ডাগআউটে ফিরে গেছেন যখন বৃদ্ধ আম্পায়ার চিল্লিয়ে উঠেছেন, "আপনি আউট," তিনি তাঁর হাত ঘষতেন এবং ব্যাটটি তুলে নিতেন এবং বেড়ার দিকে নির্দেশ করতেন এবং তিনি সর্বদা বলতেন, "আমি সেখানে বল নিক্ষেপকারীর জন্য দুঃখিত অনুভব করি।"]

[আউট হয়ে যাওয়ার মধ্যে কিছুই ভুল নেই, কিন্তু মনে রাখবেন: ব্যাট তুলে নিতে হবে... ?...কারণ খ্রীস্ট আমার মধ্যে মহিমার আশা। আবার এটি বলুনঃ খ্রীস্ট আমার মধ্যে মহিমার আশা। এটাই সবকিছু।]

হ্যাঁ।

[এটা সবকিছু।]

এটা ঠিক।

[এটা সবকিছু।]

সবকিছু। আমেন।

[হাল্লিলূয়া। তর্কবিতর্ক এবং লড়াই দ্বারা কখনও কাজ সম্পন্ন হবে না। আমরা অন্তের খুব কাছাকাছি আছি...]

আমেন

[...অন্য পাশে। আমরা এমন স্থানে পৌঁছে গিয়েছি যেখান থেকে ফেরার কোন রাস্তা নেই। কত বার আমি উড়োজাহাজের অধিনায়কে বলতে শুনেছি: "আমরা এখন এমন স্থানে পৌঁছে গিয়েছি যেখান থেকে ফেরার কোন রাস্তা নেই।"]

[বেশী দিন হয় নি আমি অন্য জগত থেকে একটি আওয়াজকে শুনেছি যা আমার সঙ্গে কথা বলেছেন এবং বলেছেন, "পুত্র, তুমি এমন স্থানে পৌঁছে গিয়েছো যেখান থেকে ফেরার কোন রাস্তা নেই।" এর অর্থ হল আমি যেখান থেকে শুরু শুরু করেছিলাম, তাঁর তুলনায় আমি অন্য প্রান্তের খুব কাছাকাছি চলে এসেছি।]

[দয়া করে, আপনাদের চোখ বন্ধ করুন; আপনাদের মাথা নত করুন।]

[আমাদের স্বর্গীয় পিতা, আজ সকালে, আমরা কতই না ধন্যবাদপূর্ণ এবং কতই না কৃতজ্ঞ যে আমরা আমাদের হৃদয়ের গভীরতা এবং আমাদের প্রানের গভীরতা থেকে বলতে পারি, "খ্রীষ্ট আমার মধ্যে—খ্রীষ্ট আমার মধ্যে, মহিমার আশা।" ওহ, যীশু, প্রতিটি নর এবং নারীর চারপাশে আপনার প্রেমময় হাতকে রাখুন, এবং যেন আমাদের দৃষ্টি এবং আমাদের দর্শন উচ্চ—উচ্চ, উচ্চতর, এই জগতের বিষয়গুলোর থেকেও বেশী উচ্চতর হয়ে উঠতে পারে, যাতে আমরা খ্রীষ্টকে দেখতে পারি, এবং অন্যরাও আমাদের মধ্যে খ্রীষ্টকে দেখতে পারে। আপনার এই প্রতিটি সেবকদের ওপর আপনার হাত রাখুন...]

এটা গ্রাহ্য করুন, প্রভু।

[...যেন হতে পারে, এই সকালে যখন আমরা এই স্থান থেকে প্রস্থান করি আমরা নিশ্চিত করবো যে আমরা কেবল যীশুকে ছাড়া আর কিছুই দেখবো না...]

আমেন।

[...কে আমাদের একে ওপরের মধ্যে স্বাগত জানাই। আমরা জানি যে কাজটি হল—অনেক বড় কাজ এখনও করতে হবে, যীশু; এত বড় পরিমান শস্য ছেদন এখনও করতে হবে।]

হ্যাঁ, প্রভু।

[ওহ, আমাদের সাহায্য করুন, প্রভু...]

হ্যাঁ, প্রভু।

[...যেন আমরা একসাথে হাত মিলিয়ে কাজ করি...]

গ্রাহ্য করুন, প্রভু।

[...আর শস্যের চারদিকে ঝাড় দিয়ে পরিষ্কার করে দিন...]

হ্যাঁ, প্রভু।

[...যেন হারিয়ে যাওয়া এবং মৃতপ্রায় ব্যক্তিদের জিতে আনবার জন্য এর পূর্বে যে খুব দেরি হয়ে যায়।]

হ্যাঁ, প্রভু।

[আমি চাইব যেন আপনারা আপনাদের হাত ওপরে তুলুন এবং প্রভু যীশু খ্রীষ্টের নামের স্তুতি করুন।]

[ভাই ব্রানহাম এবং লোকেরা প্রভুর স্তুতি করলেন।]

[অনুগ্রহ করে, আমরা কি দাড়াতে পারি। আমি চাই আপনারা আপনাদের হাত ওঠান এবং আমার সাথে এই গানটি করুন, "আমি তাকে প্রেম করি।" আপনারা কি তাকে প্রেম করেন...]

আমেন।

[...এই সকালে? আপনারা কি তাকে সম্পূর্ণ হৃদয় দিয়ে প্রেম করেন? আপনাদের হাত ওঠান এবং এটি গান, সবাই একসাথে, "আমি তাকে প্রেম করি।"]

[আমি তাকে প্রেম করি, আমি তাকে প্রেম করি,]
[কারন তিনি আমায় অগ্রে প্রেম করেছেন,]
[আর আমার উদ্ধারকে ক্রয় করেছেন]
[কালভেরির সেই বৃক্ষে।]

[আপনারা কি দয়া করে এটি গাইবেন...]

[আমার সহকারী সেবকগন, আপনারা জানেন, আর্জেন্টিনাতে আমাদের একটি সেবাতে প্রায় ৪০০০০০ এরও বেশী লোক উপস্থিত ছিল; সময়ের পর সময় ধরে আমরা সেই লোকদেরকে দেখেছি। আর আই স্মন করতে পারি সেই প্রথম দিনের বিকেলবেলায়, ৪০০০০০ এরও বেশী লোকেরা সেই গানটি স্প্যানিশ ভাষায় গেয়েছিল, আর আমি তাদেরকে এটি গেতে শুনেছি, আর সেখানে বাইরে ৩০০০০০ এরও বেশী লোক ছিল। আমি ভেতরের লোকদেরকে নিরব থাকতে বলেছিলাম যখন বাইরের লোকেরা সেই গানের শব্দগুলি গাইছিল। আর হঠাতই, তারা যখন এটি গাইছিল, আমার প্রানে কিছু একটা বন্যার মত ধেয়ে আসছিল। আমি এর আগে আমার জীবনে কখনই আমার মধ্যে খ্রীষ্টের সেই প্রকাশকে জানতে পারিনি যতক্ষণ না আমি বাইরের ৩০০০০০ লোকের গাওয়া "আমি তাকে প্রেম করি" গানটির প্রতিধ্বনি শুনেছিলাম... ?...হল এই সকালবেলায় মহিমার রাজার এক মহান গৌরবময় সেনা, আর তারা গাইছে। তারা কাকে প্রেম করে? আপনারা কাকে প্রেম করেন?]

হ্যাঁ।

[খ্রীষ্ট, খ্রীষ্ট আমার মধ্যে।]

হ্যাঁ।

[মহিমার আশা। আপনাদের চোখ বন্ধ করুন, আপনাদের হাত তুলুন, এবং এটি আবার গান, প্রত্যেকে।]

হ্যাঁ প্রভু।

[আমি তাকে প্রেম করি, আমি তাকে প্রেম করি,]
[কারন তিনি আমায় অগ্রে প্রেম করেছেন,]
[আর আমার উদ্ধারকে ক্রয় করেছেন]
[কালভেরির সেই বৃক্ষে।]

[এই সকালে যদি আপনারা তাকে ভালোবাসেন, তাহলে তিন অথবা চারজন আলাদা আলাদা ব্যক্তির চারপাশে আপনাদের হাত রাখুন; এবং মহিলাগন আপনারাও ওভাবে করুন; আর বলুন, "আমি প্রভু যীশু খ্রীষ্টকে প্রেম করি।" ওটা ঠিক; আপনাদের হাত চারপাশে রাখুন...—সম্পা.]

337 যদি এরকম ঘটতে আমি সমস্ত পৃথিবীজুড়ে দেখতে পেতাম, আমি বলতাম, "প্রভু, আপনার দাসকে শান্তিতে বিদায় করুন!"

ঈশ্বতত্ত্বের বর্ণনা BEN61-0425B

(The Godhead Explained)

এই বার্তাটি মূলরূপে ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহাম দ্বারা ইংরাজিতে মঙ্গলবার সকালে, ২৫শে এপ্রিল, ১৯৬১ সালে হলিডে ইন, শিকাগো, ইলিনয়েস, ইউ.এস.এ.তে প্রচারিত হয়েছিল যা চুম্বকীয় টেপ রেকর্ডিং থেকে নেওয়া হয়েছে আর পূর্ণাঙ্গরূপে ইংরাজিতে ছাপা হয়েছে। এই বাংলা অনুবাদটি VOICE OF GOD RECORDINGS এর দ্বারা ছাপা হয়েছে এবং বিতরন করা হয়েছে।

BENGALI

©2018 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

সত্বাধিকার বিজ্ঞপ্তি

সমস্ত অধিকার সংরক্ষিত। যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস
পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org